

মনোজ বস্থ



তুই টাকা আট আনা

তৃতীয় সংশ্বরণ—কৈছে, ১৩৫৫ চতুর্থ সংশ্বরণ—কাষাঢ়, ১৩৫৯ প্রকাশক –শচীন্দ্রনাথ মুগোপাব্যায় বেকল পাবলিশাদ ১৪, বন্ধিম চাট্জে দ্বীট কলিকাতা—১২ মুল্লাকর —জিতেন্দ্রনাথ বহু দি প্রিণ্ট ইণ্ডিয়া ৩০১, মোহনবাগান লেন, কলিকাতা—৪ বাঁধাই—বেকল বাইগ্রাদ

ন্ত্রীৰুত খগেন্দ্রনাথ মিত্র ন্ত্রীচরণেযু—

কাহিনী-সূচি

একদা নিশীথ কালে পতি পরম গুরু সর্পাচনক চক্ষ চিকিৎসা

সৰ্পাথাত চকু চিকৎসা অভিবাৰক থাজাঞ্চি স্থায় ও ভাইবি

बोकाविकाज वांगीलक्ष, वरस्त्र (मण

মধুবেণ সমাপয়েৎ

AMIN OF



দেয়ালবড়িকৈ সাড়ে ন-টা। এখনও অন্তত আড়াই ঘটা। ঘটা-আড়াই পরে বাবার **ঘরের** আলো নিববে, নীলান্তির হাতের পেনা**ল-কোড**

বইটাও সঙ্গে সঙ্গে উঠবে তাকের উপর। তারপর আধারে আধারে বাবার বন্ধ দরজার সামনে দিয়ে পা টিপে টিপে...। কিছ থাক এখন সে-সব; সে তো বারোটার আগে কোনক্রমে নয়— পৃথিবী লয় হয়ে গেলেও নয়। বোয়াকের উপদ্ধ জোৎস্না এসে পড়েছে, কুয়াশামগ্র দ্লান জ্যোৎস্না।
নীলালি বেরিয়ে এসে রাস্তার মোড অবধি বার-ছুই পায়চারি করল।
লোক-চলাচল নেই। আর আশ্চর্য,—এ কি অভাবিত -কাণ্ড—বাবাব
উপরের ঘরে আলো তো জলছে না! ব্যাপারটা কি তা হলে? রাজিব
শুক্কতা ভেদ করে অশোক-কাকাদের বাড়ির গান ও খোলেব আওয়াজ
আসছে। সংকীর্তন এখনও উত্তাল বেগে চলেছে। মা গেছেন,
ইদানীং প্রায় রোজই গিয়ে গভার রাজি পর্যন্ত নামায়ত পান করে
করে আসেন। কিন্তু বাড়ির মধ্যে বয়স হার সবচেয়ে বেশি, ভগবংপদে অচলা মতি থাকা একান্তভাবে হাব আবশ্রুক, তিনি কিছুতে
এক-পা নডবেন না, গান শুনলে তার মাথা ধবে—তা সে যে-গানই
হোক। বরদা তাই ঘবে বসে এই সময়টা মক্তেলেব কাগজ-পত্র
দেখেন। কিন্তু আজ এ হল কি ? অশোক-কাকা সন্ধ্যাব সময়
একবার এসেছিলেন, তিনিই টেনে-হিচড়ে নিয়ে এই অঘটন ঘটালেন
নাকি? বলা হায় না, সংসাবে তো কত আশ্চয় ব্যাপারই নিয়ত
ঘটিছে।

অতএব নীলাজি নিংশবে সি'ডি বেয়ে উপবে উঠল। তাই-ই বটে! বাবাব ঘব অন্ধকার, দবজা তেজানো। আচ্ছা, হঠাং যদি দরজা খুলে যায়—এবং ভ-ফুট স্থদীর্ঘ সেই দেহ-ছায়া চোথেব সামনে উদয় হয়—

नील!

আঙ্কে, বই আনতে যাচ্ছি।

তা বুঝেছি। বইয়ের পাথনা বেরিয়েছে—য়থন-তথন উপবে উত্তে আবে। বলি, এগজামিনের তারিখটা মনে আছে তো? গেল- এগজামিনে নিজের পাথা বেরিয়েছিল, হস্টেল খুঁজে শ্রীমানের পাস্তা মেলে না। হস্টেল ছাড়িয়ে বাডি নিয়ে এলাম তো এবার বই উডতে আবস্ত করেছে।

বাদাম-গাছের ফাঁক দিয়ে দরদালানে টুকরো-টুকরো অনেক জ্যোৎস্মা পড়েছে। এই জ্যোৎস্মা-রাত্রি লোকে পেনাল-কোড মৃথস্থ করে কাটায়! গভীর নিখাস ফেলে নীলাজি শোবার ঘরে চুকল। দেখানে আরও মহা মারাত্মক ব্যাপার ···দেখ, দেখ, এই জ্যোৎস্মা-রাত্রি কোন কোন লোক নি:সাড়ে ঘুমিয়ে ঘুমিয়েও কাটায়!

উমা বুম্চেছ। নীলাজির পড়া শেষ না-ছওয়া অবধি শাশুড়ি এই ঘরে বউ আগলে থাকেন, আজ তিনি নেই, কেউ নেই—চারিদিকে চ্পচাপ,—পাতলা সবুজ লেপ মৃড়ি দিয়ে চোধের তু-জোড়া পাপড়ি মৃদিত কবে উমারাণী বুম্চে। ঘুমেব ভান নয়—সত্যকার ঘুম! শিয়রের গানিকটা দ্বে একটা অফুজ্জল দীপ। নীলাজি ফিসফিস করে ভাকল, উমা—উমারাণী!

ঘুম পেলে উমা আর এক মান্ত্র। সে পাশ ফিবে পাশ-বালিশটা টোনে আরও আঁটিসাটি হয়ে শুল। হাতেব সোনাব চুড়ি ঝিনমিন করে বৈজে উঠল। নীলাদ্রি এক টানে লেপ সবিয়ে মুখের কাপড টেনে ফেলতেই—

(क ? (क ? (क (त ?

এবং ঠিক সঙ্গে সঙ্গে পাশের সেই অন্ধকার ঘর থেকে এল, কি হয়েছে বউমা ?

সর্বনাশ, স্বয়ং বরদাকান্ত। বরদা ব্যক্ত হয়ে চেঁচাতে লাগলেন,

আমি আসছি। কোন ভয় নেই বউমা, আমি আসছি। তেওার, আমার খড়ম গেল কোণায়?

উমা উঠে বসল। ঘুম উড়ে গেছে। পাংশুম্থে নীলান্তি পালাবার পথ থোঁজে। পথ একটি মাত্র, দালানের ভিতর দিয়ে। সেই পথেই ধট-থট করে থড়ম ক্রতবেগে আসছে। নীলান্তি ব্যাকুল হয়ে



—শিগগির বল, যে একটা বেডাল

বলল, উমা, বল যে স্বপ্ন দেখছিলে কছু নয়। ঐ এসে পড়লেন যে! শিগগিব বল যে একটা বেডাল—এখানে ওঁর আসতে হবে না—

উমা বলতে গেল, কিন্তু গলা কাঠ হয়ে গেছে, শব্দ বেরোয় না। চৌকাঠের কাছাকাছি খডমের আওয়াজ প্রত্যাসয়। বিছানার ওধারে পড়ে আছে পাশ-বালিশ—এক মৃহুর্ত মাত্র—নীলান্ত্রি চক্ষের পলকে সেই বালিশের পাশে গুটিস্থটি হয়ে পড়ল, গায়ের উপর আগাগোড়া লেপ চাপিয়ে দিল।

বরদা ঘরে ঢুকে উদ্বিগ্নভাবে জিজ্ঞাসা করলেন, কি হয়েছে ?

উমা ততক্ষণে সামলে নিয়েছে। আর, শগুরের সামনে তার একটুও ভয় করে না। বলল, স্বপ্নে দেখলাম, চোর এসেছেত

ववना वारम रकरि भएरनन।

সব দোষ তোমার শাশুড়ির। এখনও তিনি কীর্তন শুনছেন, পুণার বস্তা বয়ে আনবেন। ঘরে এক ফোঁটা বউ, একলাটি দেরজা থোলা—চোর তো আসবেই—

মৃত্র হেসে উমা বলল, সত্যি সত্যি আসে নি বাবা। স্বপ্ন দেখলাম। তারপর ক্রেগে উঠে দেখি, চোর নয়—বেড়াল।

কিন্তু বরদার রাগ পড়ে না। বললেন, আসে নি, আসতে পাবত। গিল্লির আকেলটা কি, বল দেখি।

উমা বলল, এবারে দরজা দিয়ে শোব। মা ফিরে এলে তথন থুলে দেব। আমার ভয় করবে না—আপনি ধান বাবা। ঘুম্চ্ছিলেন —মিছিমিছি জাগিয়ে দিলাম।

কিছু না, কিছু না। রাতে কি ঘুম হয়?

দেয়ালের ধারে একটা জলচৌকি ছিল; সেটা টেনে নিয়ে বরদা বেশ এঁটেসেটে বসলেন।

বলতে লাগলেন, ঘুম না হাতী। শরীরটা থারাপ লাগছিল, তাই আলো নিবিয়ে একটু চোথ বুঁজেছি—সাক্ষির জবানবন্দিগুলো অমনি কিলবিল করে যেন মাথার মধ্যে হাঁটতে শুরু করল। আজকের শেষ-

কাছারিতে যে মামলাটা হল, দে এক যা**ক্ষে**-তাই ব্যাপার। বোসো —চুরুট নিয়ে আসি, তারপর বদে **গর** করব ৮[‡]

ববদা বেরিয়ে যেতে নীলান্তি এক টানে লেপ ছুঁড়ে ফেলে উঠে বসল। ক্রুদ্ধকণ্ঠে বলল, ভোমার দোষ।

বিশ্বরে চোথ বড করে উমা বলল, আমার ? এক-শ বার। তুমি টেচিয়ে উঠলে কেন?

উম বলল, বারে! আমি কি জানি, যে তুমি? আমি তো ঘুমিয়ে ছিলাম।

অধীর কঠে নীলাদ্রি বলল, কেন ঘ্যোও? সে-ই কো দোষ।
আর নিজে চোরের মকো এসে মুখের কাপড টানবেন, সে কিছু
দোষ হয় না!

দোষই বটে, উমারাণী! নীলাদ্রিব স্থর ভাবি হযে উঠল, তোমার সুমের ব্যাঘাত করেছি, এই তাব শান্তি ২চ্ছে।

রাগে রাগে সে ঘর খেকে বেরুল। আবাব তথনই ফিবে আসতে হল। উপায় নেই, পালাবার পথ নেই। এবাবে বরুদার ঘবেব দর্জা খোলা, আলো জ্বলছে, সামনেব দিকে মুথ কবে তিনি মোজ। প্রছেন। এমন সময় মাছি উডে গেলেও তাঁর নজর এডায় না।

নিশাস ফেলে করুণ কণ্ডে নীলান্তি বলতে লাগল, তোমার কোন ক্ষতি হত নাউমা। আমি একটা বার শুধু চোগের দেখা দেখে চলে ধেতাম। বাবাকে ডেকে এ ফুর্ভোগ কেন ঘটালে?

কিন্তু উমারাণীর অফুতাপ নেই। বরঞ্চ মনে হয়, অবস্থাটা সে উপভোগ করছে, ধেন সে টিপিটিপি হাসছে। ঘাড নেডে অপরূপ ভঙ্গিমা কবে বলল, ঘূমুই, আব মবে থাকি—চোথের দেখা দেখতে কিসে আটকায়, শুনি ? স্কুর্ভোগ তো ভারি! নিজে লেপের তলে দিব্যি
আরাম করে আছেন, আর্মি শুদিকে শীতে হি-হি করে মরি—

নীলান্তি বলল এ বাডিতে আর লেপ নেই কিনা—লেপ মুডি দিতে তাই এ ঘরে এসেছি!

অধিক বলবার অবকাশ হল না, ঝনাৎ করে ওদিকে শিকল পড়ল। অর্থাৎ ভাল রকম প্রস্তুত হয়ে দরজা দিয়ে বরদা গরা করতে আসচেন।

কাতর অফুনয়ের দৃষ্টিতে নীলান্তি বলল, সংক্ষেপে সেরো, দোহাই তোমার। নইলে লেপ চাপা পড়ে দম আটকে ওর নিচে ঠিকমরে থাকব

বরদা এনে কৈফিয়তের ভাবে বললেন, চুরুট পেলাম, কিন্তু দেশলাই খুঁজে পাচ্ছিলাম না। তারপর শীত-শীত করতে লাগল, তাই জামা-টামা এটে এলাম। একটু দেরি হয়ে গেছে, ভয় করছিল নাতে।?

উমা তাচ্চিলোর ভাবে বলল, না:—ভয় কিদেব ? আপনি ওয়ে পড়ন গে বাবা, আমার ভয় করবে না।

ববদা কথা কানে তুললেন না, নিশ্চিস্তে চৌকির উপর বসলেন। উমা প্র**টিস্থিটি** হয়ে থাটে বসেছে। বরদা বললেন, হাা মা, লেপটা গায়ে তুলে বোসো। পাশ-বালিশের উপর চাপিয়ে রেখেছ কেন?

देगा वनन, वष्ड गत्र।

বল কি? একগাদা গায়ে চাপিয়েও আমার শীত যাচ্ছে না— আব তোমার গরম? তারপর তাকিয়ে তাকিয়ে লক্ষ্য করে বললেন উহু, ঐ যে কাঁপছ। শীত লাগছে, ব্যুতে পারছ না।

বরদা উঠবার উপক্রম করলেন। কিন্তু তার আগেই তড়িছেগে

উমা এসে তাঁর কাছে মেঝের উপর বসে পড়ল। যে ব্যন্তবাগীশ মাস্ত্য,
—কিছু বিশ্বাস নেই—হয়তো নিজেই লেপ তুলতে যাবেন। উমা বলল,
শীত নয় বাবা, ভয়-ভয় করছে—তারই কাঁপুনি। চোথ বৃজ্বলেই
দেখছি, সেই বেড়াল—বাঘের মতো বড় বড় চোখ। আমি আর শোব
না, আপনার সঙ্গে বসে বসে গ্র করব। আছা, আজকে কাছারিতে
কি মামলা করে এলেন, সে কথা তো বললেন না কিছু!

এ কৌশল, কেবল উমা নয়, বাড়ির ছোট ছেলেটা অবধি জানে।
মামলার গল্প বরদাকাস্তকে একবার ধরিয়ে দিতে পারলে আর রক্ষা
নেই। বরদা আরম্ভ করলেন, দে কি বলবার মতো কিছু? বাজে
একটা চুরির কেদ—আমি একরকম উপযাচক হয়ে বিনি-পরসায
আসামির তরকে দাঁড়ালাম। হঠাৎ তিনি উত্তেজিত হয়ে উঠলেন,
আইনে যা-ই থাক—আমি বলব, এ কিছুতে অন্তায় নয়। রসগোলাব
হাঁড়ি ছিল কাচের আলমারিতে; দোকানে কেউ ছিল না—লোকটা
তিন দিন খেতে পায় নি, কাচ ভেঙে একটা মিষ্টি গালে দিতে যাচ্ছে,
অমনি তাকে ধরে পুলিশে চালান দিল।


উমা বলল, যা-ই হোক, চুরি তো বটে !

বরদা বলতে লাগলেন, হোক চুরি। পেটে আগুন জলচে. সামনে থাবার সাজানো। বলি, মুনি-ঋষি তো কেউ নয়! আমি তাই হাকিমকে বলগাম, আমি হলে—

উমা প্রশ্ন করল, আপনি হলে কি করতেন বাবা ?

বরদা বললেন, আমি হলে পুলিশ না ডেকে রসগোল্লার হাঁড়ি তার হাতে তুলে দিতাম। আহা বেচারা, যত খুশি থেয়ে নিক। দোকানদার বেটাদের দয়ামায়া নেই। উমা মৃত্র হেসে বলল, আপনার মতো হত যদি সবাই।

লেপের নিচে অনস্তশয়া থেকে নীলান্তিব ইচ্ছা করতে লাগন, বেবিয়ে এসে উমার মুথ চেপে ধবে এবং বাবার মুখের উপর দাঁডিয়ে প্রতিবাদ কবে, আজ্ঞে না, আপনিও কম নন। আপনি হলে চোবকে জগদ্দল-পাথব চাপা দিয়ে দিতেন।



—পিছনে চাকরের হ'তে হেরিকেন

গল্পে বাবা পড়ে গেল। সৌদামিনী এলেন। পিছনে চাকবেব হাতে হেবিকেন।

ববদা হেসে বললেন, ও গিন্নি, পুণািব বোঝা বয়ে আনতে পাবলে ? না—হাবানচন্দাের আছে ব্ঝি সঙ্গে! গান শেষ হয়েছে ? সাােদামিনী বললেন, কেন, আমাার জন্মে কি কাজ আটকে আছে

कुनि १

কি কাজ? উমাকে দেখিয়ে ববদা বলতে লাগলেন, এই ষে বউমা, পরের বাডিব এক ফোঁটা মেয়ে, একা-একা পড়ে আছে—কে পাহাবা দেয়?

সৌদামিনী হাসিমূথে একবার উমাব দিকে চাইলেন। বরদার কাছে এসে নিচু গলায় বললেন, তোমাব ব্যবস্থা ভাল। বউ রয়েছে, ছেলে রয়েছে, পাহাবা দেবে পাভার লোকে।

ববদা জ ভিন্ধি করে বললেন, ছেলের বয়ে গেছে। তাব বলে এগজামিন কত পড়ান্ডনো। সে আমার ছেলে—অকর্মা আড়্ডাবাজ তোনয়!

সৌদামিনী হেসে ফেললেন।

ছেলে না পারে, বাপ তো পাহারা দিছে। সে-ই বেশ।
তুমি এখন যাও দিকি। নীলুর উপবে আসবাব এখনও দেবি
আছে, ততক্ষণ আমবা একটু ঘূমিয়ে নিই।

ববদা চলে গেলে বিছানার দিকে সৌদামিনীব নঞ্জব পডল। আশ্চর্য হয়ে বললেন, এ কি বউমা, এ ঠিক হাবানেব কাও। দিগ্গজ এক বালিশ এনে খাট জুডে রেখেছে—শুবি কোথার?

উমা ভাডাতাডি বলন, গুয়েই তো ছিলাম। পাশ-বালিশে শোওয়া আমার অভ্যাস। কিচ্ছু অস্থবিধে হবে না—

(मोनिमिनी अनलन ना।

না, হবে না বই কি ৷ আব একটা ছোট পাশ-বালিশ দেব এখন দাঁড়া, এটা আলমাবিব মাথায় তুলে দিই—

বলতে বলতে দেখা গেল পাশ-বালিশ স্বয়ংই উঠে পাডিয়েছে। সোদামিনী অবাক হয়ে বললেন, নীলু! নীলাজির চোধে জ্বল আসবার মতো! কিন্তু দে-জল একমুহতে বাপ হরে উড়ে গেল, দে বজাছতের মতো দাঁড়াল। হায় রে, বিপদের কি শেষ নেই! বরদা চুকটের কোটা কেলে গিয়েছিলেন, সেটা নিডে মন্তুর পায়ে আবার এসে চুকলেন। ছেলেকে দেখে দৃষ্টি কুঞ্জিত হয়ে এল। বললেন, এরই মধ্যে পড়াশুনোয় ইন্তুকা দিয়ে এলে? ক'টা বেজেছে?

मौनाज्ञि क्षिण कर्छ रमग, वादांछ।—

কক্ষণো নয়। এগারোটা সাত—ভার সিকি মিনিট বেশি নয়। পডতে গেলেই ঘডি তোমার ঘোডার মতো ছুটতে থাকে। যাও— নিচে যাও।

সৌদামিনী বাধা দিয়ে উঠলেন, না, নিচে নয়। নিচে বড়চ মশা,
শেষে ম্যান্সেরিয়াষ ধরুক। পড়তে হয়, এখানে বসেই পড়ুক।

বরদা বললেন, কোথার মশা? ছেলেকে ননীর পুতৃল কবতে চাও
বে! স্বামবা কাষ্ণকর্ম করে থাকি,—মশা-টশা তো দেখি নে—

মায়ের দিকে ক্লভজ্ঞ চোখে এক পলক তাকিয়ে নীলাদ্রি বলল, বাভেই উপদ্রবটা বেশি হয় কি না!

বরদা বললেন, তাছলে আমাব ঘরে বসে পডগে। বারোটা বাজতে এখনও বাহার-তিপ্পান্ন মিনিট। চিটিং-এর চ্যাপ্টার আজ শেষ করতেই হবে। কোনখানে আটকে গেলে আমি ব্ঝিনে দিতে পারব। তোমার স্থৃবিধেই হবে—কি বলো?

বরদা সপ্রশ্ন দৃষ্টিতে ছেলের দিকে তাকালেন। নীলাদ্রি মাথা নেডে কাতর কঠে সাম্ন নিল, আজে ইন।

সৌদামিনী কথে উঠলেন, আমার হবে না। ও আলো জেলে বদে বদে সমস্ত রাত পডবে, আলো থাকলে আমার ঘুম হয় না। বরদা বললেন, তুমি এখানে ঘুমাও। পড়া হয়ে গেলে ভার পর বেও। রোজই হচ্ছে, আজে নতুন মামূষ হয়ে গেলে নাকি?

সৌদামিনী জ্বেদ ধরে বসলেন, রোজ হচ্ছে বলেই আজ হবে না।
শরীর আমার ভেঙে পড়ছে। আবার যে এক ঘুমের পর ছুটোছুটি করব,
সে পেরে উঠব না। ভাতে ভোমার ছেলের পড়া হোক আর না-ই হোক—

মুশকিল! কি করা যায় ? বরদা চিস্তিত ভাবে ঘাড় নাড়তে লাগলেন। তা হলে বউমাকেও নিয়ে চল। নীলে এথানে পড়ুক। বারোটা বাজনে তারপর উনি আসবেন।

সোদামিনীর তাতেও আপত্তি। না, বউমা যাবে না। তোমার সঙ্গে আজ অনেক কথা রয়েছে, বউমা গেলে হবে না।

অতঃপর বরদার আর ধৈর্য থাকল না। রাগ করে বললেন, হবে না তো কি হবে? পরের মেয়েকে সত্যি স্তিয় তো একটা ঘরে একলা ফেলে রাথা যায় না।

(मोमाभिनी अञ्चाव कव्रत्नन, नीम्दक वन, दन यिन—

সে কি করে হবে? ওর এগজামিন। বলতে বলতে সৌলামিনীর পরে একটু করুণাও হল। অবোধ মেয়েলোক—বোঝে না, এগজামিন কি এবং পেনাল-কোড কি বস্তু! ঘণ্ড নেডে ববদা বললেন, দে আমি কিছুতে পারব না। এগজামিন সামনে, ওকে আমি বলব কোন হিসাবে? একটা কাওজ্ঞান আছে তো!

অমুচ্চ তরল কঠে সৌদামিনী বললেন, আছে নাকি? ধাক, ছুর্ভাবনা ঘূচল। তিনিই তথন ছেলেকে ডেকে বললেন, নীলু বাবা, তুই আছকের রাতটা এথানে বসে পড়। বউমা একটা কথাও বলবেন না, থাটে ঘূমিয়ে গাকবেন। অস্ত্বিধে হবে?

ছেলে থ্ব মাতৃভক্ত বলতে হবে। ঘাড় নেড়ে সে তথনই রান্ধি। বরদা সন্দিগ্ধভাবে জিজ্ঞাসা করলেন, বুঝেস্থজে ঠিক করে বলছ?

নীলান্তি বলল, আজে, কোন অস্থ্রিধা হবে না।

হবে না, কি করে বল ? এখন নেই, পরেও তে৷ হতে পারে!
ভূমি কি দৈবজ্ঞ হয়ে বদেছ?

বরদার ধারণা, নিতান্ত চক্ষ্লজ্জায় ছেলে মাঘের কথা ঠেলতে পারছে না।

ষেতে যতে আবার মূথ ফিরিয়ে উপদেশ দিলেন, টেচিয়ে পড়লে গুব মন:সংযোগ হয়। আমি ও-ঘর থেকে শুনব। চিটিং আজ রপ্ত করে ফেলতেই হবে। কাল আমি জিজ্ঞাদা করব।

ওঁরা চলে যেতেই নীলাদ্রি দরজায় খিল এটে বাঁচল। উম। ইতিমধ্যেই গুয়ে পড়ে আবার চোথ বুজেছে।

উমারাণী!

E -

নীলাজি বিছানার ধারে এসে অফনয় আরম্ভ করল, লক্ষীটি, চোপ মেল। দেখ, কি চনৎকার রাত! একটি বার চোথ মেলে তাকিয়ে দেখ— উমাও বলল, চমৎকার!

कि?

আজকের রাত।

তোমার মূথ তো এদিকে। এদিকের দরজা-জানলা বন্ধ। উমা চোথ মেলে স্বামীর একাগ্র মূথের দিকে তাকিরে খিলখিল করে হেদে বলল, রাত্তির বেলা বন্ধ ঘরই তো খাসা। धूर्यावात मखा रब-ना ?

উমাবলল, আচ্ছা, ঘুমের পরে ভোমার অত রাগ কেন বলো ভো? নিজের ঘুমোবার জো নেই—বই মৃথত্ব করতে হয়—অক্টের ঘুম ভাই দেখতে পার না।

নীলাত্রি গন্ধীর হয়ে বলল, এমন রাজে ঘুমানো অপরাধ।
চপলক্তপ্তি উমা বলল, ভোমার পেনাল-কোডে এ-সব লেখা রুখেছে
বৃঝি!

হাা, এবং ঘুমলে কি শান্তি, তা-ও রবেছে। শুনবে ?

উমা তাড়াতাড়ি বলে উঠল, রক্ষে কর মশাই। এখন নয— কাল। বাবা হখন পড়া জিজ্ঞাসা করবেন, তাঁকে গুনিয়ে দিও।

मत्रकाश्च कताचाछ। वाहेद्र तथरक वत्रमा छाक्छन, नील, नील-

প্রদীপ উস্কে নীলান্তি ভাড়াভাড়ি টেবিলের ধারে গিবে মা মনে এল ঠেচিয়ে আহুন্তি করতে লাগল।

সর্বনাশ, গোলমালের মধ্যে পেনাল-কোড উপরে আনাই হয় নি— আইনের কোন বই-ই নেই—থুঁজতে থুঁজতে কুলুজির কোণে মিলল, মায়ের আধ-ছেঁড়া মহাভারতথানা। সেটা সামনে নিয়ে সে প্রাণপণ চিংকারে আইনের ধারা মৃথস্থ করে চলল।

আরও বিশ্বর ডাকাডাকির পর মনোযোগী ছাত্র দ্বকল গুলে দিল। বরদার প্রসন্ধ মৃথ, ছেলের পাঠ অভ্যাস বাইরে থেকে কিছু কাঁর কানে গিয়েছে নিশ্চয়। তিনি সোজা উমার খাটেব কাছে গিয়ে ডাকলেন—অ বউমা, বউমা, বৃমুদ্ধ তো? দেখতে এলাম।

ঘুমস্ত লোকে কথা বলে না, অতএব উমার জবাব পাওয়া গেল

না। স্বস্থির নিশ্বাস ফেলে বরদা ছেলের দিকে চেয়ে বললেন—র্যাড়ের মতো চেঁচাচ্চ। গুরে-গুরে তাই মনে হল, মা-লক্ষীর ঘুমের অস্থবিধে হচ্ছে কি নাদেখে আসি।

नीमासि वनम, जत मतन मतनहे পि ---

বরদা তৎক্ষণাৎ ঘাড় নেড়ে বললেন, না না, তাতে কাজ নেই—
আগাগোড়া মুখন্তের ব্যাপার, ও কি মনে মনে পড়ার কাজ ? বিশেব,
যখন কোন রকম অস্থবিধা হচ্ছে না...কিন্তু সাবধান, সাবধান! পরের
মেয়ে এসেছে, গিয়ে নিন্দে-মন্দ না করে। ঘুমের ব্যাঘাত না হয়,
সেটা দেখবে।

নীলান্তি বলল, তা দেখছি বই কি। ঐ তো—খুব মসাড় হরেই বুম্ছে।

তোমার যা কাণ্ডজ্ঞান, তোমার উপর আমামি ভরসা করি কি না! আবার এদে আমি থবর নিয়ে যাব।

মনের বিরক্তি গোপন করে সহজ স্থরে নীলাজি বলল, শীতের দিনে বার বার কষ্ট করে আস্বার দরকার কি বাবা ?

বাপ অসহিষ্ণু হয়ে উঠলেন।

কট হয়, আমার হবে। তোমার তাতে ক্ষতিটা কি ওনি? পরের মেয়ে এসেছে, আমার নিজের মেয়ে নেই—ভাকে একটু যত্ত্বান্তি করব, ভাতে ভোমার হিংসে হয় ব্ঝি?

তাডাডাড়ি কৈফিয়তের ভাবে নীলান্তি বলল, বার-বার হুলোর থোলা—পড়ার মনঃসংযোগের একটু ইয়ে হয় কি না—

এভক্ষণে বরদার নঞ্জর পড়ল, দালানের দিক্কার জানালাগুলো বন্ধ। বললেন সমস্ত এঁটে দিয়ে অন্ধ্রুপ করে রেখেছে। তাই শ্বর থেকে পৰা গুনতে পাজি না। জোমার বার-বার ত্যোর খুলতে হবে না বাপু, জানালা খুলে রাধ—আমি বাইরে থেকে জিজ্ঞাসাবাদ করে বাব।

উমা নির্বিকার নিরীই মান্ত্র্যটির মতো পড়ে আছে। এবং সে যে
গুমোর নি, কোন দিক থেকে তার কোন প্রমাণ পাওয়া যাবে না।
নীলান্ত্রির কিন্তু তাকিয়ে তাকিয়ে কেমন সন্দেহ হল, চাপা হাসির
প্রবাহে ওঠ তার একটু একটু নড়ছে এবং চোথত্টো মিটমিট করছে।
অথচ এর প্রতিকার নেই। স্চ পড়বার শব্দও খোলা-জানালার পথে
বাবার শব্দভেদী কানে গিয়ে পৌছবে, এবং যে-কোন মৃহুতে জানালার
উদয় হয়ে তিনি প্রশ্ন করবেন, চিটিং শেষ হল ?

নিচের ঘর থেকে সে পেনাল-কোডখানা নিযে এল। উমার শিয়রের দিকে থানিকটা দূরে টেবিল টেনে আনল। তাবপর মথাসম্ভব উমার কর্ণবিবর লক্ষ্য করে আকাশভেদী কর্প্তে পড়া গুরু করল। ঘুমেব খোরে উমা পাশ ফিরল, পড়া আরও তীত্র হল; ঘুমের ঘোবেই বোধ করি স্থগৌর হাতথানা কানের উপর চাপা দিয়ে এসে পড়ল, বিপুলতর উৎসাহে নীলাফি আরও গলা চড়িয়ে দিল।

জানালার ওদিকে এসে সৌদামিনী ঝঙ্কার দিয়ে উঠলেন, নীলু, কি জারম্ভ করেছিস ? বাড়িস্কল্প কাউকে ঘুমৃতে দিবি নে ?

ওঁর কি, একটা কিছু বললেই হল! মা-লক্ষীর জক্ত এদিকে দরদ উথলে ওঠে। আরে, এ পড়ায় যে মরামান্ত্র ডাক ছেড়ে জেগে ওঠে। বরদাও সঙ্গে এসেছিলেন। বিরক্ত ভাবে তিনি বললেন, এগজামিন সামনে, সেটা দেখতে হবে তো? তা নীলে, বরঞ্চ ঘতটা পড়েছ, এখন মনে মনেই আবৃত্তি কর। চিটিং-এর কত দ্র?

नीनाजि वनन, जांख्य, दश राष शिष्ट ।

সৌলামিনী বললেন, আবার জানালা থুলে দিয়েছিস কেন রে নীলে? চোখে আলো গিয়ে লাগছে, ঘুম হচ্ছে না।

नीनाजि वनन, वावा व वनलन-

বরদা সদয় হয়ে বল্লেন, তা নীলে, এখন বরং জ্ঞানালা বন্ধ করেই পড়। তোমার মার ঘুম হচ্ছে না—শরীরটে আজ্ঞ ভাল নেই।

সশব্দে জানালা বন্ধ ছতেই বরদা মনের আনন্দ আর গোপন রাখতে পারলেন না। তেসে হাত-মুখ নেড়ে বলতে লাগলেন—দেখছ গিরি, একবার ফেল হয়ে তোমার ছেলের কি রকম পড়াগুনোয় চাড় হয়েছে! বারোটা কখন বেজে গেছে, পড়তে পড়তে তা ছ'শই নেই। আমি আবার ওদিকে চুরি করে ঘড়ির কাঁটা পনর মিনিট পেছিয়ে রেখেছিলাম। নীলে এবার ঠিক পাশ হয়ে যাবে—



বাপ মারা গেলেন, কিন্তু বিষয় রইল। বিশ্ববিভালয়েব সম্পর্ক চুকিয়ে স্থানাথ অতঃপর নিশ্চিন্তে বৈঠকখানাব ফবাদে জাঁকিয়ে বসবার উভোগে আছে, এমন সময় গোমন্তা এসে আদালতের ছাপ-মারা স্তুপাকার কাগজপত্র সামনে হাজির করল।

স্থানাথ সভয়ে বিজ্ঞাসা করে, ব্যাপার কি?

খাদাগাঁভিব খামার নিলাম হয়ে গেছে। আট আনা পার্বণী নিম্নে কর্তা জমিদারের সঙ্গে গোলমাল করেছিলেন। এবার সদবে ছুটতে হবে।

সদরে আদালত-বাডিটা বাইরে থেকে দেখা আছে, কিন্তু সাহস করে স্থানাথ কোন দিন ভিতরে ঢোকে নি। শোনা আছে, ওব টিকটিকিগুলোও বিনা ঘূষে হাঁ করে না। কেমন কবে কি ভাবে ষে সেই আদালতের মুখ থেকে খামারজমি উদ্ধার করে আনতে হবে, ভাবতে গিয়ে সে কৃলকিনাবা পায় না।

গোমন্তা বলল, দেরি করলে হবে না বাব্। একটা ভাল উকিল দাঁড় করিয়ে হাকিমকে ব্ঝিয়ে-স্থঝিয়ে পুনবিচারের দরপান্ত কয়ে দিন গে। উবিলের কথায় আলো দেখা গেল। নীরদ্বিহারী উবিল ভাল, ফ্থার পিসভূত ভাই, তালেখরে বাড়ি, সদর থেকে ক্রোল তিনেক পথ মাত্র। নীরদ বাড়ি থেকেই শেয়ারের নৌকায় আদালত বাভায়াত করে। দিনটা বৃহস্পতিবার, রথের ছুটি। সে হিসেবেও স্থবিধা। আজ গিয়ে ধীরে-স্থন্থে নীরদের সঙ্গে যুক্তি-পরামর্ল করা যাবে। দর্থান্ত দাখিল হবে আগামী কাল প্রথম কাছারিতে।

নৌকায় যেতে হয়। তালেশবের ঘাটে পৌছতে প্রায় সন্ধ্যা।
জ্যোৎস্মারাত, কিন্তু মেঘের দৌরাঘ্মো চাঁদ স্পষ্ট হয়ে ফুটতে পারে নি।
নীরদের বিয়ের সময়—এই বছর পাঁচ-ছয় আগে ফ্রখানাথ একবার
এ-বাড়ি এসেছিল। নৃতন বউদিদির সঙ্গে তথন যংকিঞ্চিৎ আলাপও
হয়েছিল। ইতিমধ্যে নীরদের এক থোকা হয়েছে। এবার স্থখানাথের
বাপের প্রান্ধের সময় এঁরা সবস্থদ্ধ তাদের বাড়ি গিয়ে দিন-কুড়িক
ছিলেন। আসবার সময় লীলা বার-বার মাধার দিবিয় দিয়েছিল,
যেও ঠাকুরপো আমাদের ওখানে। যেও কিন্তু। স্থধানাথও প্রতিশ্রুতি
দিয়েছিল। এত শীদ্র সে প্রতিশ্রুতি পালন করবার আবশ্রুক
ঘটবে, তথন স্থপেও ভাবা যায় নি।

নদীর ঘাট থেকে পা কয়েক গিয়েই বাইরের উঠান। কোন দিকে জনমানবের সাড়া নেই। আবছা অন্ধকারে বাড়িটা থম-থম করছে। রোয়াক পেরিয়ে গোটা হুই-তিন থালি ঘরের ভিতর দিয়ে সে এসে পড়ল ভিতর-উঠানে। তারপর আবার স্থলীর্ঘ রোয়াক অতিক্রম করে দালানে গিয়ে স্বস্তির নিশাস কেলল—যাক, বাচোয়া—মাস্থ্যের চিহ্ন মিলেছে এবার, এবং যে-সে মাস্ত্য নয়—স্বয়ং বউদিদি ঠাককন।

পাশের টেবিলে উজ্জন পাঞ্-আলো জনছে। বউদিদি পিছন ফিরে দেয়ালে-টাঙানো আয়নায় নিবিষ্টমনে চুল ঠিক করছেন।



—চোর! চোর।

স্থানাথ পায়ের জুতা খুলে রেথে টিপি-টিপি এগুতে লাগল। একেবারে পিছনটিতে গিরে শাড়িয়েছে, বউদিদির ছ'শ নেই। থোঁপায় সোনার কাঁটা ঝিকমিক করছে, স্থখনাধ সাফাই হাতে সেটা তুলে
নিতে গেল। নিলপু ঠিক, ঐ সলে ক-গাছি চুল উঠে এল। এক
ঝটকায় ছ-তিন হাত সরে গিয়ে মুখোমুখি তাকাল —সর্বনাশ—বউদিদি
তো নয়, আর একটা মেয়ে। মেরেটি হতভখ। স্থানাথপু তাই;
হাতে সোনার কাঁটা ঝকমক করছে। সেদিকে লক্ষ্য করে মেয়েটি
টেচাতে শুক্ত করল, চোর! চোর!

সর্বনাশ। তদ্বন্ধী কিশোরী মেয়ে দুরির বমাল হাতের মধ্যে।
পৃথিবী দ্বিধা হোক, সেই ফাঁকের মধ্যে স্থধানাও চুকে পড়তে রাজি।
কিন্তু তা যথন হল না—বে পথে এসেছে সেই পথেই সে সোজা দৌড
দেবে কিনা ভাবছে—এমনি সময় হই দরজা দিয়ে প্রায় যুগপৎ
হাপাতে হাপাতে যুগলে এসে পড়ল—নীরদ-দাদা ও লীলা-বউদিদি।

বউদিদি বলল, কি হয়েছে, হুগ্গা?

তুর্গা ত্-চোপে আগুন ছড়াচ্ছে, দারুণ রাগে মৃথ লাল। হাত তু-খানা কোমবে দিয়ে কুন্তিগিরের ভঙ্গিতে দাঁভিয়ে বলল চোর · · চুরি করেছে দিদি। আমি দাঁড়িয়ে আছি, পিছন থেকে এসেই—

নীরদ স্থানাথের অবস্থা দেখে থিল-খিল করে ছেসে উঠল। বলল, কি চুরি করেছে বোন ? হিয়া-মন-প্রাণ নাকি?

নীলাও হেসে ভাড়াতাড়ি কলকঠে স্থধানাথকে অভার্থনা করল, কি ভাগ্যি—মেঘল। রাতে চাঁদের উদয়! জল-কাদায় গা হাত-পা সমস্ত যে চিতেবাঘের চামড়া হয়ে উঠেছে। ওরে কানীপদ, জল নিয়ে আয়। ঘটির কর্ম নয়—কলসি, কলসি—

বেশ স্থী এরা। স্বামী-স্ত্রী ছ-জনেই আম্দে। হাসি-খুশিব সংখ্য

দ্বিনশুলো পাথনা মেলে উড়ে বার। স্থানাথ নিশাস ফেলল। এমনি ভার কপাল—এই আনন্দের হাটে এসে পড়ে হঠাৎ এক বিপর্যর ঘটিয়ে বসল, ক্ষের তার কিছুতে মিটছে না। অর্থাৎ রণরন্দিণী বেশে তুর্গা অক্সরালব্যতিনী হয়েছে, আর তার সাড়াশন্ব নেই।

কটা ছই পরে নীরদ আর স্থানাথ থাটের উপর পা ঝুলিয়ে বিসেছে। থোকা ঘ্মিয়েছে। বাইরে অবিপ্রাস্ত বর্গাধারা—ছড়-ছড় করে রোয়াকের উপর নলের জল পড়ছে। গল্প কেমন যেন জমেও জমছেনা।

व्यवत्नरम नीत्रम कांकन, दुर्गा रमवी !

ভাকের পর ভাক। দেবী প্রদন্ধ হলেন না। সংধানাথ বলল, ভাকাভাকি করে মান আরও বাড়িয়ে তুলছ দাদা। তার চেয়ে আমার মামলার কথাটা শোন দিকি এইবার।

নীরদ হেসে তাড়া দিয়ে উঠল, বুকের পাটা কম নয় দেখছি! ফুড়ির আওয়াক পাওয়া যাচেহ…চুপ, চুপ, ওরে হতভাগা—

এমনি সময় জ্বতপদে এসে দাড়াল লীলা।

ভাকছ তোমরা?

নীরদ বলল, ডাকছি, কিন্তু তোমাকে নয়। তোমায় ডাকলে লাউয়ের ঘণ্টে ফুন পড়বে না। এই অবস্থায় ডাকব, সত্যি সত্যি আমরা কি এমনি বোকা ?

লীলা বলল, তাই তো বলি। তোমার সকল রস-জ্ঞান রসনায়। হঠাৎ পরমহংস হয়ে গিয়ে বে ক্ষীর ছেড়ে নীরে ফচি জন্মাবে...কিছ তুগ্গা ছুটে গিমে বলল, যাও দিদি, শিগগির—আমি তরকারি দেখছি। স্থানাথ বলল, তিনি! তা ছলে আবার ডবল স্থন পড়বে না তো? যে রাগ করে গেছেন!

নীরদ ঘাড় নেড়ে গন্তীরভাবে মন্তব্য করল, সেটি হবার জো নেই
ভাই। ছুর্গাদেবী ভাল মেয়ে, লন্ধী মেয়ে—কলেজে সায়ান্দ কোর্স
নিয়েছেন। একবার এক নজর ভিতর দিকে চেয়ে সে মুখ টিপে হাসল,
বলতে লাগল, বোনটির আমার ল্যাবরেটরির জানলায় •উঁকি দেওয়া
অভ্যাস আছে। চালাকি কথা নয়। নিক্তি মেপে আউন্স হিসাবে
ছ্মন দেন। তরকারি ধরে যেতে পারে, শুকিয়ে পুড়ে কয়লা হয়ে
বেতে পারে, কিন্তু মুনের গোলমাল হবে না—

জামাই বাবৃ! আচ্ছিতে ছুগার আবির্ভাব। কণ্ঠ-ঝন্ধারে প্রক্রম ছু'টিকে সচ্কিত করে বলতে লাগল, জামাই বাবু, আপনাদের পাড়া-গাঁয়ের লোক এমন নিন্দুক!

নীরদ বলল, এ কি বোন, রামাবামা এরই মধ্যে সারা করে এলে ? না, নামিয়ে রেথে এলাম। জবাবটা নিয়ে আবার গিয়ে চাপাব। কিন্তু জিজ্ঞাসা করি, কবে আপনাকে পোড়া-তরকারি খাইয়েছি?

গলা হঠাৎ থাদে নেমে গেল। অর্থাৎ বজ্ব-বিপ্লবের পর বৃষ্টির সম্ভাবনা। এর জস্ম নীরদ প্রস্তুত ছিল না। বারম্বার বলতে লাগল, নাং, তোমাদের নিয়ে চলে না। একটা ঠাটা করলাম, তাতেই একেবারে—লোকে যে বলবে, একেবারে খুকি!

এবং লোকট একেবারে তৈরিই ছিল। কথায় কথায় যে রাপ করে, তাকে রাগাতে ভারি মজা। ভালমাস্থবের মতো স্থানাথ জিল্পানা করল, খুকিটি কে বউদি? नीना वनन, ये दर अनत्न छाई, इन्नी।

তুর্গা নয়, রাণী তুর্গাবতী বলুন। মিলিটারি রকম-সকম দেখে সেটা আন্ধান্ত হয়েছে। কিছু জিজ্ঞাস্ত হচ্ছে, এই খুকি তুর্গাবতীটি তোমার কে হন?



— त्यन वक केर्द्राह, करनाष्ट्राम क्या खरगरह नीना वनवात चारगर नीत्रम खवाव मिन, जैनि खेत त्वान। किन्ह

তুমি হতভাগ্য কেবল ওঁর মিলিটারি ছলের খোঁচা খেয়েই গেলে, মধু পেলে না—

স্থানাথ বাধা দিয়ে বলল, সে কি কথা দাদা, খ্বই পাচ্ছি। এ-বাড়িতে পা দেওয়া থেকেই। ওঁর কণ্ঠ সত্যিই মধুময়।

ঠাট্টা? ওরে ইডিয়ট, জান না তো ক্ষমতা! গান-বাজ্বনায় মেডেল পেয়েছে। কি গলা, কি রকম মিষ্টি! যাও তো দিদি ঐ টুলের উপর। মুখ্যটার মুণ্ডু ঘুরিয়ে দাও।

দেয়াল ঘেষে দামি অর্গান। পাড়াগাঁ হলেও এ-ঘরে ও-ঘরে অনেক কিছু শৌখিন আসবাব সাজানো। আশ্চর্য। এত কথাস্তরের পরেও নিরাপত্তিতে গিয়ে তুর্গা বাজনার সামনে বসল। স্থানাথ মনে মনে হাসল—বাহাত্রি দেখাবার লোভ এদের এমনি বটে! তারপর তুর্গা প্রবাববেগে অর্গানের চাবি টিপে চলল—যেন ঝড় উঠেছে, কলোচ্ছাসে বল্যা জেগেছে। লীলার বাঁচোয়া, সে ইতিমধ্যে কখন রাল্লাবরে চুকে দরজা দিয়েছে। এদিকে ত্'জন অভাগ্য শ্রোভার কান ঝাঁ-ঝাঁ করতে লাগল। মহাপ্রলয়ের সময় মহামারী, প্লাবন, ক্তি-অবতার, বেগুনতলায় হাট প্রভৃতি সকল উপদ্বের সঙ্গে সঙ্গে সম্ভবত এই রকম স্থারা প্রতি গ্রহ্ম হবে। পুরো আধ ঘণ্টা ধরে চলল এই রকম তুমুল বাল্যভাণ্ড। বাপরে বাপ, মেয়েটার আঙু লেও ব্যথা ধরে না!

অবশেষে স্থধানাথ নীরদের কানে মৃথ নিয়ে চেঁচিয়ে প্রাণপণে শ্রুতিগম্য করে বলন, দাদা, স্থীকার করছি—এক-শ বার স্থীকার করছি, ক্ষমতা আছেই। থামতে বলো। মাথা ঘ্রিয়ে দিয়েছেন স্বিত্য, ঘুরে পড়বার জোগাড়—

নীরদ বলল, পরিত্রাহি দেবি, আপাতত স্থিরো ভব। ষ্থেষ্ট হয়েছে।

রিশাল চোথ ছটো ভালের দিকে স্থাপন করে ঠিক সেই মুহুডে ই ম্বর্গা বাজনা বন্ধ করল। জ্রন্থকিত করে বলল, এ রকম হবে, আমারই অসুমান করা উচিত ছিল।

TO ?

আমি শ্বেক্ষায় বাজাতে বসি নি, আপনারাই ডেকে বসিয়েছেন।
পাড়াগাঁয়ের লোক আপনারা জামাইবাব, কথায় কথায় লগুড় ধরা
অভ্যাস। মেয়েদের মর্যাদা ব্রবেন কি! হুর্গা পুনশ্চ একবার চাবিগুলোর উপর দিয়ে জ্রুত আঙুল ব্লিয়ে গেল। বলল, এইবার গান
হবে। ডেকে বিসয়েছেন, মনে থাকে যেন। শেষ না হলে উঠতে
পারবেন না। পানও লাগবে ভাল। জানেন তো, মেডেল পেয়েছি।

স্থানাথ বলল, আগনি বলে দিন দাদা, মেডেল পেলে থামেন বঁদি, তাতে রাজি আছি। গাইবার দরকার নেই।

কিছু নাছোড়বান্দা ভবী কিছুতেই ভোলবার নয়, গলা সাধা আরম্ভ হয়ে গেল। সহসা ধেন ঐশ্রী-প্রেরিত হয়ে লীলা এসে উদ্ধার করল। ব্রলন, জায়গা হয়েছে, এসো তোমরা।

ঘুম থেকে উঠতে স্থানাথের বজ্জ বেলা হয়ে গেল। নীরদ তথন বৈঠকখানায়। সেখানে গিয়ে দেখে, মামলার কতকগুলো দলিলপত্ত সামনে রেখে চেয়ারে বসে সে-ও ঘুমচ্ছে। কাঁথে হাত রাখতেই সচকিত হয়ে নীরদ হেসে ফেলল।

স্থানাথ বলল, দাদা মকেলের টাকা খেয়ে এই রকম ভাবে কাজ করছ?

নীরদ বলল, আমার দোষ নেই ভাই, যত দোষ এই কানফোড়া

নথিগুলোর। পড়তে গেলেই ঘুম পায়। এখন আমি মুমচ্ছি—আবার কাছারি গিয়ে যখন পড়তে আরম্ভ করব, হাকিমেরও ঘুম পাবে।

স্থানাথ বলল, যাই হোক, আমার কাগজগুলো আনি এইবার। হবে, হবে। চা হয়ে যাক আগে। গুগো দেবীযুগল, রুণা করে আবিভূতা হও।

আইন-নজীর-নথিপত্ত—ভাব দেখলে মনে হয়, নীরদ বাঘের মতো ভয় করে, পাশ কাটাতে পারলেই বেঁচে যায়। অথচ সে পশারওয়ালা ভাল উকিল। যেমন লোকে যাত্রা-খিয়েটার দেখে, তাল খেলে, গালগন্ধ করে—আদালতে দাঁড়িয়ে মামলা-মোকর্দমা চালানো তার বেশি সে মনে করে না কিছু।

তুই বোনে এসে ঘরে চুকল, সঙ্গে প্রাতরাশের আয়োজন। তুর্গা কোন দিকে না তাকিয়ে নিবিষ্টমনে চা ঢালছে, যেন সেখানে একটিও মান্তয় নেই—চাকুরঘরে নিতান্তই সান্ত্যিকভাবে লোকে যেমন নৈবেছা সাজিয়ে যায়, ঠিক তেমনি। গরম চা এক চুমুক থেয়ে স্থধানাথ দিনের বেলা ভাল করে মেয়েটির দিকে তাকাল। মৃথখানা কচি কচি···বয়স্থা, মৃথভাবে তার চেয়ে ঢের বেলি কোমল দেখায়,—বৃদ্ধির অপ্র দীপ্তিতে সমস্ত মৃথ ঝক-মক করছে। কাল রাজে কথাবাতার ধরনে এক-একবার মনে হয়েছিল শক্তিমান প্রতিপক্ষ। এখন সকালের আলোম বোঝা গেল, এ ছেলেমান্থবের সঙ্গে তর্ক করা হাত্যকর, একে কেবল ক্ষেপিয়ে মন্তা দেখতে হয়।

नीत्रम वनन, हा द्वारथ मिला य ! शिन हिल्ल मूथ वैक्टिय स्थानाथ वनन, थाख्या यात्र ना । কোন দোষ হয়ে গেছে ভেবে ফুর্গা অপ্রতিভ হয়ে উঠেছে। নীরদ আবার টিপ্লনী কেটে বলল, চিনির বদলে ময়দা মিশিয়ে দাও নি তো দিদি? যে শুভক্ষণে তোমাদের দেখা!



--- (माहांह निमि, रमथ -- (हत्त्र रमथ এकरूथानि।

তুর্গা চোথ তুলে দেখে, ত্-ভনে মুথ টিপে হাসছে। ব্ঝলে, সব
মিথাা, ত্-ভাই যড়যন্ত্র করে তাকে অপদস্থ করতে লেগেছে। রাগের

বশে আর তার কাণ্ডজ্ঞান রইল না—স্থার অল্ল-থাওয়া চায়ের বাটি নিমে দিল এক চুমুক। বলল, এমন মিথুকে সব! দোহাই দিদি দেখ—চেথে দেখ একটুখানি।

নীরদ হো-হো করে হেদে হাততালি দিয়ে উঠল।

তুর্গাদেবী, তোমার পক্ষে ঐ চা মহাপ্রসাদ—অমৃত সমান। কিছ তোমার দিদি...বলি, তুমি থেতে পার বলে ও ধার কেমন করে?

ছুর্গা আরও জুদ্ধ হয়ে ঘাড় নেড়ে বলল, থেয়েছি—বেশ করেছি।
এক-শ বার খাব। কাল থেকে লেগেছেন সব। মিথ্যে নিন্দে—মিথ্যে
কথা—গালাগালি—

দ্রুতপদে সে ঘর ছেডে চনল। লীলা ডেকে বলল, আর এক কাপ চানিয়ে আয় লক্ষী ভাই। ঠাকুরপোর খাওয়া হল না।

তুর্গা ঝন্ধার দিয়ে চলে গেল, ই:, আমার বয়ে গেছে। খাওয়া হল না হল—ভারি তো আমার!

একটু থমথমে ভাব ঘরের মধো। তারপর স্থধানাথ ছেসে বলল, বউটাদ মনে মনে চটে যাচ্ছেন। কোথাকার উডো-আপদ এসে বোনকে জালাতন করছে—

লীলা বলল, বউদির জালাটাই বড্ড কম কিনা! ও তোমাদের পুরুষমায়ধের ধরন। জিজ্ঞাসা কর, তোমার দাদাটিকে। আমি ভাল মারুষ, তাই সয়ে ঘাই। বোন আমার বড্ড রাগি। তারপর হঠাৎ জিজ্ঞাসা করল, আছো ঠাকুরপো, তুমি বিয়ে করবে না?

স্থানাথ বলল, তার চেয়ে জরুরি দরকারে এসেছি বউদি। বিষের ঢোল ত্-দিন পরে বাজালে চলবে; কিন্তু নিলামের ঢোল-সহরৎ সবুর মানবে না। নীরদ অভয় দিয়ে বলল, কুছ পরোয়া নেই। সে ভাবনা আমার। বুজো হাকিমটা বড্ড ভালমাত্রয় স্বাধাসাধনা করে ভোমার পুনবিচারের দরখান্ত ঠিক মঞ্জুর করিয়ে দেবো।

সুধা বলল, এদিককার হাকিমও ভালমামুষ, কিন্তু বজ্ঞ কড়া। ভাহলে কাছারির সক্ষমে নিশ্চিস্ত হয়ে আমিও সাধ্য-সাধনা ওয় করে দিই—কি বল ?

আনন্দের হাসিতে লীলা ও নীরদের মূখ উদ্ভাসিত হয়ে উঠল। লীলা বলল, সভ্যি ঠাকুরপো, আমার বোনকে তুমি পায়ে নেবে? মা-বাবা নেই, ভাই ওর বড়ঃ অভিমান। নইলে—

স্থা কথাটা শেষ করতে দিল না। পায়ে? কি যে বল বউদি!
শিবের মাথায় সাপ···তাই রক্ষে। পায়ে থাকলে—সব নাশ!
ভাবতেও ভয় লাগে।

ছাস্তের তরকে সমস্ত ঘর ভাসিয়ে দীলা বেরিয়ে গেল।

মিনিট-ছ্রের মধ্যে আবার চা এল। এবার নৃতন ব্যবস্থা।
কালীপদর হাতে সমস্ত সরঞ্জাম—দে-ই তৈরি করতে লাগল—হুগা
আলগোছে পিছনে, নিতান্ত নিরপেক দর্শকের মতো। হঠাৎ সে
ইা-হাঁ করে উঠল, ওরে বেকুব, থাম্ থাম্—আগে জামাইবাব্কে
দিয়ে পরপ্ল করিছে নে। চিনি না ময়দা। হুধ না খড়ি-গোলা।
কানিস নে, পাড়াগাঁয়ের লোক—এ রা দিনকে রাত করতে পারেন।

ধোশামোদ করলে গোলমালটা যদি মেটে, সেই ভরুসায় স্থানাথ বলল, দাদা, এইটুকু মেয়ে কলেজে পড়েন? খুব আশ্চর্য তো!

নীরদও বোধ হয় সন্ধির প্রভ্যাশী। বলল, তুর্গা দিদি আমাদের বড় ভাল মেয়ে। কলেজে যায়, ট্রিগোনমেটি কবে, কাগকে গল্প লেখে, ভিবেটিং-ক্লাবে বক্ততা দেয়, আৰার ফার্স্ট-এডও পাশ করে বসে আছে।

প্রশংসমান চোথে স্থা মেয়েটির দিকে তাকাল। দুর্গা তথন অবিকল নীরদের স্বর নকল করে বলতে লাগল, এবং চোথ দিয়ে। দেখে, কান দিয়ে শোনে, নাকে নিশাস নেয়…বিদ্ধ স্থমন স্ববাক হয়ে দেখার কি আছে জামাই বাবু?

বিশ্বাস হয় না। এক মৃহতে স্থানাথের মনের সয়তানটা আবার মাথা চাড়া দিয়ে উঠেছে। সে ঘাড় নেড়ে বলল, কিছুতে বিশ্বাস হয় না। আছো ট্রগোনমেট্র যে ক্ষেন—বানান কলন দিকি টিগোনমেট্র—

সপ্রতিভ কঠে তুর্গা বলল, ডি-ও-এন-কে-ই-ওয়াই— পিছনে হাসির হল্লোড়। তুর্গা ছুটে পালিয়ে গেল।

মামলার ইতিহাসটা মুখে মুখে বলে অতঃপর স্থানাথ দলিসপত্ত নিতে ভিতরে এসেছে। তারই সম্বন্ধে কথা চলছে শুনে দালানের কোনে কৌতৃহলী হয়ে দাঁড়াল। ছই বোনে আলোচনা চলছে। অবস্থা ইতিমধ্যেই স্লিন হয়ে উঠেছে।

ত্বর্গা বলছে, এক কোঁটা মেয়ে এইটুকু মেয়ে প্র্কি থ্কি । বেন আন্তিকালের বন্দিব্ডোরা এসেছেন স্ব। কথায় কথায় বারা অপমান করে তাদের সঙ্গে দিদি, তোমার আর কাজকর্ম নেই ?

লীলা বলল, এই নাকে খং দিচ্ছি, আর বলব না। বৃদ্ধিমান হয়েছ, নিজের ভালমন্দ ব্যুতে শিখেছ। বেশ তো, যা ভাল হয় কর। কিছু এ-ও বলে দিচ্ছি, অমন পাত্ত তপস্থা করে মেলে না। বান্দের স্থরে তুর্গী জবাব দিল, পাত্রটা খুব ভাল। ঠওঠিঙিয়ে বাজে। ঐ আওরাজ গুনেই তোমাদের তাক লেগে গেছে, কিছ আসলে শৃত্যকুম্ভ।

লীলার রাগের আর সীমা রইল না। বলল, অত দেমার্ক ভাল নয়। রূপে, গুণে, ধনদৌলতে এমন ক-টা মেলে? নিজের দিকে চেয়ে কথা বলতে হয়। তবু যদি রংটা কটা হত! এটো-পাতের ধোয়া অর্গে বাবে না জানি। আমরা করলে কি হবে?

মেয়েটি শ্রামালী। ব্যথার জায়গায় আঘাত পেয়ে দে একেবারে কেপে উঠল।

চাই নে রূপ, মাকালফলের কোন দরকার নেই। আর গুণের পরিচয় তো কাল আসা থেকে গুরু হয়েছে। থামকা এসেই ভদ্রমেরেব গা খেঁসে অপমান করতে পারে যে—চিরজন্ম আঁন্ডাকুডে পডে প্রাক্তব, অমন স্বর্গ আমি চাই নে কোনদিন।

শেষদিকটায় স্বর অস্বাভাবিক রকম বিকৃত। বোধ করি কায়া চাপতেই
সে ছুটে বেক্লচ্ছিল, হঠাৎ বজ্ঞাহতের মতো থমকে দাঁড়াল — দামনে
স্থধানাথ। তার দৃষ্টি অন্তুসরণ করে লীলাও শুস্তিত হয়ে গেল।
অপমানে স্থধানাথের মুথ কালিবর্ণ হয়ে গেছে। লীলা তাড়াডাড়ি
বলল, ঠাকুরপো এখানে ?

স্থানাথ বলল, হাঁা বউদিদি, দৈবাৎ এসেছি। আমার সম্বন্ধ স্থাকর সমস্ত আলাপ কানে গেছে। জবাব দেবার জন্ম দাঁড়িয়ে আছি।

লীলা তাড়াতাড়ি বলল, কিছু মনে কোরো না, ভাই। ও একটা পাগল। স্থানাথ বলল, তবু সাফাই দেবার প্রয়োজন। কাল হঠাৎ ওর কাছাকাছি গিয়ে দীড়িয়েছিলাম সত্যি, কিন্তু সেটা জেনে শুনে নয়।

লীলা বলল, তার আবার বলবে কি ঠাকুরণো, আমরা কি আনিনে?

ক্থা বলল, তোমরা জানলেও, ওঁর নিজের একটু তাল করে জানা ছরকার। আমি আমার নিজের মৃথই আয়নায় দেখতে গিয়েছিলাম। ওঁর মৃথ উল্টো দিকে ফেরানো ছিল, স্থম্থে থাকলে আপনা থেকেই এক-শ হাত তফাতে থাকতাম। নিজের সম্বন্ধে ওঁর বড় অনর্থক পর্ব। সেটা ভাল কথা নয়। থোলাখুলি বলে ফেললাম। অপরাধ নেবেন না বউদি।

চোখ তুলে উভয়ের মৃথে তুর্গা একবার তাকাল। ওর্চ ধর-ধর করে কাঁপছে, কিছুই সে বলতে পারল না। টলতে টলতে খাটের উপর মৃথ গুঁজে পড়ল। স্থানাথ নিবিকার গন্তীর ভাবে বেরিয়ে গেল।

রাগ কমলে তথন স্থানাথের অফুতাপ হতে লাগল। ছেলেমাছৰ
—এবং একটু রাগি স্বভাবের হলেও নোষ তো তার। সে-ই এসে অবধি
ক্রমাগত বেচারিকে অভিষ্ঠ করে তুলেছে।

বাড়িক মধ্যে তুর্গার আর চিহ্ন খুঁজে পাওয়া যাছে না। ছই ভাই থেতে বসেছে, বউদিদি দেওয়া-থোওয়া করছেন। তারও গন্তার মুখ— বোনের ব্যথা তাঁরও মনে বিধেছে নিশ্চয়। লজ্জায় স্থানাথের মনে হতে লাগল, একছুটে এ-বাড়ির ত্রিদীমানা পেরিয়ে চলে যায়।

নীরদ পান চিবোতে চিবোতে তাড়াতাড়ি পোষাক পরছে, স্থানাথ বলল, দাদা, আমিও আসি ? নীরদ বলল, কোন দরকার নেই। লখা ছুখ দাও। আৰু আমি কাছারি থেকে সব জেনে-শুনে আসব। দরকার হলে কাল বেও।

হুধানাথ বলল, ভার চেয়ে ঘ্রে আসি না কেন। একা একা— কাজকর্ম নেই, সময় কাটে কি করে ?

আর এঠ দকা ঝগড়া বাধিয়ে নিও, সময় উড়ে যাবে। স্থাক থাকতে ভূতে কিলোচ্ছে তোমায় স্টুপিড। কুত্রিম ক্রোধে নীরদ স্থানাথের দিকে চোথ পাকাল। আমাদের কেউ একথা বললে তে। আর ঘাড় ধরে ঠেলে না দেওয়া পর্যন্ত নড়িনে।

স্থানাথ আর প্রতিবাদ করল না। তার মনেও আশার আলো খোলে গেল। ঐ তো মেয়ে অরগড়া করতে না পেরে এতক্ষণ তার দম আটকে আগছে নিশ্চয়। এমন চ্পচাপ কতক্ষণ থাকবে আর? এটা-সেটা ভাবতে ভাবতে কথন ঘুম এসে গেছে। ঘুম ভাঙতে বেলা পছে এল। পাশেই মুখ ধোবার জল, ডিবেয় পান সাজানো। মান্ন্য নেই। স্থানাথ সোজা ভিতরে চলে এসে বলল, বউদি!

লীলা হুর্গার চূল বাঁধছিল। উঠে এসে তাড়াতাডি আসন পেতে দিল। গৃন্ধীর আনতম্থে হুর্গা ঘর পেকে চলে গেল।

নিশাস ফেলে স্থানাথ বলল, বউদি, আমার দোষ হয়েছে মানি।
কিন্তু দোষটা কি গুধু এক পক্ষের? বোনের দিক্ নিমে রাগ করে
তুমিও চুপচাপ বসে আছ—কিন্তু আমি দেওর না হয়ে ভাই হতাম বদি,
এমন মুধ ফিরিয়ে থাকতে পারতে?

লীলা বাধা দিয়ে তাড়াতাড়ি বলে উঠল, না. না, ভাই—তোমাৰ দোৰ কি? অমন বললে কোন্ পুরুষমান্নবের রাগ বা হয় বলো। আমাদের উনি যদি হতেন, চিরজন্মের মতো জার মৃথ দেখতেন না ও ছগ্গা, ছগ্গা, সত্যি বড়ত আদিখ্যেতা মেরের—

বিরক্ত মূথে অলক্ষ্যের দিকে তাকিয়ে আবার বলতে লাগল, ঐ রক্ম করে। রাগ করে একবেলা তৃ-বেলা ধায় না, কথা বলে না। উনি আস্থন, ওঁর কাছে মুথ গোমড়া করে থাকবার জো নেই। পাঁচটা বেজেছে তো—উনি এই এলেন বলে!

অতএব তথন নীরদের আশায় স্থধানাথ মিনিট গুণতে লাগল।

সদ্ধার পর আবার সেই দালানের খাটে ছই-জনে বসেছে। স্থানাথ বলল, তারপর কোর্টের থবর বল। কাজ যদি এমনি-এমনি হয়ে যায়, কালই আমি চলে যাব দাদা।

নারদ বলল, কে ভোকে এখানে জল-বিছুটি দিচ্ছে, বল্ দিকি ?

লীলা ঝকার দিয়ে উঠল, আর কে? তোমার ঐ আহলাদি ঠাককন। সেই সকাল থেকে আলাপ বন্ধ। ছদিনের জন্ম এসেছেন, ঝগড়াঝাঁটি ওর কাঁহাতক ভাল লাগে?

হো-হো করে ছাদ-ফাটা হাসি হেসে নীরদ বলল, অবস্থা গাঢ় হয়ে উঠেছে বল। একটা দিনে এত উন্নতি? আশ্চর্য তো! কিন্তু আসামী গেল কোথায়? আরে, আরে, পালাস নে বোন, কথা বলতে হবে না। ভূই আয় এথানে।

ছুটে গিয়ে নীরদ তুর্গার হাত ধরে নিয়ে এল। মেজের উপর ঝুপ করে তুর্গা বসে পড়ল। নীরদ বলল, আহা-হা, ওথানে কেন ? ঐ টুলের উপর গিয়ে বোস। কাল বাজনা হয়েছে, গান ওনিমে দাও আজকে। আরে কথা না বল না-ই বললে, গান গাইতে দোষ কি? ষাত্ত নিচু করে তুর্গা সেই যে বসল, কিছুতে আর নড়ান গেল না।
নীরদ পাশে এসে কত বোঝাতে লাগল, আর অত রাগ করে না।
রাগরক্তলো সব আগে ভাগে হয়ে গেলে, শেষকালের অভ থাকবে
কি ? শোন ভাই, কথা রাধ—

একবার এক ফাঁকে উঠে ছুর্গা পালিয়ে গেল। একেবারে বিছানায় গিমে পড়ল । নীরদ বলতে লাগল, ধরু, ধরু। তারপর ছেসে বলল, না। বড়ত রেগেছে, আজকে আর হবে না দেখছি।

स्थानाथ खिखामा करता, कार्टित थवर कि ?

ক্ষিত কেটে নীরদ বলন, বিলকুল ভূলে গেছি, ভাই—

স্থানাথ বলল, যা-হয় হোক গে। আমার থাকবার জো নেই— আমি চলে যাব কাল।

বিপন্ন স্বরে নীরদ বলল, এই নাও। এবার বুঝি ভোমার পালা।
সমস্ত ঠিকুঠাক হয়ে যাবে, একটা দিন ক্ষমা দে ভাই।

পরের দিন নীরদ যত্ন করে কাগস্থপত্র সব পড়ল, অনেকক্ষণ ভাবল, তিন-চার ছিলিম তামাক পুড়ল, তারপর ধীরে ধীরে বাড়ির ভিতর চলে গেল। অধানাধ বাইরের ঘরে একটি চেয়ারে স্থানু হয়ে বসে আছে, এবং জানালা দিয়ে মনোযোগের সঙ্গে অভাবের শোভা দেখছে। আরও অনেক পরে নীরদ এসে বলল, ব্যাপার সঙ্জিন। খুব ভরসা দিতে পারি নে ভাই।

অন্তমনম্ব অধানাথ চমকে উঠে জিজ্ঞাসা করল, সমরের কথা বলচ ?

मनत्र जन्मत्र पृष्टे-है। अत्रह्मा करत् तिषम अहे शाकिरम

ফেলেছ। হার হয় কি জিত হয়, কোর্ট থেকে না-আসা অবধি বলা যাচ্ছে না কিছু।

নীরদ বেরিয়ে যাবার কিছু পরেই স্থানাথের অস্বাভাবিক চিৎকার শোনা গেল, বউদি! বউদি!

त्य त्यथात्न हिल—हूटि अत्म (मत्थ, मानात्नत्र विहानाः तम् अनित्र भर्षः आहि। भारत्रत्र अक कांग्रभाग्न क्यांन मित्र वैषि। नीमात्र मित्र दिस्य अक्ष्रे भान द्राप्त स्थानाथ वनन, तमथह कि विषिन, या-यनमा ठूटक मित्रहार । চननाय अवात ।

ব্যাকুল হয়ে নীলা কেঁদেই ফেলল। তুর্গারও শুদ্ধ শক্ষাক্ষর মুখ।
এগিয়ে ক্ষতস্থান দেখতে লাগল। কালীপদ ছুটল যোগীন-ওঝার বাড়ি।
থানিক তীক্ষ চোখে দেখে তুর্গা একটু সরে এসে দাড়াল। মুখের
মেঘ তখন কেটেছে, তু-চোখ উচ্জন হয়ে উঠেছে।

नीना श्रम कर्तन, कि ?

তুর্গা বলল, বেশি কিছু নয়, আমি পারব। যোগীন-গুঝার দরকার নেই।

রোগী একদৃটে লক্ষ্য করছিল। সে বলন, আপনি পারবেন কি রকম? ভাক্তারিও জানা আছে নাকি?

লীলা বলন, কোথায়! ফার্ফ-এড শিথবার সময় বৃঝি একটু-আধটু…না, না—সে কোন কাজের কথা নয়। কালীপদ ফিরে এলে সদরে পাঠাচ্ছি—ভাল ডাক্ডার নিয়ে উনি চলে আফুন। ভাল মান্ত্র্য বেড়াতে এসে কি যে হল—আমার তো গা কাঁপছে—

দুর্গা এবার খিল-খিল করে হেসে উঠল।

কিচ্ছু ভাবনা নেই দিদি, সদরে ছুটোছুটির দরকার নেই— আমার কথা শোন। যে সাপে কামড়েছে—দাগ দেখে বুঝছি, তার ফণা নেই।

স্থানাথও সমর্থন করল, না, না—সম্বের ডাক্টার এসে কি করবে ? আমারও যেন মনে হচ্ছে, ঢোঁড়া সাপ। সেই রক্মই দেখেছি।

ইতিমধ্যে কালীপদ যোগীন-ওঝাকে নিম্নে এসেছে। তুর্গা ছকুমের স্থারে বলল—মজোর-তজ্ঞার তোমার পরে হবে ওঝা-মশাই। বাধন মোটে একটা হয়েছে, ক্ষে আরও ছ-তিনটা দাও। আমি সাপের ভাজারি পাশ করে এসেছি—ব্রুগে ?

ওবা। সসম্ভবে তুর্গার দিকে একবার তাকিয়ে তাড়াতাড়ি বাঁধন দিতে প্রবৃত্ত হল। তুর্গা ঘাড় নাড়ে, ও ঠিক হয় নি। আরও—আরও জোরে। যোগীন আর কালীপদ প্রাণপণ বলে দড়ি কয়তে শুরু করে। আত কঠে অ্থানাথ বলল, বউদি, সাপের বিষে প্রাণ না-ও যদি যেত, বাধনের চোটে যাবে নিশ্রম।

লীলা কিছ এবার এদের দলে। বলল, বিষ ওপরে না ওঠে, সেটা আগে দেখতে হবে। হাঁা রে ছগ্গা, এবার হয়েছে—না? তুমি চোধ বৃদ্ধে ওয়ে থাক ভাই—

তুর্গা পরীক্ষা করে খুশি মুখে ঘাড় নাড়ল। তারপর যোগীনকে বলল, এবার না হয় তোমার চিকিৎসাই চলুক ওঝা-মশাই। দরকার হলে আমি পরে দেখব।

যোগীন অনেকক্ষণ মন্ত্র পড়ল, অনেকগুলো শিক্ড এনে সুধার পারে বুলাল, শেষে ক্ষতের মুখে মুখ দিয়ে থানিকটা রক্ক চুষে ক্ষেলে বলল, ঠিক বলেছ ঠাকজন, বিষ নেই। এবার খুলে দেওয়া হোক।
ভবে নম্বর রেখো, রোগা বেন খ্যোন না।

বীষন পুলে আর একবার সকলকে সাবধান থাকতে বলে যোগীন বিদায় হল। স্থানাথের পা যেন আসাড় হয়ে গেছে। এনিকে ছেলে কাঁদছে, লীলা খেতে যেতে বলল, তুই কোথাও ঘাসনে হুগ্গা…আর দেখবি, ঠাকুরপো ঘুমোয় না যেন।



—আর দেখনি, ঠাকুরপো বুমোর না বেন। দুর্গা হেনে কেলে বলল, তা পারব। খুব—খু-উ-ব পারব।

স্থানাথও বলল, আপনি নিশিস্ত হয়ে যান বউদি, তা উনি প্র শারবেন। এক্পি এমন ঝগড়া শুরু করবেন বে ঘুম ত্রিসীমানায় বেঁষজ্ঞে শারবেনা। বউদিদি ততকণে অদৃত হয়েছে।

ছুর্গা বলল, ঝগড়া করতে বাব কোন্ ছঃখে? চিমটি কাটতে হয়— পচা আমানি থাওয়াতে হয়—দরকার হলে আরও গুরুতর অনেক-কিছু প্রয়োগ করবার বিধান আছে। সাপের কামড়ের ঐ ব্যবস্থা।

আছে না। স্থানাথ মহাবেগে প্রতিবাদ করে উঠল। ওটা ভূতে-পাওয়ার ব্যবস্থা, সর্পাঘাতের নয়। আপনার ফার্স্ট-এডের বড বড় সার্টিকিকেটই থাকুক, এ কথা আমি এক-শ বার বলব।

দুর্গা বলল, তা হলে খুলে বলি, আপনাকে ভূতেই পেয়েছে।
স্পাঘাত মিছৈ কথা।

মিছে কথা ?

ইয়া। এবং ইচ্ছে করে লোক ঠকানো। তার মানে জ্রোচুরি। সাপের দাতের দাগ ও নয়।

তাই যদিই হয়—সাপ আবশু আমি চোধে দেখি নি—ধকন, শাম্কে কাটতে পারে, কাঁটার থোঁচা লাগতে পারে, কত কি হতে পারে। কিন্তু ইচ্ছে করে জ্যোচুরি করেছি—তার প্রমাণ কি ?

প্তটা ক্ষুরে কাটা। আপনারই দাড়ি কামানো ক্র—

স্থানাথ তর্ক ছাড়ে না। তাই-ই যদি হয়—ক্রে অজান্তেও কাটতে পারে। আমার দৌষ কি ?

দোষ আপনার নয়, ঘাড়ের ভ্তটার। দাড়ি কামাচ্ছিলেন, সে-ই সম্ভবত মতলব দিয়েছে পায়ে ক্র বসিয়ে দেবার। ভাবলেন, রক্তপাতের ফলে হয় তো স্থরাহা হয়ে বাবে। এটা ভাল কথা নয়।

क्षांनाथ वनन, कि छान नम् ? कृष्ठ, ना कृत वनात्ना ?

ছুই-ই। জ্বানেন, কত সহজে সেপটিক হয়ে যেতে পারে! নিজের পায়ে ক্রুব বসালেন, আপনি ভাকাত!

চোর, স্কুরোচোর, ভৃতগ্রস্থ এবং ডাকাত। ভৃত তাড়াবার স্বস্থ আপাতত চিমটি ও পচা-আমানি প্রয়োজন-মাফিক আরও গুরুতর ব্যবস্থা। রোগ-নির্ণয় এবং চিকিৎসায় আপনার জুড়ি নেই, এ-কথা মানতে হবে।

যশ-গৌরব মেয়েটি অভি সহজে হজম করে নিতে পারে। বড় বড় চোপ মেলে সে বলল, তা ঠিক। সবাই ওকথা বলে থাকে। নইলে ফাস্টক্লাস সার্টিফিকেট পাওয়া যায় কখনও?

একটু চুপ করে থেকে স্থানাথ বলল, আচ্চা, মানলাম ভূত। কিন্তু ভূত তাড়াতেই হবে, এই কি আপনার ইচ্ছা ?

তুর্গা মৃত্ন হেসে বলন, তা ছাড়া উপায় কি বলন। ভরুলোকের ছেলে কুটুম্বের বাড়ি এসে এই বিপদ। এঁদের কর্তব্যই তো আপনাকে নিরাময় করে ডোলা।

ওঁদের কথা জিজ্ঞান্ত নয়, জিজ্ঞান্ত আপনার বিষয়ে। আছো
হুর্গারাণী, হস্টেলে থাকেন—ঝগড়া করেন কার সঙ্গে? মেয়েডে
মেয়েডে স্থবিধে হয় কি? সেখানে তো গুনেছি, সহজে জেতা হায়
না।

হুর্গা তাচ্ছিলোর সঙ্গে বলল, পুরুষেরই বা অভাবটা কি! ভ্যাবলা বলে চাকর আছে একটা—

এমন তো হতে পারে, ভ্যাবলার চাকরি থাকল না। কিছ ধকন, সে ছুটি নিমে দেশে চলে গেল। চাকর বই তো নম!

তা হলেও ঠাকুর আছে। তার নাম হত্তমানপ্রসাদ। চলে ধার

এক রকম। অহাবিধে বা-পিছু, কেমিস্টুর টাস্ক নিয়ে—কম্লা দেখলেই কেমন মাথা গোলমাল হয়ে বায়।

ভবেই দেখুন, মৃশকিল কড! একদৃষ্টে ক্ষণকাল ছুৰ্গার দিকে চিত্রে স্থানাথ কি দেখল কে জানে! মৃত্ভাবে একটু হৈসে বলতে লাগল, আছো—বিবেচনা করা যাক, যদি উৎকৃষ্টতর কোন বাবস্থা করা যাম। অর্থাৎ ঝগড়া করবার এবং গালি খাবার উপযুক্ত এক ভদ্রলোক অহরহ যদি উপস্থিত থাকেন এবং কেমি দিট্-জ্বাতীয় নীরস টাস্ক্ কোন কিছু না থাকে।

তুর্গারাণী প্রতিবাদ করে উঠল, কিন্তু সেই লোকটির ভত্ততা সংক্রে গোড়াতেই আমার আপতি।

লোকটির সম্বন্ধে নয় তো? তা হলেই হল। এবার মূল-প্রস্তাব

দুর্গা রাগ করে বলন, ভূত আপনাকে প্রলাপ বকাচছে।

अधानाथ नाष्ट्राण्यान्ता। वनन, श्रामंत्र किन्न अवाव रन ना

স্থাপনি বজ্জ বেহায়। যা-তা বলেন। মহিলার সম্ভ্রমজ্ঞান নেই।
কে পরিচয় প্রথম দিনই হয়ে গেছে। শান্তিভোগও চলেছে। মায়
রক্তপাত অবধি। এই রকম শান্তি জীবনাস্ত অবধি চলুক, এই আরজি।

এবার দুর্গা হঠাৎ হেসে ফেলল। বলে, নাঃ—আপনার ভয়ানক
ছঃসাহস। বাস্তবিক কি জন্ত পায়ে ক্ষ্র বসালেন বলুন তো।

वनव छ। इतन ? मिछा वनव ? सूधानाथ पूर्गात मित्क तम्ब हिलिहिलि शमर्ड नामन। छात्रभत्न वनन, जामात्र मत्मश्र रन, क्र्स भारत ना वमात्न जात्र अक्सन रह छा मनाह वमारवन।… ७ कि पूर्गातानी, চললেন যে, আমার কিন্তু ঘুম আসতে পারে। জানেন তো, ওঝা কি বলে গেল। এমনই এখন থেকে মাথা ঝিমঝিম করতে লেগেছে।

দৃক্পাত না করে হুর্গা বেরিয়ে গেল। আবার ছ-পা ফিরে এসে দরজায় মুখ বাড়িয়ে হাসতে বলল, সভ্যি সভ্যি ঘুমিয়ে পড়বেন না যেন। চা নিয়ে আসছি—

হাতে ধুমায়মান চা। সেটা নামিয়ে রেখে কৈফিয়তের ভাবে ছুগা শুরু করল, আসতাম না। আপনি যা লোক—আপনার সামনে আসা ঝকমারি। নেহাৎ প্রাণের দায়—

এমন স্পষ্ট স্বীকারোক্তিতে থুশি হলাম হুর্গাদেবী।

মুখ লাল কবে ছুর্গা বলল, সহজ কথাটা বুঝবারও বৃদ্ধি নেই? প্রাণ আর কারও নম্ন গো মশায়,—আপনারই। যোগীন বলে গেল, আপনাকে ঘুমতে দেওয়া ঠিক নম।

চুলোয় বাক যোগীন। রোগী বিদ্যুদ্ধেগে থাটের উপর উঠে বসে তুর্গার হাত তু-খানা জড়িয়ে ধবল। বলল, ঘূম্তে না দেবার বাড নিলেন তবে ? আপনার সক্ষম সিদ্ধ হোক।

স্কৃতা মসমস করে আচম্বিতে নীরদ এসে চুকল। এত সকালে?

নীরদ বলল, সকাল নম-সন্ধা হয়ে গেছে। বাইরে তাকিয়ে দেখ। কিছ ভাই, বলব কি-ভালমামুষ হাকিম আমাদের, এবার কি হয়ে গেল-তোমার দরধান্ত মঞ্জুর করল না।

স্থানাথ বলল, যাক গে। কিন্তু এদিককার হাকিমটি কড়া এবং বদমেজাজি হলেও দর্থাত মঞ্জুর করেছেন।

बर्छ ! वर्ष्ट ! व्यानत्मत्र शिंग त्राम नीत्रम वनन, व्याभिक

সেই রকম অসমান করছিলাম। তোমাদের আলাপন ওনে গাঙের ঘাট থেকে মনে হল, লাঠালাঠি হচ্ছে। এসে দেখি মুখোমুখি বসে— এবং লাঠি নেই অতএব প্রেমালাপ না হল্নে যায় না।

নেহাৎ ভালমান্তষের ভাবে স্থানাথ বলন, ঠিক তাই। তুর্গারাণী বললেন, এস ভবিশুতের রিহার্শালটা আরম্ভ করে দেওয়া ধাক। আমি বলনাম, শুভাত শীত্রম্—

তুর্গা বলল, আপনি এমন মিধ্যক! ছি, ছি, আমি চললাম।

নীরদ বহর্ষ কঠে বলল, না—না, তোমরা যেমন আছ—পাক,
আমিই যাচিছ। তারপর ভিতরে ষেতে যেতে বলল, ধডাচুড়ো ছেড়ে

এক্ষি আসছি। আর লীলাকে ধরে নিয়ে আসি, তার যে অনেক
দিনের সাধ—



লিখে দিয়েছে, বন্ধটা সে হস্টেলেই কাটাবে, বাড়ি যাবে না,— কলেজ খুলেই জমনি এগজামিন ইত্যাদি ইত্যাদি। কিন্তু ষষ্ঠীর দিন অনেক দ্রের কোন পূজো-বাড়ি থেকে শানাইয়ের স্থর আসতে নাগল। প্রীতিলতার মনটা কেমন করে উঠল। সমস্ত বাড়িটা থা-থা করছে। দোতলার ছটো ওয়ার্ডের মধ্যে কেবলমাত্র যুথী, জনিমা জ্মার জাশা। নিচের তলায় জন আষ্টেক আছে বটে, তারা সব সেকেওছ ইয়ারের মেয়ে—তাদের সঙ্গে তেমন ভাব-সাব নেই।

প্রীতি মানমূথে ঘূথীর ঘরে এনে দীড়াল। বলল, পড়ায় মোটে মন লাগে না। কি করা যায় বল ভো ঘূথী ?

यूथी वनन, व्याभावस ना। वाफ़ि हरन याव छावछि।

প্রীতি বলল, আমিও।

এতক্ষণে মনে স্ফৃতি এল। সোজা একেবারে স্থারিন্টেপ্তেন্টের ঘরে। স্থারিন্টেপ্তেন্ট কমলা সেন জ্ব-কৃঞ্চিত করে বললেন, যাবে কার সঙ্গে? প্রীতি বলন, এখন তো কাকার বাড়ি বাচ্ছি। কাকি প্ররাও নেশে বাচ্ছেন। স্বাই একসঙ্গে যাব।

প্রীতির দূর-সম্পর্কীয় এক কাকা বড় এডভোকেট। কাকিমার সঞ্চে কমলা সেনের খুব মাধামাথি। ছুটি মঞ্জুর হয়ে গেল।

কিছ কাকার বাড়ি ষেতে বমে গেছে প্রীতির। কাকিমা দেশে বাবেন না আরুরা কিছু! সমস্ত মিথ্যা কথা—ষা হোক বলে সে ছুটি নিমেছে। প্রীতি সোজা শিয়ালদহে এল। আরও ছ-একবার সে একা একা বাড়ি গিয়েছে। কিছ স্টেশনে এসে যে কাগু দেখল, তাতে হৃৎপিগু হিম হুয়ে যায়।

ইঞ্চি পাঁচেক পরিমিত এক গর্ত, তার মধ্যে অস্কত-পক্ষে খানপঞ্চাৰ ছাত চুকে আছে। আরও শ-তুই আদাজ লোক বাইরে প্রবল বিক্রমে মল্লমুদ্ধ চালাছে। জালের ওধারে টিকিট-বাবু টাকা-পয়দা বাজিয়ে নিমে হিসাব করে মন্থরভাবে এক-একখানা টিকিট দিছেন। খানিকটা দ্রে এক পাহারাওয়ালা পরম আনন্দে এই রোমহর্ষক দৃশ্য উপভোগ করছে, আরে মৃত্ হেসে মাঝে মাঝে বলছে, আন্তে বাবুরা, পালা করে একের পর এক যান। প্রীতিলত। দেখল, এইভাবে চললে তার পালা আসবে বিজ্ঞ্যা-দশ্মীর আগে কিছুতে নয়।

একজন বয়স্ক গোছের ভদ্রলোক দেখে প্রীতি বলল, একখানা যশোরের টিকিট কিনে দেবেন দয়া করে ?

সামনের কুকক্ষেত্রের দিকে হতাশভাবে চেইর লোকটি বললেন, ভারা দয়া না করলে সাধ্য কি মা! আমি নিজেই ঘন্টা চারেক এখানে কাড়িয়ে আছি।

যশোরের টিকিট তো? আমি যশোর যাব, এক্সি করে দিচ্ছি।

প্রীতিলতা পিছন ফিরে তাকাল। থবাকার এক যুবা, এক হাডে প্রকারে-মোড়া এক টোপর ঝুলিয়ে নিয়েছে, আর এক হাতে প্রকারত স্থাটকেশ, তাতে বড় বড় হরপে লেখা আছে, অবিনাশচক্র বাগ্চি। সক্রে এক মুটে, তার মাধায় টাঙ্ক, ট্রাঙ্কের উপরে ঝুড়ি-ভরতি নানা আয়তনের অসংখ্য জিনিসপত্র। মুটে ঘেমে গিয়েছে। বিরক্ত-কঠে বলে উঠল, থাটি কিলাস ইধারমে কাঁহা—



— হ'শিয়ার কিন্ত। টোপরটা হাতে নিন।

ষাচ্ছি বাবা, সব্র। প্রীতির দিকে চেমে অবিনাশ একটু হাসল। বলল, টাকা দিন, এক টাকা সাড়ে সাত আনা। আমার থার্ড ক্লাস — আপনাকেও তাই ষেতে হকে। কেন যাবেন না? মহাত্মা গান্ধী যান, আমরা কি এমন নবাব হলাম!

অবিনাশ মোটঘাট নামিয়ে এক আয়গায় জড় করল; ছ'থানা

টিকিটের দাম হিসাব করে পরসা গুণতে লাগল। বলল, ভগবান আপনাকে মিলিয়ে দিলেন। ভাবনা হয়েছিল, এই ভিড়ের মধ্যে মুটে যদি জিনিসপন্তোর নিয়ে চস্পট দেয়।… দাঁড়ান এখানে। হঁশিয়ার কিন্তু। টোপরটা হাতে নিন। আহা, ভাল করে ধরুন না—চাপ লাগলে গুড়ো-গুড়ো হয়ে যাবে।

মালকোঁচা এঁটে অবিনাশ রণবেশে সজ্জিত হল। ভারপর টোপর সম্বন্ধে প্রীতিকে আর একবার হুঁশিয়ার করে দিয়ে—এ তো মাহুষ, সে একটা দেখবার ব্যাপার বটে, না দেখলে অফুমান করা ষায় না—অবিনাশ তিড়িং করে লাফিয়ে তিন-চারটে মাহুষের মাথার উপর দিয়ে এসে বুকিং-আফিসের গরাদে এঁটে ধরল। পা তখন অবধি মাটিতে পৌছয় নি, ঝুলছে। তারপর টিকিট মুঠোর মধ্যে নিয়ে নিজেকে জনতার মধ্যে ছেড়ে দিল। বাস, তাকে নিয়ে খানিক যেন লোফাকুফি চলল। সে গা এলিয়ে দিয়েছে। ঠেলাঠেলির চোটে আপনিই
শেষে বাইরে এসে পড়ল।

টোপর ঠিক আছে তো? প্রীতির হাত থেকে টোপরটা নিয়ে পু**নামুপুন সে** পরীক্ষা করল। বলল, আস্থন।

তুই কছুই উন্মত করে অবিনাশ ভিড়ের মধ্যে পথ করে চলন।

কামরার সামনেও সংগ্রাম চলছে। ভদ্রলোকেরা আন্তিন গুটিরে
যার রক্ষা করছেন—স্টাগ্র গলতে দেবেন না এই পণ। ইঞ্জিন অবধি
ভারা এগিয়ে গেল। সর্বত্র একই দশা! এক দরজায় প্রকাশু টাকওয়ালা এক ব্ড়ো ভদ্রলোক। খানিকটা দ্বে বেঞ্চিতে বসে জন পাচছয় ছোকরা বীর বিক্রমে তর্ক করছে, তাদের মধ্যে ভিনজনের চোধে
চশমা এবং পাঞ্জাবির বোতাম কাঁধের উপর দিয়ে। অভএব কলেজের

ছেলে না হরে যায় না। সেখানে গিয়ে অবিনাশ থামল। প্রীতির দ্বিকে চেয়ে বলগ, দেখুন, ঘণ্টা চারেকের জন্ত আমি আপনার গার্জেন। ত্বীকার করেন?

প্রীতি ঘাড় নাড়ল। স্বীকার না করে এ অবস্থায় স্বার উপায় কি!

অবিনাশ দরজার দিকে চেয়ে সকাতর অফুনয় আরম্ভ করল, দেপুন, একটুথানি পথ ছেড়ে দিন। আমার জন্ত বলছি না—এই এর জন্ত।

টাকওয়ালা ছাররক্ষী অবহেলা ভরে চেয়ে রইলেন। কথা ঘেন ঠার কানেই যায় নি। অবিনাশ মিনতি করতে লাগল, দোহাই আপনার, একটু সরে দাঁড়ান।

ছেলেগুলোর তর্ক ধামল। তারা এইদিকে মনোযোগী হয়েছে।
একজন ধাঁ করে উঠে এসে জানালায় মুখ বাড়াল।

কি বলছেন মশাই ?

অবিনাশ এতক্ষণে কুল পেয়েছে। বলল, আমরা এই হ'টি প্রাণী।
প্রতী একটু ছেড়ে দিতে বলুন।

ছোকরা বলল, জায়গা কোথায়? এর পরেই একটা স্পেষ্ঠাল দিয়েছে, সেইটায় ধাবেন, ভিড় হবে না।

অবিনাশ ক্ষীণকণ্ঠে বলে উঠল, এই গাড়িতে যাওয়া যে চাই-ই।
জানালা দিয়ে ইতিমধ্যে আরও অনেকগুলো কৌতৃহলী মৃথ বেরিয়ে
এসেছে। হাদিমৃথে সকলের দিকে চেয়ে অবিনাশ হাতের টোপরটা
উচু করে দেখাল।

থেন মীশ্রের কাজ হল। চার-পাঁচজন এপিয়ে এসে দরজার
ভবলোককে হুমকি দিল, সরে আফ্রন।

টাৰু তবু একবার শেষ চেষ্টা করলেন। জায়গা নেই, এনে বসাবেন কোথায় ?

আপনার জারগার। মহিলা দাঁড়িছে রয়েছেন, কি রক্ষ ভদুলোক আপনি?

হাত ধরে কয়েক জন বৃড়োকে সরিয়ে দিল। ভদ্রলোক বেঞ্চির উপর
সতরঞ্চিও বালিশ পেতে এবং চারিপাশে পোটলাপুঁটলির বেড়া দিরে
রীতিমতো বৃহে সাজিয়ে রেথেছিলেন। ত্ম-দাম করে সেগুলো ফেলে এবং
বিছানা গুটিয়ে নবাগতদের জায়পা হল। ছোকরাদের দিকে কটমট ক'য়ে
চেয়ে বৃড়ো ভদ্রলোক তথন তার বয়সের য়ে ক'টি আরোহা ছিলেন,
তাদের দিকে চাইলেন। কিন্তু সহায়ভূতি সেদিক দিয়েও এল না।
একজন বললেন, যাই বলুন মশায়, অস্তায় আপনারই। আর কিছু নয়
—বিয়ের লয়। ধেড়ে মেয়ে, অরক্ষণীয়া অবস্থা—সেটা ব্রে দেশতে

স্থার একজন মস্তব্য করলেন, মেয়ের বিষের জ্ঞালা পোহাডে হয় নি বোধ হয়।

আলোচনা সমস্তই প্রীতির কানে যাছে। মুধ রাঙা হরে গেছে,
লজ্জায় কি রাগে—বলা কঠিন। অথচ অবিনাশের উপর রাগ করা
চলেনা। বরঞ্চ ভার বৃদ্ধির তারিফ করতে হয়। সে বেচারা গলদ্বম
হয়ে তথনও মোটঘাট তুলছে। তারণর ক্লাস্কভাবে ঝুণ করে
সে প্রীতির পাশে বসে পড়ল। জিজ্ঞাসা করণ, গাড়ি ছাড়বার
দেরি কতঃ

ছোকরার দল উন্মুখ হয়ে আছে। একজন হাত্তঘড়ি দেৰে তৎক্ষণাৎ উত্তর দিল, সাডে সাত মিনিট। ও:—বলে অবিনাশ কোঁচার কাপড়ে বাডাস খেতে লাগল। অস্থ্যারম! প্রীতির মুখেও ঘাম ফুটেছে। অবিনাশ বার ছই-ছিন প্রীতির দিকে তাকাল। তারপর ছোকরাদের উদ্দেশ্যে বলল, আপনা-দের কারো কাছে পাধা আছে সার?

এদিক-ওদিক তাক্ষিয়ে দেখা গেল, অনেকটা দুরে গাভির অপর কোণে এক হিন্দুস্থানি বদে ঝিমুচ্ছে, হাতে হাতপাধা। মাঝে মাঝে নাড়ছেও। হাত শিথিল হয়ে আসছে, সচকিত হবে আবার বারকয়েক ধ্ব জোবে নাডছে। ছোকরার দল চলল সেধানে।

পাথা ধরে টান দিতেই মালিক চোথ মেলে থাড়া হয়ে বসন। পাথা দাও।

কাহে ?

লেডি -- দেখতা নেই ?

একটু আগে টাকওয়ালা ভদ্রলোকের হুর্গতি দেখেছে, হিন্দুমানিটি আর কিছু বলবার ভরদা পেল না। প্রাণপণ শক্তিতে বারকয়েক বাতাস কবে পাধাটা সে দিয়ে দিল।

প্রীতিলতা এতক্ষণে কথা কইল। হাত বাডিয়ে বলন, দিন। অবিনাশ বলন, না না—দে কি হয় ?

কিন্তু শেষ পর্যন্ত পাথা প্রীতির হাতেই পৌছল। সে বাতাস করছে। অবিনাশ মহানন্দে চোধ বুজে বলন, আঃ!

আবার চোথ নেলে দেখে, ছোকরারা নয়—পাশের প্রবীণ ভত্ত-লোকেরাও চাপা গলায় কি আলোচনা জুড়ে দিয়েছেন। একজন ডাকলেন, হাা মশাই—

ভদ্রলোক প্রশ্ন করলেন, মেয়েটি বৃঝি পড়ান্তনো করে ?

অধিনাশ প্রীতি ও আর সকলের দিকে একবার দৃষ্টিপাত করে বলন, হাা।

তথন ভদ্রলোক নিজের দলের দিকে তাকিয়ে বললেন, দেখুন, আমি বলেছিলাম কি না । ... কিন্তু লেখাপড়া কবলে কি হয়, মেয়েটি ভাল, সেবা-মত্ন করতে পারবে। ঐ বাতাস দেওয়া দেখেই ব্রুতে পেরেছি।

এডগুনো লোকের দৃষ্টি ও আলোচনার বিষয় হয়ে প্রীতি অস্বতি বোধ করছিল। অথচ আর কোথাও পালাবারও উপায় নেই। বেঞ্চিটা মাঝের দিকের, বাইরের দিকে তাকিয়ে থেকে যে দৃষ্টিবাণ থেকে রক্ষা পাবে, তার সম্ভাবনা নেই। অগত্যা হাতের উপর মাধা রেথে ঘুমের ভান করে দে চোধ বৃদ্ধন।

পায়ের দিকে যে লোকটা ছিল সে উঠে দাঁড়িয়ে বলল, ভাল হয়ে শোন। অবিনাশ বাস্ক থেকে ছোটগোছের একটা পুঁটলি নামিয়ে বালিশ হিসাবে তার মাথায় গুঁজে দিল। প্রীতি আরও একটু কাত হয়ে পড়ল।

গাড়ি ছাডল। প্লাটফরম ছাড়িয়ে আসতে এক ঝলক বাইরের হাওয়া চুকল। গাড়িহ্নদ্ধ লোক যেন প্রাণ ফিরে পেল। অবিনাশও একটুগানি চোথ বৃজেছে। তার একটা বিষের সম্বন্ধ হচ্ছে, দেনা-পাওনা সাবাস্ত হয়ে গেছে, অগ্রহায়ণের দিকে হবে। অবিনাশ চোথ বৃজে ভাবছে, মন্দ হবে না—পরের হাতের বাতাস খাওয়া যাবে। লেভেল-ক্রেসিং পার হবার মুথে রেলগাডিও যেন বলছে, ঠিক, ঠিক—ঠিক, ঠিক। আবার ভাবল, কেবল বাভাস থেলে ভো হবে না, বাতাস করাও একটু উচিত। প্রীতির হাতথানা এলিয়ে পড়েছে, হাতের পাথা মেজে ছুঁয়ে আছে। অবিনাশ পাধাটা টেনে নিয়ে বাতাস থেতে লাগল। প্রীতির গায়েও একটু-আধটু যে লাগছে না, এমন নয়।

পাশের ভদ্রলোক কমুয়ের আঘাতে অবিনাশকে আপ্যায়ন করলেন, হাা মশাই ?

অবিনাশ চোথ মেলে ঝকার দিয়ে উঠন, কি?

রাগ করছেন ? বিজি নিন।

বিড়ি ধরিয়ে অবিনাশ চাঙ্গা হয়ে বসঙ্গ।

विरंग्नत कथा वनहिलन, विरंग्न वंत्र व्वि?

অবিনাশ প্রীতির দিকে একনজর চেয়ে দেখল। চোথ বৃজে নিঃসাড় হয়ে আছে, ঘূমিয়েছে নিশ্চয়।

व्यवाद्ध तम क्यांव मित्र हमन, हैं।

পাতা?

হেদে উঠে অবিনাশ বলল,—তা-ও একজন আছে বই কি!

হাসিতে ঘনিষ্ঠতা বেড়ে উঠপ। ছোকরা ক-জন প্রায় সবাই কাছে এসে দাঁড়িয়েছে।

একজন প্রশ্ন করল, আপনি ওঁর অভিভাবক বৃঝি ?

আপাতত তো বটে!

আর একটি ছোকরা বলল, তুই একটা আনত গাধা হরিদাস।
ব্রতে পারলি নে, অভিতাবক এখনও নন, হতে যাচ্ছেন…কি বলেন
মশাই, ঠিক ধরেছি কি না ?

জবাব না দিয়ে অবিনাশ আবার একটু মৃধ টিপে হাসল।

প্রীতি ঘুমোয় নি। ইম্মুলে থাকতে সে ছোরা পেলড, অনেক দিন পরে তার হাত যেন নিশপিশ করতে লাগল। একথানা ছোরা পেলে ছোকরাগুলোর এবং অবিনাশের মুখ্তে কোপ বসিয়ে কথাবার্ডা এইথানে শেষ করে দেয়। কিন্তু অবস্থা এমনি দাঁড়িয়েছে, কণট ঘুম তার এ অবস্থায় কিছুতেই ভাঙবার জো নেই।

এক্সপ্রেস গাড়ি—বেশ জোরে চলেছে। গাড়ির লোক চুপচাপ হয়ে গেছে। অনেকগুলো স্টেশন ছাড়িয়ে বারাসতে এসে গাড়ি থামল। ছোকরার দল্টি এইখানে নামবে।

একজন অবিনাশকে নমস্কার করল। বলল, শুভ কাজ শিগগির হয়ে যাচ্ছে, আশা করি—

অবিনাশ সংক্ষেপে জবাব দিল, অদ্রাণে।

আর একজন বলল, বিষের পর সন্ত্রীক গাড়ি চড়ে তো সবাই!

বাপনারা বিষের আগে। কনগ্রাচুলেশন—একশো বার কনগ্রাচুলেশন—
চোকরাদের পিছনে আরও অনেকে নেমে গেল। সমন্ত বেঞ্চিবানাই প্রায় খালি। প্রীভিলতা চোখ মেলে উঠে বসল।

অবিনাশ হাঁ-ছাঁ করে উঠল। করছেন কি ? শুয়ে পড়ান। এক্ষ্ণি আর একদল এসে বসে পড়বে। কাল স্তোপটেতে রাত কেটেছে, ছারপোকার কামড়ে চোখ বৃজ্জতে পারি নি। আমারও শোবার দরকার।

প্রীতি বলল, বেশ তো, এই জায়গায় গুয়ে পড়ুন। জামি বলে বাকব।

শুরে থাকতে দেবে বৃঝি ? পঙ্গপালের দল থোঁচা মেরে টেনে ভূলবে। তারপর গঞ্জীর হয়ে বলতে লাগল, এই রান্তাটুকুর জভ্ অভিভাবক আমি। কথা তো হয়ে গেছে। যা বলি আপনার করা উচিত। এধানে শুয়ে পড়ুন। **औि क्यांव फिन ना, विदक्ति ज्यांत्र मूथ फि**बिया बहेन।

অবিনাশের শ্বর এবার রীতিমতো ঝাঝাল হরে উঠল। বলল, তা জানি, আপনারা ঐ রক্ষ। আচ্ছা, ক্বতজ্ঞতা বলেও কি একটা জিনিস নেই ? মোটে টিকিট ক্বতে পার্ছিলেন না, জায়গা হচ্ছিল না—এত পথ দিব্যি শুইয়ে নিয়ে এলাম, শুইয়ে বাতাল ক্রতে ক্রতে নিয়ে এলাম।

হঠাৎ কাতর হয়ে বলতে লাগল, শুদ্রে পড়ুন দ্লিকি, দোহাই আপনার। নইলে বনগায় গিয়ে ব্যবেন ব্যাপারটা। যত নেমেছে ভার ভবল উঠবে। কচ্ছপের মতো হাত-পা গুটিয়ে বসে যেতে হবে। কেন, তার দরকারটা কি ?

এর পর আর কথা না শুনে চলে না। বেঞ্চির অপর দিকটায় অবিনাশও গুরে পড়ল। কিন্তু তার কান থাড়া আছে। গাড়ি গোবরডাঙা-পুলের উপর উঠতে সে উঠে বসল। পুঁটলি খুলে ধাঁ করে একথানা ন্তন চাদর বের করল। প্রীতিকে বলল, প্যাট-প্যাট করে চেয়ে রয়েছেন যে বড়! বনগাঁয় এসে গেল—চাদরটা মুড়ি দিয়ে ক্লেন এইবার! তেনেগ্ন, পথঘাট আপনারা তো তেমন চলেন না—খা বলি শুলন। দিবা শাস্তিতে যাওয়া যাবে। ত্মা—আগাগোড়া মুড়ি দিয়ে অসাড় হয়ে থাকবেন। স্টেশন ছেড়ে গেলে একটু-আগটু বরং চোথ চাইতে পারেন, কিন্তু স্টেশন ধাকতে—খবরদার!

বিরক্তি গিয়ে এখন প্রীতির মজা লাগছে। ওস্তাদ লোক, দেখা যাক জাবার কি মতলব করেছে। হিন্দুছানিটি কোণ থেকে ডাকাছিল। অপর বেঞ্চিতে কয়েকজন নবাগত যাত্রী। প্রীতিলতা বিনা প্রতিবাদে চাদর মৃড়ি দিয়ে গুয়ে পড়ল।

ষ্বিনাশ সভাই বছদশী—যা বলেছে, বর্ণে বর্ণে মিলে গেল।

স্টেশনের এক রশি আগে থাকডে কানে গেল বিপুল কলরব। পাছি না থামতেই ঘড়াং করে দরজা খুলে গেল। সঙ্গে সংক গাডি বোঝাই। ত্মদাম করে মোট ফেলছে। বেঞে জায়গা নেই— অনেকে মেঞ্চের উপর বসে পড়েছে। উপরের বা**হও** ভতি, **ভবু অন্ত**ভ জন দশেক ঐথানে একটু স্থান পাবার আশার বাহড়-ঝোলা ঝুলছে।

অবিনাশের দৃষ্টি এসব কোন দিকে নেই। ইতিমধ্যে হাতপাথাটা নিমে প্রীতির শিয়রে বসে সে মনোযোগের সঙ্গে বাতাস করছে লেগেছে। হঠাৎ পাথা রেখে দে উঠে দাড়াল। হাতজোড় করে করুণকটে সকলকে বলতে লাগল, দেখুন, দয়া করে টেচামেচি করবেন না। আমার বড্ড বিপদ। এই এতক্ষণ ছটফট করে একটু-খানি সবে ঘুমিয়েছে। মা শীতলার অন্তগ্রহ—জানেন তো কি যন্ত্রণা !

পাচ-সাত জনে একসঙ্গে লাফিয়ে উঠল।

বসস্থ ?

আৰ্জে হাা। বড়ত সাংঘাতিক। মাছি পড়বে, সেই ভয়ে ডেকে পিয়েছি। খুললে দেখতে পেতেন, কি রকম গুটি বেরিয়েছে।

আর কোথায় যাবে, যারা ছিল বাঙ্কে এক লাফে তারা নিচে নেমে পড়ল, যারা মেজেয় ছিল, উঠে দাড়াল, বেঞ্চির লোকদের তো কথাই নেই! জিনিসপত্র ঘাডে নিয়ে নেমে যাবার জন্ম সবাই ব্যস্ত, রীতিমতে মারামারি ধাকাধাকি আরম্ভ হয়ে গেছে।

প্রীতিলতার হাসি চেপে রাখা ছংসাধ্য হযেছে, মুখে হাত চাপা দিয়ে থুক-থুক শব্দ করছে, সর্বাঙ্গ হাসির তরক্ষে আকুঞ্চিত হয়ে উঠছে। অবিনাশ বলে উঠল, আ-হা-হা, আবার কাশির লক্ষণ দেখা দিয়েছে। কাশতে কাশতে দম আটকে যাচ্ছে।

ক্টেশন ছাড়বার আগেই কামরা আবার ফাঁকা হয়ে গেল। গাড়ি চলতে শুক্ক হলে অবিনাশ বলল, আর ভিড় হবে না, এবার উঠতে পারেন।

কিন্তু প্রীতিলতা উঠল না, যেন সে শুনতেই পায়নি। সে ভাবছিল, সিত্যিই যদি তার ভয়ানক একটা অন্থ্য করে—পথে-ঘাটে এমন কত লোকেরই হয়ে থাকে—অবিনাশ কক্ষণো তাকে ফেলে যেক্তে পারবে না। বজ্জ মজা হয় তা হলে এই রকম বাতাস করতে করতে সমস্ত পথ তাকে থেতে হবে, প্রীতিদের বাড়িতেও যেতে হবে, টোপর নিয়ে তাড়াতাড়ি বাড়ি যাওয়া ঘটবে না। আবার ভাবল, পথে এই রকম একা একা বেরুনো ঠিক নয়—সত্যি সত্যি অন্থও ভো হতে পারে!

অবিনাশ অধৈর্য হয়ে উঠেছে। বলল, কই, নড়বার নামও করেন না
থে! অনোব চাদরটা দিন দয়া করে। নতুন চাদর ময়লা করে ফেলবেন—

চাদরের তলা থেকে প্রীতি মুখ বের করল। হাসিমুখ। বলল, কত দাম পড়েছে এটার ? অনেকদিন থেকে এই রকম একটা কিনব ভাবছি। আপনার যদি তেমন দরকার না থাকে—

ব। রে । দরকার না থাকলে কেউ গাঁটের প্যুদা ধরচ করে কিনতে যায় ? অবিনাশ চটে উঠল। দিন, দিন আমি এ বেচব না। বড়বাজারে চের পাওয়া যাবে বেজিমল-আগরমলের দোকানে।

প্রীতি বলন, আমার বজ্ঞ পছন হয়ে গেছে।

অবিনাশ বলল, দোকানে যাবেন—যেটা দেখবেন, সেইটেই পছন্দ হয়ে যাবে। সে জন্ম ভাববেন না। পছন্দ হওয়া আপনাদের দম্ভর।… কিন্তু আর দেরি নয়, উঠে বসতে হবে। বোচকা গুছিয়ে ফেলি, যশোর এসে গেল যে— প্রীতি দিব্য নিবিকার হয়ে শুরে আছে, কানে ষেন কণাই ষায় নি! অবিনাশ ওদিকে বিব্রত হয়ে উঠেছে। বলল, নাং, আপনাদের মতলব বোঝা ভার। শেষকালে একটা লওভণ্ড ব্যাপার হবে—এটা নিতে ওটা ফেলে যাব—

প্রীতি বলল, আমি থ্ব ভাল গোছাতে জানি। প্রাটফরমে নেমে সব জিনিস ঠিকুঠাক গুছিয়ে দেব।

অবিনাশ জকুটি করে বলল, হ'—আর ওদিকে বাস ছেড়ে দিক, তথন সমস্ত রাত দৌশনে পড়ে মশা তাড়াই—

প্রীতি বলন, স্টেশনে থাকবেন কেন ? আসাদের বাড়ি দড়াটানায়, ঘোড়ার গাড়িতে মিনিট দশেক লাগবে। আপনি আমার সঙ্গে চলুন, আপনি যা করেছেন—মা শুনে আমায় গালাগালি দেবেন, আপনার পরে কিন্তু খুব খুশি হবেন—

ষ্ববিনাশ স্থার ভাবে ঘাড় নেডে বলল, না না —সে হবে না। তা হলে তো আরও কিছু সওদা করে পরেব গাড়িতে ষেতে পাবতাম। ষ্বাপনি উঠুন —উঠুন—আমার দেরি করবার জো নেই।

ত্ম-দাম করে বাঙ্কের জিনিসপত্র নামিয়ে জবিনাশ গোছাতে লাগল। প্রীতির ইচ্ছা হচ্ছিল, সাহায্য করে। কিন্তু লক্ষা করতে লাগল। অলস -দৃষ্টি মেলে সে চেয়ে মুইল।

হঠাৎ প্রশ্ন করল, দেরি করবার জো নেই কেন? বিয়ে কি আপনাদের বাড়িতে? প্রশ্নটা ছিল—বিয়ে তারই কি না, কিন্তু অংশান্তন হবে বলে সেটা বলা গেল না।

ব্দবিনাশ আশ্চর্ষ হয়ে তাকাল। বিষে? কে বললে বিয়ে? আপনিই তো।

জকুঞ্চিত করে একট্থানি সে ভাবল। তারপর হো-হো করে হেসে উঠল। বলল, ও:, শিয়ালদহে বলেছিলাম বৃঝি! দায়ে পড়লে কি না বলতে হয়। বিঘে না হাতী। টোপর আমার দোকানের মাল। অজ্ঞাণ পড়লেই লগনসা গুরু হবে। তথন কি আবার গস্ত করতে আসব ?

মুটেব মাথায় চাপিয়েছে বড় ট্রান্কটা। ধশোহরের ম্যুালেরিয়াগ্রন্থ মুটে—ট্রান্কের ভারে মাথাটা তার হাতথানেক স্থয়ে পড়ল। স্থাটকেশটা অবিনাশ হাতে ঝুলিয়ে নিয়েছে, আরও পাঁচ-সাতটা পোটলা-পুঁটলি নানা কৌশলে এথানে-দেখানে নিয়েছে। প্রীতিকে বলল, নিন না একটা, আপনার তো হাত থালি। মহাত্মা গান্ধী নিজে চরকা কাটতে পারেন, আর একটা মোট হাতে নিলে আপনার অপমান হবে নাকি?

আগে আগে চলেছে মৃটে, তারপর অবিনাশ, সকলের পিছনে প্রীতিগতা। প্রীতি সভয়ে চারিদিক তাকিয়ে তাকিয়ে দেখে, স্টেশনে তার জানাশোনা কেউ নেই তো! অবস্থা যা দাঁড়িয়েছে, তাতে তারা যে নি:সম্পর্কীয়, একেবারে পথের আলাপি—এ কেউ ভাবতে পারে না।

টিকিট-কালেক্টর টাঙ্কের উপর থাবা মেরে বললেন, কি আছে এতে ? ওজনটা দেখতে চাই মশায়।

অবিনাণ ভাড়াভাড়ি বলে উঠল, কেন মিথো হয়রান করেন! মেয়েদের বাত্মে থাকবে আর কি হাতি-ঘোড়া । ছ-এক শিশি আলডা, কি গন্ধ-তেল, কি ছ-একটা সেমিজ-ক্লাউজ। সমস্ত দিন ওর ধাওয়া হয় নি—দেখুন না চেয়ে অবস্থাটা। এখন তাড়াভাড়ি কোন গভিকে পৌহতে পারলে বাঁচি।

টিকিট-কালেক্টর প্রীতির ক্লাস্ক মুখের দিকে এক নজর চেরে দেখলেন, আর কিছু বললেন না।

বেরিয়ে এসে অবিনাশ হি-হি করে হাসতে লাগল। বলল, হাতী-ঘোড়া নেই বটে—হাতা-বেড়ি লোহা-লব্ধড়ে বোঝাই। নিদেনপক্ষে দেড় মণের ধাকা। ভাগ্যিস বৃদ্ধি করে বাক্সে পুরেছিলাম, আর ভাগ্যিস আগনি সঙ্গে জুটেছিলেন—নইলে পার করে আনা মুশকিল হত।

প্রীতি অক্স কথা ভাবছিল। দে বলল, যাই বলুন, আপনাকে ছাড়া হচ্ছে না। একটা গাড়ি করে চলুন আমাদের বাড়ি। ক্লান্ত হয়েছেন, একটু বিপ্রাম-টিশ্রাম করে কালকে তারপর—

উন্ত। অবিনাশ প্রীতির হাতের বোঁচকাটা কন্তয়ে ঝুলিয়ে নিয়ে চলণ। পিছন থেকে আবার অন্তরোধ এল, একটা গাড়ি ঠিক করে দিরে যান ভবে—

উ-ই কত রয়েছে, নিন না দেখে একটা।

আঙুল দিয়ে অপেক্ষমান গাড়িগুলি দেখিয়ে দিয়ে অবিনাশ হন-হন করে ছুটেছে।

প্রীতির রাগের সীমা রইল না। বলস, লোহ:-লরুড় পার করবার জন্ত আমায় সঙ্গে নিয়েছিলেন নাকি? অত যত্ন তাই বৃঝি!

অবিনাশ বলল, আজে না। কেবল লোহা-লকড় কেন—আমাকেই
বুঝি আসতে দিত! দিব্যি গুয়ে বসে এলাম। নেনম্বার! কোটটাদপুনের দিকে যদি কখন যাওয়া হয়, আমার দশকর্ম-ভাগুরে পায়ের
ধুলো দেবেন একবার। ধ্বরে বেটা, পা চালিয়ে চল—হন দিছে।

মুটেকে তাড়া দিয়ে অবিনাশ আগে আগে বাদের দিকে ছুটল।



ঘাটে নৌকা। সতীশ মহা তাডাছডো নাগিয়েছে, ও মাসিমা, এখনও হন না? যেতে যেতে বর এসে যাবে যে!

গিন্নি তাডাতাডি দালানে চুকলেন। পথেব সম্বল কিছু পান-স্থপারি বেঁধে নিতে হবে। গিয়ে দেখেন, অবাক কাণ্ড! খাটের উপর একরাশ কাপড চোপড ছডানো, অন্থপমা তার মাঝখানে চুপচাপ বসে আছে।

এক মুহূর্ত তাকিয়ে রইলেন, তারপব ধীরে ধীরে কাছে এসে তিনি মেম্বের পিঠের উপর হাত রাখতে অনু ঝুপ করে উপুড় হয়ে পড়ল।

যাবি নে ? অমুপমা ঘাড় নাড়ল। অধচ ঘণ্টাখানেক আগে সে এখানে এসেছে, তখন তার এ মত ছিল না। এ খেয়ালি মেয়ের অস্ত পাওয়া ভার। বাড়ির মধ্যে জোর খাটাতে পারেন এক কর্তা। তিনি আজ চারদিন বাড়ি-ছাড়া, বিদ্রেবাড়ীর কন্তা-কর্তা হয়ে বদেছেন।

সতীশ এসে বলগ, অমু, তোর মতগবটা কি, বল দিকি। মাথা ধরেছে।

ভা হলে এক্লি উঠে নৌকোষ যা। গাঙের হাওয়ায় মাথা ছেডে দেবে।

অমুপমা সে কথার জবাব দিল না; মুখ তুলে মাথের দিকে তাকিছে বলল, আর দেরি কোরো না মা, তোমরা চলে যাও।

ছকুমের স্থর, এর উপর কিছু বলা যায় না; কোনদিন গিন্নি বলেনও না। কিন্তু আজকের ব্যাপারটা যে মোটেই সামাল্য নয়। একটু ইত্তত করে তাই একবার শেষ চেষ্টা করলেন, তুই চল্, নয় তো আমি যাব না।

অমু শাস্ত থারে বলল, মাথা ধরেছে, এখনি হয় তো জর আসবে। সেথানে গিয়ে একটা গোলমাল ঘটিয়ে বসব—সে কি ঠিক হবে? তুনি চলে যাও মা, মালতীর বিয়ে…না গেলে চলে কথনও—ছিঃ!

সতীশ ব্যথিত স্বরে বলল, তুমি যাচ্ছ না অফ, মালতী কিন্তু এ জন্মে তোমার সঙ্গে কথা বলবে না, তা বলে দিচ্ছি।

কথাটা ঠিক, মালতী বড় ছংথ পাবে। এই বছর ছই আগে তার
বিয়ের দিন মালতী কত আমোদ-আহ্লাদ করেছিল, কবিতা ছাপিয়েছিল, হেসে ঠাটা করে তর্ক করে সে-মামুখটিকে একেবারে নাকানিচোবানি খাইয়েছিল। অন্প্রমার চোখে জল আস্বার মতো হল।
চমংকার লোক কিছু যা হোক—দিব্যি নিবিকার ভাবে কলকাতায়

বসে আছেন, অথচ ছ-ছ'ধানা চিটিতে বিয়ের তারিথ জানান হয়েছে,
সমস্ত কথা লেখা হয়েছে, কিছু জানাতে বাকি নেই। ভরসা ছিল,
নিতান্ত পক্ষে আজকের তাকে পার্থেল এসে পড়বে। কিন্তু পিওন এসে চলে গেল। গুধু হাতে এখন সে যায় কি করে?

ছ-হাতে মুখ ঢেকে ঠোঁটে ঠোঁটে চেপে অনেক কটে অম্প্ৰপমা কালা সামলাল। কাতর কঠে বলল, আমি পারছি না সভীশ-দা, সভি্য বড় কট হচ্ছে। যদি ভাল থাকি, একটা নৌকো নিয়ে মাধ্ব-কাকার সঙ্গে যাব। তোমরা এখন যাও।

মাধব প্রতিবেশী—এদের বাডির গোমস্তা।

অগত্যা তাই ঠিক হল। মাধবকে বলে-কয়ে গিছি রওনা হছে গেলেন

প্রায় ঘণ্টা দুই কেটেছে। অন্তপমা তেমনি শুয়ে। চোখের জ্বল গৌর মুখের উপর শুকিয়ে আছে। একটুখনি সে ঘুমিয়ে পড়েছিল। হঠাং কে-একজন বাহুবেষ্টনে তাকে ঘিরে ফেলল। ধড়মড করে উঠে দেখে, কলকাতার আসামিটি শ্বয়ং এসে হাজির।

অম্বপমা মুথ ফিবিয়ে উঠে দাঁড়াল। প্রভাত ছাডবার পাত্র নয়, গুরে অনুর সামনে গিয়েই—যেন কত ভয় পেয়ে গেছে—শশব্যক্তে আবার পিছিয়ে দাঁডাল।

রাগ করলেও মানবে না, এইজ্জে লোকটির পরে আরও রাগ হয়। হাসলে তো এখনি একেবারে পেয়ে বসবে,—অমু অনেক কটে মুখ গভীর: করে রইল।

মৃত্ৰুকঠে প্ৰভাত বলন, মাথা ছাড়ন ?

কে বলেছে? ভোমার কলকাতায় তারে ধবর গেল বুঝি!

তারে নয়, অস্করে। তারপর মাধব-কাকার মুবে সেটা যাচাই হয়ে গেল। একটু থেমে অসুর মুবের দিকে চেয়ে অবস্থাটা আন্দাজ করে নিল। বলতে লাগল, দোষ ছাপাধানার—তারা দেরি করে দিল—ডাকে পাঠান গেল না। না, না—কৈফিয়ৎ দিচ্ছি নে—ওতে দোষ কাটে না জানি, তাই তো কলেজ পালিয়ে টেন ধরলাম। আবার মুশ্কিল কি রকম! স্টেশনের ঘাটে নৌকো নেই—এই ছ-মাইল ছুটতে এনেছি।

জোরে নিশ্বাস কেলে প্রভাত চুপ করন। ঘাট থেকে হাত-মৃথ ধুয়েই এসেছে, চেহারায় কথাবাতায় বুঝবার জো নেই যে সে ক্লান্ত। কিন্তু ও-মাস্থটির ধরনই ঐ রকম। অফু বান্ত হয়ে উঠন, তাডাতাডি বেরিয়ে যাচ্ছিল, প্রভাত এসে পথ আটকে দাঁড়াল।

ঐ দেখে নাও তোমার প্রীতি-উপহারের বাণ্ডিল আর এই কানের ছল। ভেলভেটের কেসটি সে অহর হাতে দিল। বলন, যাচ্ছ কোপায় গো? এক্ষ্নি রওনা হয়ে পড় – বিয়ের আগে পৌছে যাবে।

স্থানন্দে অমুর মুখ উদ্ভাসিত হল, রাগ-টাগ কোথার উতে গেছে! বলল, যাব, বাস্ত হোয়ো না। কোন্ সকালে বেরিয়েছ—তোমার ঠিক কিংধে পেয়েছে। পায় নি?

ষাড় নেড়ে প্রভাত বলল, হাঁা, আকণ্ঠ কিংধ। তোমাকেই খেয়ে ফৈলতে ইচ্ছে হচ্ছে। যেতে দিচ্ছি না। জান তো, কথামালায় বলেছে, উপস্থিত ছাড়তে নেই।

মূথ টিপে হাসতে হাসতে সে এগিয়ে এল। অনুপমা বলে, সরো, ছি-ছি! ঐ হাসছেন ওঁরা দেখে দেখে— ষ্মপ্রতিভ হয়ে প্রভাত চারিদিকে তাকাল। কই ? কারা ?

দ্বষ্ট অফু ততক্ষণে দরজা অবধি চলে গেছে। দেয়ালের উপর দিকে দেখিয়ে চঞ্চল পায়ে সে বেরিয়ে গেল। দেয়ালে বিছাসাগর ও দেশবদ্ধুর ছবি। প্রভাত উদ্দেশে প্রণাম করল।

ক্ষ্ধার সম্বন্ধে প্রভাত অত্যুক্তি করে নি। ভূলোম্ম মা লুচি ভাজছে, অফু পরিবেশন করতে লাগল। থালাটা একদম নিঃশেষ করে পুরো একটী গ্রাস জল খেয়ে তবে সে কথা কইল। বলল, কালই চলে যেতে হবে, থাকবার জো নেই।

অন্তপমা ভালমান্তবের মতো বলল, খাওয়ার হাকামা তো থাকল না। ভূলোর মাকে বলে যাব, বিছানা-টিছানা করে দেবে। অস্থবিধে হবে না।

প্রভাত প্রশ্ন করল, বিয়ে-বাডি সমস্ত রাত কাটাবে নাকি?

অমুপমা বলল, হৈ-চৈয়ের মধ্যে আ**ন্ধ** তো চোখের পাতা এক করতে দেবে না। তারপর কালকে মাসিমার চিলেকোঠা দথ**ল করব।** কাউকে চুকতে দিচ্ছি নে সেখানে।

একটু পরে অফু তৈরি হয়ে এসে দাঁড়িয়েছে।

প্রভাত বলল, দেখ, একটা কথা ভাবছি—কাজ বখন হয়ে গেল, রাতে রাতে রওনা হয়ে পড়ি। অনর্থক একটা দিন কলেজ কামাই করে ফল কি?

অনুপমা মাথা ছলিয়ে সায় দিল, তা ঠিক, রবিবারের কলেজ কিছুতে কামাই করা যায় না।

বার-দিন-ক্ষণ হিদাব করে মাহুষ সব সময় কথা বলেনা। কিছ

প্রভাত ঠকবার ছেলে নয়। একটু উক্ষভাবে বলল, যায়ই না তো! আমাদের প্র্যাকটিক্যাল ক্লাস সমস্ত রবিবারে।

অমুপমা নিরুত্তরে জুতোজোড়া এনে প্রভাতের সামনে রাখল। তবে এটা পরতে আজ্ঞা হোক।

তোমার সঙ্গে যাব নাকি!

হেসে উঠে অন্ন বলল, সেটা কি ভাল হবে? নেমস্তন্ন একলা আমার, তোমায় তো বলোন। বিনি-নেমস্তন্নে যাওয়া—ছিঃ!

প্রভাত মন্তব্য করল, ষেতে আমার বয়ে গেছে।

অমু বলল, ঘাটে সতীশ-দা আমার জন্ম নৌকা নিয়ে আছেন।
তোমাকে ঐথান থেকেই আর একটা ঠিক করে দেওয়া যাবে।
রবিবারের ভয়ানক কলেজ—দে তো কিছুতেই কামাই করা
বাবে না—

রাগে রাগে প্রভাত জুতো পরল। নিজের ব্যাগটা নিয়ে এগিয়ে চলল।

এটা সেটা দিয়ে অন্তপমাও একটি মোট বেঁধেছে কম নয়। আঙ্কুল দিয়ে দেখিয়ে আবদারের হুরে বলল, বা-রে…ওটা ?

প্ৰভাত বলগ, লোকজন কেউ নেই নাকি ?

কোথায়? নীলমণিকে বাবা নিয়ে গেছেন। ভূলোর মা মেয়েমাস্থ—সে তো পারবে না। মাধব-কাকাকেই বা বলি কি করে?

প্রভাত বিরক্ত গলায় বলল, তবে ঘাট থেকে মাঝিরা এসে নিয়ে যাবে। মুটেগিরি করা আমার ব্যবসা নয়।

অফুপমা বলে, সমন্ত রাত ধরে তবে ঐ হোক। বলনে

কেন আমায় যেতে? বিয়ে দেখে আমার কাজ নেই, আমি যাব না।

অতএব নিজের ব্যাগ বাঁ-হাতে নিমে, সেই বিশাল মোট টেনে তুলতে হল। দস্তরমতো ওজন আছে। কাপড়চোপড়, বালিশ, তোষক, সতরঞ্চি—গোটা সংসার যেন সঞ্চে চলেছে।

প্রভাত বলল, মতলব কি? মাসিমার বাড়ি পাকীপাকি বসত করবে নাকি?

অন্ধ অভয় দিল, না, ব্ধবার নাগাত চলে আসব। তার বেশি নয়। মাসিমার সঙ্গে সেই রকম কথা। কাজের বাড়িতে কত মান্ধুৰ-জন এসেছে—কোথায় বিছানা, কোথায় কি, আমার আবার পরের বিছানায় ঘুম হয় না তাই গুছিয়ে নিয়ে যাচ্ছি।

ঘাট থুব কাছেই। কিন্তু প্রভাতের মনে হতে লাগল, কত যুগ চলেছে—পথ আব ফুরোয় না বোঝার ভারে হাতের কমুই যেন চিডে পড়ছে।

অনু প্রস্তাব করল—আহা, মাথায় কর না কেন? জামাই আছু, আছু। রাতে কে দেখছে, কে-ই বা চিন্বে?

তা ছাড়া উপায়ও কিছু ছিল না। সিন্ধের পাঞ্জাবির উপর ছই কাঁথে সে ত্-হাতের বোঝা চাপাল। বর্ষাকাল—রাস্তায় জল কালা; চিকচিকে জ্যোৎস্না পড়ে কোন্টা জল, কোন্টা মাটি ঠিক করবার জ্যো নেই। জলের উপর পাম্প-স্থ সমেত পা পড়ে, জল-কালা ছিটকে উঠে মুখ-চোথ ভাসিয়ে দেয়। অন্ধ ঠাট্টা করে ওঠে—দেখো—দেখো, বিছানায় লাগে না যেন। বিয়ে-বাড়ি কত কুটুষ এসেছে তারা বলবে কি?

অনেক হুংথে ঘাটে পৌছান গেল। কিন্তু কোণায় নৌকা, কোণায় বা সভীশদা! ভাঁটার টানে জল নেমে গেছে, নদীর বুকে অনেক দ্র অবধি নোনা কাদাকে যেন যত্ন করে নিকিয়ে রেখেছে।

অমু ববেচনা করে বলল—তা হলে ওঁরা ঠিক বাঁওড়ের মূথে নৌকা বেঁধে খাছেন।

অভএব আবার সেই বাঁওড় অবধি। প্রকাণ্ড এক বটগাছ মাঝ-নদী পর্যাস্ত ডালপালা ছড়িয়ে দিয়েছে; ফাঁকে ফাঁকে জ্যোৎস্না পড়েছে। দেখা গেল, রয়েছে বটে একখানা ছোট পানসি। প্রভাত ডাকতে লাগল—মাঝি, মাঝি!

কারও সাড়া নেই। বিরক্ত হয়ে সে নেমে পড়ল। নৌকায় পৌছে গল্মের উপর বোঝা নামিয়ে নিশাস ছেড়ে বাঁচল। দাঁড় বোঠে সমস্ত রয়েছে—কিন্তু মামুষ নেই।

জিজ্ঞাসা করণ—এই নৌকো ত বটে ?

অন্থ বলল---বা-রে এদূর থেকে বোঝা যায় বুঝি !

বটের গুঁড়িতে ঠেস দিয়ে ছই পা ছড়িয়ে দিব্য নিশ্চিম্ভ ভাবে দে বদে পড়েছে। প্রভাত বলল—ওথানে থাকলে চলবে? আসতে হবে না?

—আলতা ধুয়ে যাবে যে ?

ঝাঁজের সঙ্গে প্রভাত বলগ—তবে কি করতে হবে, অন্তমতি হোক!

বেহায়া অন্থ ফস করে বলে উঠল—হাাগো, তুমি একটু নিয়ে যাও
না! একফালি জ্যোৎস্না পড়েছে তার মুখে; তরল কঠে সে বলতে

লাগল—অত বড় বোঝা ছটো নিয়ে গেলে আর আমার বেলাতেই পারবে না?

প্রভাত বোধকরি মনে মনে সেই তুলনা করে দেখল; নিরুত্তরে কুলে উঠল। তারপর এদিক-ওদিক চেয়ে—যেন পালকের তৈরি মান্তব — অন্তকে সে অচ্ছন্দে কাঁধের উপর ফেলে আবার কাদায় নেমে পড়ল। মাঝামাঝি পর্যন্ত বীর-বিক্রমে এসে হঠাৎ প্রভাত থমকে দাঁড়াল।

— एक मिरे ?

অরু ভয়ে আঁকড়ে ধরল।—না, না, পায়ে পড়ি-—আমার কাপড়-চোপড় সমস্ত নষ্ট হয়ে যাবে।

—তবে কথা দাও, রাত্রেই ফিরে চলে আসবে ? অন্ন তংক্ষণাৎ স্বীকার করল—হাাঁ।

—হাঁ। বললে শুনি নে। গা ছুঁয়ে দিবিয় করে বল, যা হয় একটা
কিছু বলে যেমন করে পার চলে আসবে।

এবার অন্থ থিল-থিল করে হেসে উঠল।—হাঁা, গো মশাই, হাঁা।
আপনি না বললেও তাই করা হত। পদ্মগুলো মার জিমায় ফেলে
দিয়ে তক্ষ্নি আবার এই নৌকায় ফিরে আসবে। মশাইকেও তাই
টেনে নিয়ে যাওয়া হচ্ছে। ভেবেছিলাম, আগে কিছু বলব না—তা
হবার জো আছে?

নৌকায় উঠে অস্ক সতর্কি বিছিয়ে গড়িয়ে পডল। ছ-আঙ্লে রগ চেপে ধরে বলল—উছ-ছ—ছি ডে পড়ছে মাথা। ওমা, বসে বসে কি করছ, একটু টিপে দাও না গো। বলেই আবার হেসে উঠল। আজ যেন তার কি হয়েছে, কেবলই হাসি পাচ্ছে।

প্রভাত হাসল না; চিস্তিত খবে বলল—কিন্তু মাথাধরা বললে।

সতীশ-দা ভূলবেন না, অন্ত একটা মতলব বের কর। কোণার সতীশ-দা?

অস্থপমা বলল—বোনের বিয়ে, বাড়িতে কত কাজকর্ম—তিনি কি এখানে বদে রয়েছেন ?

—বললে যে, তিনি নৌকো নিয়ে আছেন। এ পানসি কার তবে?

অফপমা তাচ্ছিল্যের সঙ্গে বললে—জেলেদের কারও হবে বোধ হয়।

—চমৎকার! কিচ্ছু ঠিক নেই—এদিকে বিছানাপন্তর পেতে ঘরসংসার সাজিয়ে বসেছে।

প্রভাত চিৎকার শুক্ষ করল—মাঝি। মাঝি!

ভাঁটার জলের কল-কল শব্দ, পাড়ের উপর ঝিঁঝির ডাক, বটের পাকা ফল খেতে এসে বাহুড় পাধা ঝটপট করছে...তা ছাড়া কোন দিকে আর কোন সাড়াশব্দ নেই।

অন্তপমা বলল—জেলেপাড়া কি এখানে? ছ:জোশ পথ' সমস্ত রাত চেঁচালেও কেউ গুনতে পাবে না। দরকার কি! এ রাইচরণের নৌকো। সে ভাল লোক, বাবার প্রজা—কতবাব গিয়েছি এই নৌকোয়। ডাকতে হবে না, তুমি চল।

প্রভাত এবার সত্যিই চটে উঠন। হাঁা, এটে বাকি আছে, মাঝি হয়ে নৌকো বেয়ে তোমায় নিয়ে যাই, লোকে ধন্ত ধন্ত করবে—

অমূপমা অমূনয়ের স্থরে বলল—তা আর কি করবে বল। উপায় ত নেই। রাত্তে কেউ দেখতে পাবে না। আড়ালে আবডালে লোকে স্থামন কন্ত কি করে থাকে। তুমি এত কবলে—কলকাতা থেকে ছুটে এলে—আর মালতীর বিয়ে দেখা হবে না, তা ত হয় না।

প্রভাত কিছুতে রাজি নয়।

—তোমার মাধব কাকাকে ডাক গিয়ে। পারেন ত তিনি পৌছে দিন।

অন্ন বলশ—তুমি জোয়ান যুবো, রোয়িং প্রাকটিশ কর, তুমি বড় দিলে—আর বুড়োমান্থর মাধব কাকা দেবেন পৌছে! জ্বানি, যাওয়া হবে না—মাথাধবার উপর অনর্থক এই রাত্রে ইটিাইটি—

নৌকায় গলুয়ে প্রভাত চুপচাপ বসে আছে, ওদিকে ছঁইয়ের মধ্যে অমুপমা শুয়ে পড়েছে কি— কি করছে কিছু বোঝা যাচ্ছে না। থানিক পরে ঝপ্পাস করে দিল বোঠের এক টান।

চারিদিক জ্যোৎসায় ডুবে আছে। হাটথোলার দোকানের আলো দেখা যাচ্ছিল, দেখতে দেখতে তা-ও পিছনে পড়ে গেল। অফুপমা বাইরে এসে বসেছে। প্রভাত বলল—কোথায় খালে চুকতে হবে, বলে দিও। পথ চেন ত সভ্যি?

অন্ন বলল—খুব, খুব —এক বাঁক আগের থেকে বলে দেব। আর বলতেও হবে না—বাজনাই বলে দেবে। একটুথানি রাথ দিকি বোঠে—

মুহূর্তকাল ছ-জনে উৎকর্ণ হয়ে শুনল। অনুপমা চোথ বড় বড় করে উজ্জল মূথে বলল—শুনতে পাচ্ছ না? ঐ যে বাজনা, শোন—

অনেক দূর থেকে ঢোলের অস্পষ্ট আওয়াজ আসছিল। অস্থ বলল
—আর কি, পৌছে ত গেলাম । থুব মজা লাগছে কিন্তু—আমার

মাথাধরা ছেড়ে গেছে। আ:, তোমার এই বোঠে বাওয়ার জালার আমি যাই কোথায়!

প্রভাত বলল—না বাইলে নৌকা চলবে কেন ?

অন্ত রাগ করে বলে—চলে কাজ নেই! সব তাতে তুমি ব্যস্ত-বাগীশ। এত সকাল সকাল বিমেবাড়ি গিয়ে কি করব শুনি! আন্তে চালাও:—

এ প্রস্থাবে প্রভাতের খুব মত আছে। আলগোছে সে বোঠে ধরে রইল। পানসির গতি মন্থর হল।

অমপমা বলতে লাগল—এই ব্ৰক্ম যদি যেতে থাকি—কেবলই যেতে থাকি - কেবলই যেতে থাকি—

প্রভাত বলল—ভা ত হবে না। জোয়ার এলে নৌকো উণ্টো-মুখোফিরবে।

অস্ত জেদ ধরল-ধরো, জোয়ার যদি না-ই আসে!

ষ্পতএব জোয়ার না আসাই সাব্যস্ত। প্রভাত বলল-তা হলে বে-ষ্মব-বেশ্বলে পড়ব-

- —তারপর ?
- —ভারপর সাগরের মাঝখানে। চারিদিকে কালো জল, ক্ল-কিনারা নেই, পাহাড়ের মতো ঢেউ—
- উ:, কি চমৎকার! আহ্লাদে অস্থ হাততালি দিয়ে উঠল।— কেমন নাগরদোলার মতে। দোলা ধাবে। কি স্থলর!

প্রভাত বলগ—স্থলর না হওয়াই সম্ভব। পানসি ভূস্ করে অথই জলে ডুব দিয়ে বসতে পারে—

--বা: বা:, তারপর ?

প্রভাত বলতে লাগল—বড় বড় হাঙর, কুমীর—

অম্ব প্রতিবাদ করে উঠল—না, তুমি কিছু জান না। হাঙর-কুমীর না আরও কিছু! কত মণি-মুজো-প্রবাল দেখানে—মস্ত বড় রাজবাড়ি, দোনার পালক—

প্রভাত বলল—বাজনা স্পষ্ট শোনা যাচ্ছে কিন্তু। এসে পড়েছি। তারপর হেসে উঠে বলল—এইবার ঠিক বল অন্তু, পাতালের রাজবাড়ি সোনার পালকে শুতে যাবে, না বিয়েবাড়ির বাসর জাগবে ?

অন্তপমা গন্তীর হয়ে গেল। বলল—সত্যি, বিয়ে দেখার লোভ আমার নেই তেমন। তুমি এক কাজ করবে? আবার একটু ভেবে নিয়ে বলল—মাসিমাদের ঘাটে উঠে চট করে পছার কাগজগুলো কারো কাছে দিয়ে এস, বাবার হাতে যেন পৌছে দেয়—ব্যস। তারপর নৌকোয় করে থুব ঘোরা যাবে।

কৈ ফিয়তের স্থরে বলতে লাগগ—মানে, আর কিছু নয় · · ভাবছি, অত ভিড়ের মধ্যে মাথাধর। আবার বেড়ে যাবে। · · তুমি হাসছ কেন বল ত ? মিছে কথা বলছি নাকি ?

প্রভাত ঘাড় নেড়ে বলে হাসি নি ত। কি সর্বনাশ—হাসি কোথায় দেখলে? ঠিক কথাই বলেছ—নৌকোয় বেড়ানো শিরংপীড়ার ভাল অষুধ।
কেন্দ্র পথ্য দিতে গিয়ে আমায় যদি ও-বাড়ির কেউ চিনে ফেলে—তথন?

অন্ত বলল—আর আমিও একলাটি বুঝি নৌকোয় বসে থাকব! যা
আমার ভয়···হি-হি-হি—

তারপর বলল—যাচ্ছ কোথায় গো? ডাইনে ঘোরাও…এই যে থাল— থালের জল নদীতে পড়ছে, উজান ঠেলে নৌকা উঠবে। অহু ধাঁ করে কোমরে আঁচল জড়িয়ে লগি হাতে উঠে দাঁড়াল। বলল— একা তোমার ক্ষমতায় কুলোবে না, নৌকোর মাথা ঘুরিয়ে দাও এইবার।

প্রভাত সকাতরে বলন—ও মৃতি দেখে আমারই মাথা ঘুরে পড়বার জোগাড়—নৌকো ঘুরোব কি ? স্থিরো ভব, অন্থ লক্ষীটী—

ষষ্ঠীর চাঁদ্ধ উঁচু বাঁধের আড়ালে ঢলে পড়ল। আবছা আঁধারে চারিদিকে রহস্থাময় হয়ে উঠেছে। জোয়ারে থালের জল ক্লের উপর অল্প আল্প আঘাত দিতে শুক করেছে। ত্-জনে কত গল্প চলেছে, গল্পের শেষ নেই।

মাঝে প্রভাত একবার বলে উঠন—ঠিক যাচ্ছি ত?

- —অমু বলল—হাা-হাা, ঐ যে বাজনা—
- —কিন্তু আঁধার হয়ে পডল যে!

ষত্ম বলন—কেরবার সময় একটা ম্বালো জোগাড় করে ম্বানতে হবে।

জোয়ারের জল ফেঁপে উঠেছে, চেঁচো ও শোলার জঙ্গলের মধ্যে থালের সীমা মিলিয়ে আসছে। সেই জঙ্গলের দিক থেকে একটা তালেব ডোঙা সন-সন করে বেরিয়ে এল। ডোঙার লোক হাঁক দিল—কারা?

—বিয়ে-বাড়ি ষাচ্ছি।

কিছু না বলে ভোঙা পাশ কাটিয়ে বেরিয়ে গেল।

প্রভাত সন্দিশ্ব ভাবে বলল—এত সময় ত লাগবার কথা নয়।

অমুপমা বলল—আর ত এসে গেছি। বিলটা ছাড়িয়ে সারি সারি তিনটে তালগাছ—মাসিমাদের ঘাট সেই খানটায়।

চলেছে—চলেছে—তালগাছ আর আসে না। রাত কও হয়েছে,

কে জানে? অন্ধকার গাঢ় হয়েছে। প্রভাত হাত-ঘড়ি দেখবার চেষ্টা করল, নজরে এল না। ক্লান্ত হয়ে সে বোঠে রেথে দিল।

—নিশ্চয় ভূল পথে এসেছি। কোথায় ঘাট? ধানবনে এসে পড়েছি হৈ।

অমুপমা বলল—ঐ যে ঢোল বাজছে।

বিবক্তির স্থরে প্রভাত বলল—ঢোল কেবল তোমার মাসিমার বাড়ি বাজচে, তা ত নয়। আজ বিয়ের দিন—বিয়ে আরও কত জায়গায় হচ্চে। তিন চার ঘণ্টা বেয়ে মরছি—বিলেব শেষ হয় না, এ কি রকম?

শুনে অনুর গা চমচম করে উঠল। শুকনো মুথে বলল—তা হলে গ্রাম যে দিকে, দেই মুথো চালাও। কাউকে জিজ্ঞাসা করে নেওয়া যাবে।

অনেক দূরে অস্পষ্ট আলোর রেথা। সেই আলো লক্ষ্য করে প্রভাত প্রাণপণে লগি ঠেলতে লাগল। থাল আর নেই—একগলা ধানবন। তারই মধ্য দিয়ে চলল। আরও থানিক গিয়ে নৌকো আর নড়ে না। কাদায় আটকে গেছে, লগি বসে যায়, জোর পাওয়া যায় না।

অনুপমা বলল—ডাকাতের বিলে এসে পডি নি ত ?

প্রভাত নামল—একটু একটু জল আছে; জল কাদায় প্রায় কোমর অবধি ডুবে গেল। কুয়োর মধ্যে পাট পচছে, হুর্গন্ধে নিশাস বন্ধ হয়ে আসে। গায়ের সমস্ত শক্তি দিয়ে নৌকা টেনে চলেছে—কিন্তু কোথায় গ্রাম, কোথায় বা থাল।

দূরে আবার থট-থট শব্দ পাওয়া গেল; লগি ঠেলে ডোঙা বা নৌকা নিয়ে কেউ চলেছে। প্রভাত চেঁচিয়ে পথ জিজ্ঞাসা করবে, কিন্তু তার আগেই অন্থ খুব ব্যাকুল হয়ে মুখে হাত চাপা দিয়ে টেনে তাকে নৌকায় তুলে নিল।

—ব্যাপার কি ?

অমু বলে—চুপ, চুপ! কানের কাছে মুখ রেখে বলতে লাগল—
ঠিক ডাকাতের বিলে এসে পড়েছি। বড় ভয়ানক জায়গা। মামুষ
মেরে কাদার নিচে পুঁতে রাখে। আমার গায়ে গয়না রয়েছে—

চোথের জল হঠাৎ ঝর-ঝর করে গড়িয়ে পড়ল। নি:শব্দে ত্'জনে
পাশাপাশি বদে রইল। ধানবনের মশা ঝাঁকে ঝাঁকে এদে পড়ছে—
কিন্তু পাছে শব্দ হয়, নড়াচড়ার জাে নেই। মাথার উপর তারা ঝিলমিল
করছে। এক-এক বার জােরে হাওয়া দেয়, ধানগাছ থস-খস করে,

…শত-সহস্র মান্ত্রম যেন চুপি-চুপি কথা বলে ওঠে। ডাকাতের বিলের
আনক গল্প অফু আশৈশব শুনে এসেছে—হাজার হাজার মান্ত্রম খুন
হয়েছে এথানে—কত শিশু, কত বুড়ো, কত কুলবধ্! নিশুতি রাতে
ধানবনের মধ্য দিয়া কলালগুলাে যদি একের পর এক বেরিয়ে আদে—
এসে নৌকা ঘিরে সারবন্দি সব জামাই-মেয়ে দেখতে দাঁড়িয়ে যায়!
অফু চোথ বুজে প্রভাতের কোলের উপর মুধ ঢেকে পড়ল।

এরকম ভাবেই বা চলে কতক্ষণ! আস্তে আস্তে মাথাটা নামিয়ে আবার প্রভাত নেমে পড়ল। নৌকা অবিশ্রাস্ত টেনে চলেছে, রাত্রির হিমের মধ্যে গা দিয়ে দরদর করে ঘাম ঝরছে। মাঝে মাঝে আর যেন পেরে ওঠে না, দাঁড়িয়ে দাঁড়িয়ে হাঁপায়। অনেকক্ষণ চুপ করে দেখে অনু আর পারল না, কাতর কপ্তে বলল—ওঠো—বা-হয় হোক। নৌকা থাক এখানে—

প্রভাত নাছোড়বান্দা। মাথা নেড়ে বলল—আর একটু—

অমু বলন—জোর না কি ? তুমি উঠবে কি না বলো।
প্রভাতের হাত টানতে গিয়ে নিজেই নেমে পড়ল।
প্রভাত রাগ করে বলন – শরীর থারাপ, তার উপর জল বসানো
ঠিক হচ্ছে কি ?

—নৌকা-বাওয়া মাঝি, তুমি ডাক্তারির বোঝ কি?

বলেই অন্ন থিল-থিল করে হেদে উঠল। হাসি তার একটা রোগ, যত ত্বংথ হোক, না হেদে সে বেশিক্ষণ থাকতে পারে না।

প্রভাত বলল—জ্বল বাড়ছে, তুমি ওঠো। এইবার খাল পেয়ে যাব বোধ হয়।

খালই বটে। অনেক কষ্টের পর ঈশ্বর মুখ তুলে চেয়েছেন। ভরা জোয়ারে কুল ছাপিয়ে বিলের অনেক দ্র অবধি জল এসেছে। হাটুজলে দাঁড়িয়ে ছ-জনে গা-হাত পা ধুয়ে নৌকায় উঠল। প্রভাত লগি ধরে খালের ক্লে ক্লে উজান বেয়ে চলল। তারপর নদীতে এসে পড়ল।

নিশ্বাস ফেলে বলে উঠল—রক্ষে পাওয়া গেল। যে ভয় তুমি
দেখিয়েছিলে!

অন্থ বলল— উ:, আমরা কত এগিয়ে এসে পড়েছি। এমন মামুষ তুমি গল্প করতে গেলে আর জ্ঞান থাকে না।

প্রভাত বলল-আর গর করছি না, তুমি নজর রেখো। ফিরতি পথে চলেছি-বাড়ি ছেড়ে আবার এগিয়ে না পড়ি।

অমূপমা বলন—সে রকম অনাড়ি নই। এক বাঁক আগের থেকে বলে দেব, দেখো।

সেধানটায় নদী বড় সক্ষ, তু-পারের গাছপালা ঝুঁকে পড়ে ভয়ানক

আঁধার করেছে। ক্লাস্ত প্রভাত চুপচাপ বোঠে ধরে বসে আছে, স্রোতের টানে নৌকা আপনি চলেছে। ওপারের দিক থেকে হঠাৎ কর্কণ কণ্ঠে আওয়াজ এল, নৌকো নিয়ে গেল কোন্ স্থম্নি গো? দেখতো কি জালা!

স্থার একজন বলন, আজকাল বড্ড উৎপাত স্থারম্ভ হয়েছে। একটা বিহিত হওয়া দরকার।

বিহিত আজই হবে। যাবে কোথায়? উড়ে যেতে পারবে নাতো। দেখতে পেলে পাঁড়ের ঘায়ে মাথা ছ-ফাঁক করে দেব। এগিয়ে চলো দিকি—

পাড়ের কাছে জঙ্গল, প্রভাত লগির ধাকা দিয়ে প্রাণপণ বলে নৌকার মাথা তার মধ্যে ঢুকিয়ে দিল।

অমু বলল, উ হু-ছ কেয়াবন—আমার হাত ছডে গেছে।

প্রভাত বলল, কোন্ নৌকোর কথা বলছে, আমাদের এটা নয় তো?

কি জানি।

বিরক্ত কঠে প্রভাত বলল, বেশ লোক তুমি। এই যে বলছিলে, এ তোমাদের কোন্ প্রজার নৌকো।

স্থাবার একটা ধাকা দিয়ে প্রভাত নৌকার আর থানিকটা কেয়ার ঝাড়ের নিচে ঢুকিয়ে দিল। অফু শিউরে উঠল, কেয়াবনে সাপ থাকে।

প্রভাত বলল, সাপের বিষের চিকিৎসা আছে, মাথা তৃ-ফাঁক হলে।
আমার জোড়া দেওয়া যাবে না।...ঐ ওরা খুঁজে বেড়াছে।

ঝপ-ঝপ করে তিন-চারটা দাঁড ফেলে খুব জোবে একখানা নৌকা আসছে—কাছে এসে পড়ল—একেবারে হাত ছই-ভিনের মধ্যে। প্রভাত বলল, চুপ, চুপ।

ওদেব নিশ্বাস পডছে কিনা সন্দেহ। হঠাৎ বিপুল বেগে দাঁড এসে লাগল এ নৌকার গায়ে—অফুপমা যেথানে বসে আছে, প্রায় সেই জায়গাটায়।

বাবা গো! অনু আর্তনাদ করে উঠল। এমন কাঁপছে, বুঝি বাজলেই পডে যায়।

কি? কি? কারা?

অপর নৌকা দাঁড় থামিয়েছে; হেরিকেন উঁচু করে দেখছে। আলোয় প্রথমটা চোখে ধাঁধা লাগে, তাবপর দেখা গেল, যাক—মাথা দুফাঁক করার মাহুয় নয়, সতীশদাদা।

অমু বলগ, সতীশ-দা, আমি—আমি—

ছইয়েব মধ্যে থেকে অন্তর মা তাডাতাডি বেরিয়ে এলেন।

খুকি নাকে? ঘাটে কি করিস? তিনি অবাক হয়ে গেছেন।
বলতে লাগলেন, একলাটি পড়ে আছিস, বর ঘবে চুকতেই তাই
তাড়াতাডি সতীশকে নিয়ে এলাম। তোবা বৃদ্ধি এখন রওনা ইচ্ছিস?
মাধব কোথায়? ও মাধব!

অমু বলল, মাধব-কাকা নেই।

সতীশ বলল, তবে কার সঙ্গে যাচ্ছ? নৌকো কোন্ মাঝির? নৌকোর মাঝি বোঠে রেখে অগত্যা এসে দর্শন দিল।

বাবাঞ্জি?

সতীশের দিকে তাকিয়ে প্রভাত আমতা-আমতা করে বলতে

লাগল, কি করা যায়, বলুন। মাধাধরায় ছটফট করছিল। বলল জলো হাওয়ায় নৌকোয় গিয়ে বলব।

সতীশ উদ্বিগ্ন স্বরে জিজ্ঞাসা করল, এখন আছে কেমন ?

সেরেছে। কি রকম কাদার প্রলেপ লাগিয়েছে দেখুন না। ও বড্ড ভাল ওয়ুধ।

অন্তপমার দামি শাড়িতে, চুলের উপর, কপালে, নোনাকাদায় অপরূপ শ্রী খুলেছে। আঁধারে এতক্ষণ নম্ভরে আসে নি। সেদিকে তাকিয়ে মৃহ হেসে প্রভাত মুখ ফিরিয়ে নিল।



নন্দলাল গম্ভীরভাবে বোঝাতে লাগল, আমাকে ভয় না কর, না-ই করলে। নরকেব ভয় তো আছে। পতি পরম গুরু—শাস্তে রয়েছে।
যথন যা বলি—কথা-টথা গুনো, ভক্তিশ্রদ্ধা কোরো, ব্যুলে ?

মণিমালা পানেব বাটা নিতে এসেছিল, তাই নিম্নে চুপচাপ বেবিষে গেল। শান্ত্রীয় বচন তাকে কতথানি বিচলিত করেছে, ঠিক ঠাহব কবা গেল না।

দবদালানে মেঝের উপর একরাশ বালিশ জ্বড় করে পিসিমা বংশ বংস অড পরাচ্ছিলেন। নন্দ সেখানে গিয়ে দাঁড়াল। পিসিমা তাডাতাডি বংশ উঠলেন, এখন নম্ন বাবা, এখন অনেক কাজ। বিকেলের দিকে শুনব।

নন্দ বলল, কাজ কববে হাতে, কানে শুনতেও আপত্তি? বেশ, কোন কথা যদি আমি কাউকে কোনদিন বলি! অভিমানে তার গলা আটকে এল।

ওদিকে মতিলাল খড়ম পায়ে খট-খট করে এলেন।

ধরে স্থা, তোর গুলের কোটোটা দে তো একবার। দাঁড কন-কন করছে, ঐ দিয়ে দাঁড মেজে দেখি। তারপর ছেলের দিকে নজর পড়ল! রুষ্ট হয়ে বললেন, নন্দ, তুই এখানে? তোকে বললাম না, নায়েব মশায়ের সঙ্গে সেহার যোগগুলো মিলিয়ে নিগে—

নন্দ তাড়াতাড়ি বলল, আজে, জ্বল তেষ্টা পেয়েছে। একমাস জব্ব থেয়ে যাছিঃ।

যোগের নামেই জলতেষ্টা, তবে অঙ্কে অনার্স নিয়েছিস কোন সাহসে?

নন্দ ততক্ষণে ধৃপ-ধাপ সিঁ ড়ি বেয়ে নিচে নেমে গেছে।

মতিলাগ চৌকির উপরে বঙ্গে দাঁত মাজতে লাগলেন। স্থপদা বলনেন, যাই বল দাদা, তুমি বড় একচোখো, তোমার কোন বিচার নেই। নন্দাটা লাগিয়ে গেল বুঝি!

স্থপদা হাসিমুথে বলতে লাগলেন, তুমি ওর কথা কানেই নেও না, ধ্বন তথন গালিগালাজ কর। তাও পরের বাড়ির ঐ একফোটা মেম্বের দামনে। হাজার হোক, ওর বয়স হয়েছে, বৃদ্ধি জ্ঞান হয়েছে— মতিলাল হো-হো-হো করে হেসে উঠলেন।

হয়েছে না কি? কই, এত সব হয়েছে, আমি তো কিছুই
জানি নে—

স্থপদা বললেন—না দাদা, হাসি নয়, ও বড় তুঃথ করে বলছিল, জামি মা-মরা ছৈলে, তা বলেও বাবার একটু দরদ নেই।

মতিলাল বললেন, আমার যে মা-বাপ হুই-ই মরা। আমার মাকে ও রাতদিন ক্ষেপাবে কেন? স্থী তুমি ওকে মানা করে দিও, ও আমার মা-কে না জালায়। তা হলে আমিও কিছু বলব না।

মায়ের নাম করতে করতেই মা-টি ওদিকে স্বয়ং এসে হাজির।
পনের-যোল বছরের ফুটফুটে মেয়ে—পরনে নীলাম্বরি শাড়ি—চোথে-

মুখে চাঞ্চল্য উছলে পড়ছে। পানের বাটা কাপড়ে ঢাকা দিয়ে ছুটতে ছুটতে এসে দাঁড়াল।

বাবা, দেখুন—দেখুন কি কাণ্ড—

কি রে?

মণিমালা ঢাকা খুলে পানের বাটা মেঝের উপর রাখল। সে তথনও হাঁপাচ্ছে। বলতে লাগল, আমি পান সাজছিলাম—

স্থ্যদা বললেন, স্কালবেলা পান কি হবে রে ?

কি হবে, বাসরে! মণি চোথ বড় বড় করে বলতে লাগল, বাবার থেয়ে উঠে লাগবে হটো পান, আবার সন্ধাবেলায় হটো, আপনার লাগবে হটো—ক-টা হল ?

স্থদা হেদে ফেললেন।

তবু ভাল! আমি ভাবলাম, বুঝি বা তোর কোন ছেলেনেয়ের বিয়ে দিচ্ছিদ—যজ্জির বাড়ি—সকালবেলা থেকেই পানের দরকার। সেই কোন ছপুরে লাগবে, এখন তাই সাজতে লেগে গেছিস?

মণিমালার নালিশ তথন পর্ষস্ত বলা হয় নি! অধীরভাবে মাথা
নেড়ে সে বলল, বাবা তাবপর শুরুন সে কথাটা—

মতিলাল বলিলেন, তুমি কাছে এসো।

কাছে এসে দাঁড়ালে সম্নেহে তিনি তার ম্থের ক-গাছি উড়ন্ত চুল সরিয়ে বললেন, আগে আমার কথাটা শোন দিকি! তুমি কাজ করতে পাবে না, কাজের লোক আমি ছ-চক্ষে দেখতে পারি নে। পদ্ম আছে, সৌদামিনী আছে, পানের বাটা তোমার ছোঁবার দরকারটা কি মা? তুমি শুধু ঘূর-ঘূর করে এ-বাড়ির উপর-নিচে আলো করে বেড়াবে—ব্ঝলে?

জাচ্ছা। মণি তৎক্ষণাৎ রাজি। এসব বাজে প্রসঙ্গ এড়াতে

পারলে সে বাঁচে। হাত-মুখ নেড়ে সে বলতে লাগল, তারপর শুরুন না, যা বলছিলাম। আমি পান সাজছি—ও গিয়ে বলে, পান দাও। আমি বললাম, বাবার পান। তবু বলে, দাও। তারপর পান-স্থপারি ছড়িয়ে ফেলল। আমি সব ঢেকে ফেললাম। চুণের ভিবে নিয়ে তাড়া করল। বলে, মুখে মাথিয়ে দেব—

স্থপনা হাসতে লাগলেন। মতিলাল বললেন, ও ডাকাতকে নিমে তো আর পারি না। আচ্ছা, কি করা যায় বল্ মা? বাডি থেকে তাড়িয়ে দিই—কেমন?

মণিমালা চায় বটে যে অপরাধীর একটা কোন শান্তি হোক। কি**ছ** একেবারে নির্বাসন বোধকরি তার পছন্দ নয়। সে চুপ করে রইল।

মতিলাল বললেন, ভেবে-চিস্তে সে যা হোক একটা-কিছু করা যাবে। তুমি এক কাজ কর, তাড়াতাড়ি ভাল কাপড় পরে গয়না-টয়না গায়ে দিয়ে একেবারে লক্ষ্মী-ঠাকরুণটি হয়ে এসো দিকি। আমি ভতক্ষণে মুখটা ধুয়ে নি। পুরুত ঠাকুর মশায় নিচে বসে আছেন, তাঁকে প্রণাম করতে যেতে হবে।

বেরোবার সময়ই মণির সন্দেহ হয়েছিল,—কেউ যেন ছুটে চলে গেল, আড়ি পেতে সে সমস্ত কথা শুনে নিয়েছে। ঘরে গিয়ে সে পোষাকের আলমারি খুলছে, অমনি আলমারির পাশ দিয়ে বেরিয়ে এল—সর্বনাশ—নন্দলালই যে! সেই চুণের ডিবে তার হাতে।

তোমার একগালে দেব চুণ, আর এক গালে কালি। বলে টেবিলের উপরে দোয়াতটা দেখিয়ে নন্দ গম্ভীর হয়ে দাঁড়াল।

পালাবার জো নেই, একেবারে অতি-কাছে এসে পড়েছে। হাত

বাড়ালেই নন্দ তাকে ধরে ফেলবে। সভয়ে মণি বলল, না, ও কোরো না—ঠাকুর মশাই বদে যে—প্রণাম করতে যাচ্ছি।

नन अविष्ठन । हूरनेत्र मरश आंडुन प्रविख वरन, मिटे ?

মণিমালা মিনতি করতে লাগল, বাবা শিগগির খেতে বলে দিয়েছেন—তিনি রাগ করবেন।

তিনি তো রাগ করেই আছেন। এতক্ষণ ধরে • আমার এত গুণগান কবে এলে।

আমি ? মণিমালা যেন আকাশ থেকে পড়েছে।

হাা গো, হাা—নিজের কানত্নটোকে অবিশ্বাস কবি কি করে?… আমি এবার কি ঠিক করছি জান ?

कि?

দেশান্তরি হয়ে যাব। হাঁ।—চিরদিনের জন্ম চলে যাব। এই জামাটা গায়ে দিযে চুলটা আঁচড়ে নিয়ে এক্ষুনি চলে যাচ্ছি।

এক মুহুর্তে মণিমালার চোথ ছল-ছল করে উঠল।

আমি তাই বলেছি নাকি?

না, তা ঠিক বল নি। সকলেব চক্ষ্ণ্ল হয়ে আছি, আমি গেলেই তো তোমাদের ভাল।

মণি বলল, তুমি আমার সঙ্গে অমন কর কেন?

কি করি? যা একটু-আবটু করি, তার তো এক-শ গুণ করে
লাগিয়ে আমায় গালি বাওয়াও। তোমার কাছে একটা পান চেয়েছিলাম
—না হয় একটু কাড়াকাড়ি করেছি—কিন্তু পানের বাটা ছড়িয়ে ফেললাম
কথন ? কেন মিথো কথা বললে ?

মণিমালা একেবারে ভেঙে পড়ল।

বলতাম না, কক্ষনো বলতাম না—আমার মৃথ দিয়ে বেরিয়ে গেল। আর বলব না।

আর নালিশ করবে না? কখনো না? কোন দিন না?

না। আঁচলে চোথ মূছে মণি বললে, তুমি তা হলে দেশাস্তবি হবে নাতো?

নন্দ এক মৃহুত ভেবে বলল—আচ্ছা, এবাবেব মতো না হয় থেকেই গেলাম। মৃথ টিপে হেসে সে মণির বাটা থেকে টপাটপ তিন-চাবটে পান মুথে ফেলে দিল। মণিমালা লক্ষ্যই করল না, সে আব একদিকে চেয়ে আছে। তারপর সজল চোথে সে গহনাব বাক্স থুলে বসল।

মতিলাল এসে হাঁক দিলেন, কই রে!

নন্দ উদ্বান্ত হয়ে উঠেছে। মতিলাল তার দিকে বিশ্বিত চোথে চেরে বললেন, আমি ভাবছি শ্রীমান এতক্ষণ সাতচল্লিশ সনেব সেহা শেষ কবে আটচল্লিশ সন ধরেছেন। তুই যে কাজের নামে কেবল পাশ কাটিযে বেডাস—দেখ, অকর্মা লোক আমি মোটে ছ-চক্ষে দেখতে পাবি নে।

নন্দ ঘেমে উঠেছে। তাডাতাডি বলল—আজে চটিটা খুঁজে পাচিছ না।

মতিলাল একেবারে আগুন হয়ে উঠলেন।

দেড টাকার চ**ি**জোড়া হারিয়ে ফেললি? নতুন জুতো—এখনও তু-হপ্তা হয় নি। এরকম ছয়ছাড়া স্বভাব—তুই বেটা জামাকে ফতুব করে ছাড়বি।

মণির স্বভাব-দোষ—টিপ্লনি না কেটে থাকতে পারে না। বলল, কি রকম স্থানর জুতো বাবা, কেমন নরম! এখন বাড়িস্থদ্ধ সবাই খুঁজে বেড়াও— মতিলাল রাগ করে বললেন, তুমি কথনো খুঁজতে ধাবে না মা। বদ্ধে গেছে। আমার মা কি কারো দাসী-বাঁদী যে জুতো হারালে জুতো খুঁজে দিতে হবে, ঘুম না হলে বাতাস করতে হবে ? নবাব সিরাজন্দৌলার উদয় হয়েছে আর কি!

নন্দর সঙ্গে মণিমালার চোখোচোথি হয়ে গেল। নন্দ গঞ্জীরভাবে গোঞ্জি পরছে। ভয় হল, একটু আগে যে সব কথাবার্তা হয়েছে তা মণির মনে পড়ে গেল। মণি বলে উঠল, বাবা জুতো খুঁজতে আমায় বলে নি তো। এই এখানে কোথায় আছে,—এক্নি পাওয়া যাবে।

মতিলাল বললেন, না পেলে থালি-পায়ে বেড়াতে হবে, সে আমি স্পষ্ট বলে দিচ্ছি। আমার অত সন্তা পয়সা সেই। তারপর হঠাৎ কণ্ঠ অতি মোলায়েম করে মণিকে বললেন, সে যাকগে।—মা-লক্ষ্মী, তোমার কর কি? এখনও তৈরি হতে পারলে না?

এই বে হয়ে গেল। তাড়াতাড়ি মণিমালা গহনাগুলো পরতে লাগল। গহনার বাক্সর মধ্যে ছল নেই—হীরে-বসানো ছল— মণিমালার মুথ শুকিয়ে গেল, পাতি-পাতি করে গুলিতে লাগল, গহনার বাক্স উলটে ফেলে দিল। কোথাও নেই।

মতিলাল জিজ্ঞাসা করলেন কি ?

कै। प-कै। प हरत्र भगि वलल, वावा, इल शास्त्रि ना ।

দামি হলজোড়া — মতিলাল মনে মনে ব্যস্ত হলেন, কিন্তু বাইরে সে-ভাব দেখাবার জাে নেই, ছেলেমামূষ মণি তা হলে একেবারে কেঁদে ফেলবে। তিনিও থােঁজাখুঁজি করে শেষে তাচ্ছিল্যর সঙ্গে বললেন, আছে কােখাও, পরে দেখলে হবে। ভারি তাে দাম—এক-শ দেড়-শ টাকা—তা বাক্সে, তুমি মুখ্ আঁধার কােরাে না মা, ওর চেয়ে ভাল জিনিব গড়িয়ে দেব। তারপর চিস্তিত স্বরে বললেন, এখনই বা কি পরে যাও? দেখি… স্বন্ধী, ও স্থনী!

ভাক শুনে স্থাদা এসে চুকতে মতিলাল বললেন, কানের তুল আছে ?
স্থাদা বললেন, বাড়িতে তুলের দোকান কি না! কেন, কি হবে ?
মতিলাল বিমর্গভাবে বললেন, দেখ তো মৃশকিল! বউমা ঠাকুর
মশাইকে প্রণাম করতে যাবে, কি পরে যায় ?

স্থান নললেন, একজোড়া হল তো ঐ কানে রয়েছে, কতগুলো লাগবে ?
মতিলাল তাকিয়ে দেখলেন, মণিমালাও হাত দিয়ে দেখল—তাই
তো হল কানেই রয়েছে। কাল রাত্রে সব গন্ধনা খুলে রাখবার সময়
হল আর খোলা হয় নি, সেটা কানেই রয়ে গেছে। মতিলাল হোহো করে হেসে উঠলেন। মণিমালার অপ্রতিভ মুখের দিকে চেযে
বলতে লাগলেন, হল কানে রয়েছে, অথচ তুই দেখিস নি—আমিও
না। যেমন হাবা মা, তেমন হাবা ছেলে।

হঠাৎ হাসি থামিয়ে বললেন, বুঝেছি—আর এক জোডা নতুন ছুল পরবাব সাধ হয়েছে। ফাঁকি দিয়ে তাই আমার কাছ থেকে কথা আদায় করে নিলি। বেশ, বেশ—তাই হবে, মতি মিত্তির এক কথাব লোক—দেশ-স্কন্ধ সবাই জানে। কথা যথন দিয়ে ফেলেছি, কালই সেকরা ডাকব। কিন্তু মা, ও শাড়িতে হবে না তো, ওতে মানাছে না। লাল বেনার্সিটা চট করে পরে এলো, আমি ততক্ষণ প্রণামির টাকা বের করে আনি। বুঝলে?

যাবার মূথে নদকে আবার তাড়া দিয়ে উঠলেন, এখনও জুতো খুঁজে বেড়াচ্ছ? সাদর বাড়ি অবধি থালি পায়ে গেলে ব্ঝি মহাভারত অশুদ্ধ হয়ে যায় ? একেবারে যে নবাব হয়ে উঠছ দিন দিন। যাও—দেরি কোরো না। বাবা বেরিয়ে ষেতে নন্দ বোমার মতো ফেটে পড়ল। দেখলে পিসিমা, বাবার বিচারটা দেখলে? হাসি চেপে স্থখদা বললেন, কি?

চটি আমার হারায় নি, মিছে কথা। নিচে রয়েছে। আর
সত্যি সভিয় যদি হারাত, দেড় টাকা দামের জন্ম বাবা একেধারে
কত্র হয়ে যেতেন—আর ওদিকে ছল থাকতেও দেড়-শ টাকার ছলের
ছকুম হয়ে যায়। অত বড ডাগর পরের বাড়ির মেয়ে—তার সামনে
যথন তথন আমাকে যাচ্ছে-তাই করে বলা…টিপি-টিপি হাসতে হাসতে
চলে গেল, আমি স্পষ্ট দেখেছি। এর একটা বিহিত না হলে পিসিমা
আমি ঠিক দেশাস্তরি হয়ে যাব—

তুপুবে মণিমাল। বিভোর হয়ে ঘুমুছে। নন্দ ভাবল, এই সময়—
সে পা টিপে টিপে এসে আঁচল থেকে চাবি খুলে নিল, চাবি দিয়ে
পোবাকেব আলমাবি খুলল। কাপডের বাণ্ডিল—পায়েব চটি-জোড়া
খুলে সন্তর্পণে তাব মধ্যে জড়িয়ে রাখল। তারপর আবার
সব বন্ধ করে আঁচলের চাবি আঁচলে বেঁধে ভালমামুষটির মতো
ডাকল, মণি!

মণিমালার সাড়া নেই। অচেতন হয়ে ঘুম্চেছ, কিছুই সে টের পায় নি। ছষ্ট হাসিতে নন্দর মুথ ভরে গেল। তাড়াতাড়ি স্বথদার কাছে হানা দিল।

পিদিমা দেথ এদে কাণ্ড—দেরি করলে হবে না···এক্স্নি—
টানাটানি করে স্থাদাকে নিম্নে এল। তারপর যেন ডাকাত
পড়েছে, এমনি চিৎকার।

স্থাদার করণা হল, বললেন, আহা, ছেলেমামুধ ঘুমুচ্ছে—কেন
অমন করে জালাতন করিস বল্ ত ?

নন্দ বলল, কেন করি ? এখনই দেখবে পিসিমা। তথন চটি নিয়ে বাবা কত কি বললেন—দে জুতো কোথায় জান ? একজন বলে দিয়েছে, তাব নাম কবব না। সে জুতো চুরি করে রেথেছেন ঐ শাস্ত ভাল-মামুষটি।



...सना९ करव চावित्र भाष्ठा त्यत्न मिन।

মণিমালার ঘুম ভেঙেছিল, বিহ্যং-স্পৃষ্টেব মতো সে বিছানায় লাফিয়ে উঠে বসল।

আমি চোর ?

নন্দ মুখ টিপে হেসে বলল, চোর বললে তো মান বাড়িয়ে দেওয়া হয়। না পিসিমা? জুতো-চোর! জুতো চুরি কবে আলমারিব মধ্যে চাবি ৰদ্ধ করে রাখা হয়েছে। না—কক্ষনো না। মিথ্যে কথা। রাগে গব-গব করতে করতে মণি ঝনাং করে চাবির গোছা কেলে দিল। দেখ—

নন্দ চাবি হাতে করে নিয়ে আবাব তার হাতে দিল। বলে, না, ও-ই খুলুক। বাডিস্থদ্ধ সকলেব কাছে আমি খারাপ। শেষে হয়তো বলবে, খুলবার সময় কেমন কবে ঢুকিয়ে বেখেছে।

দ্বিক্তি না কবে মণি আলমারি খুলে ফেলল। কাপড-চোপড মেঝেব উপব ঝুপ-ঝুপ কবে ফেলতে লাগল। বলে, দেখ, দেখ—

সেই সঙ্গে চটিও পডল।

নন্দ কলরব কবে উঠল, দেখ পিসিমা, তোমাদের বউয়ের কেমন হাত-সাফাই দেখলে তো ?

মণির চোথে তথন জল এসেছে। পিসিমা বলেন, হাতসাকাই বউয়ের কি কাব, জানিনে বাপু। কিছু আমাব এখন ঢের কাজ, বসে তোদেব লডাই দেখলে চলবে না।

হাসিম্থে স্থপদা বেবিয়ে গেলেন।

পিছন থেকে নন্দ বলতে লাগল, পিসিমা, জুতো চোরের শান্তি কি হয়, বলে গেলে না ?

মণিমালা সজল চোথে বলন, আমি কিছু জানি নে। সত্যি বলছি। কেউ ওর মধ্যে রেখে দিয়েছে।

নন্দ বলল, কি**ন্তু** চাবি তোমার কাছে। ও তালা তো যে-সে চাবিতে খোলে না।

এ কথাব জবাব নেই। মণিমালা চুপ কবে রইল। নন্দ তথন গন্তীর হয়ে বলতে লাগল, যেই রাধুক, ভগবানের শান্তি। পত্তি পরম গুরু —মান না ষে তুমি! বাবার কাছে মিছে কথা শাগিয়ে গালি থাওয়াও, তিনি এখন সব কীর্তি জাছন।

সভয়ে মণি বলল, তুমি বাবাকে এ সব বলতে যাবে নাকি?

বলতে হবে বই কি! বাবাকে বলব। পিসিমা তো দেখেই গেছেন, তিনি সাকি। তারপয় পদ্ম-সৌদামিনী ওরা সব রয়েছে, কাছারির নায়েব-খাজাঞ্চিবাবু প্রজা-পাইক যারা সব আসছে—

তা হলে গ্রামশুদ্ধ ঢাক পিটিয়ে বেডাবে, বল।

নন্দ বলল, গালি দেবার বেলা বাবার গলা যে গ্রাম ছাড়িয়ে যায়।

মণি রেগে বলল, বেশ, বেশ! তাই করগে ষাও—এক্ষ্নি যাও।

কিন্তু নন্দর তাড়া নেই, মণিমালার বিছানাব উপর বেশ জেঁকে বসল। বলল, এক্সুনি তো হয়ে উঠবে না। বাবা ঘুম্ছেন, নায়েবরা কেউ আসেন নি, সৌদামিনী বাসন মাজছে স্বাই জ্মায়েত হোন, চুরির কেস—সহজ তো নয়—

মণি বলল—আমার বিছানা ছাড,—ছাড বলছি। আমি শোব, তুমি যেখানে ছিলে যাও। তারপব যথন কেস হয—হবে।

সর্বনাশ—আসামিকে ছেড়ে যাওয়া যায় নাকি?

বলতে বলতে নন্দ বিছানার উপর গড়িয়ে পড়ল। বলল, চুরি তো চুরি—একেবারে জ্তো-চুবি। যে সে ব্যাপাব! কোটে গেলে निरामन भरक छ-छि योग-

তবে আমি যাচ্ছি।

বলে মণিমালা একছুটে বেরিয়ে গেল।

वानित्म मूथ छंटक नन्म थूव थानिकी दरम निन। धरे वाानाद्र —মিথ্যুক মেয়ে—তৃষ্টু মেয়ে—তোমাকে আন্ধ ভাল করে দেখে নেব।···হঠাৎ ছড়-মূড় করে বারাগুার দিক থেকে কি নিচে পড়ল। লাফিয়ে ছুটে নন্দ বেরিয়ে এল।

মণিমালা নেই—বারাপ্তার ঠিক নিচে লিচ্-বাগান—ঘন-সন্নিবিষ্ট ডালে পাতায় তলার কিছু দেখবার জো নেই। নন্দ তাকিয়ে দেখল, ডালের মাথায় আটকে রয়েছে, ছেড়া লেপ-তোষক। এ সব স্কৃপাকারে অনেক দিন থেকে রেলিঙের ধারে রাধা ছিল। ওপ্তলো পড়েছে—এবং সঙ্গে কি শংস কথা ভাবতে নন্দ পাগল হয়ে ওঠে। আহা ছেলে মামুষ—তাকে অমন করে ক্ষেপানো—যদি সত্যিই অঘটন ঘটিয়ে বসে থাকে?

সি ড়ি দিয়ে নেমে অনেকটা ঘূরে বাগানে ষেতে হয়। চোঝের জল মুছতে মূছতে নন্দ ছুটল। লিচ্-বাগানে কোন অচেতন দেহ নেই, রানাঘরে নেই, কাঁচামিঠে আমতলায় নেই, পুকুরঘাটেও নেই। জ্যৈষ্ঠের থর ছুপুর। স্থ্য আগুন ছড়াচ্ছে। নন্দ অনেকক্ষণ ঘূরে অনেক থোঁজাখুঁ জি করে ক্ষ্বাদে আবার উপরে ফিরে এল।

দরজা ভিতর থেকে বন্ধ।

व्याकून केर्छ नन्त जाकन, मिन-मिन !

শাস্ত নিরুদ্বেগ উত্তর এল, আমি ঘুম্চ্ছি।

বেশ করছ, আমায় কতার্থ করেছ। আমি রোদের মধ্যে এ-দেশ-দে-দেশ ছুটোছুটি করে মরছি।

হাসির চোটে মণি কথাই বলতে পারে না। বলন, তোমান্ব দেখে আমি চিলের ঘরে চুকে পড়লাম, তুমি দেখতে পেলে না, হি-হি-হি—

পূবের কামরার দরজা খুলে মতিলাল বেরিয়ে এলেন। ছেলেকে
দেখে জ্র-কুঞ্চিত হয়ে উঠল।

সেহার যোগ হয়ে গেছে ?

नम रनम, এখন नारावता तिरे।

নায়েব না থাক, থাতা তো রয়েছে। যোগ দিতে আটকায় কিদে? যাও।

नम वनन, याछि वावा। हिंहो नित्य याव।

নন্দ বলল, আজে, আমাব দোষ নেই। ও-ই চুরি করে সেরে বেখেছিল। পিসিমা জানেন। আলমারির মধ্যে রেথে মিছামিছি আপনাকে দিয়ে বকুনি থাওয়ালে।

মতিলাল ডাকতে লাগলেন, বউমা, বউমা, ওর চটিজোডা আছে নাকি?

मिनमाना कवाव मिन-पूम्छि, वावा।

ভবে আর উঠো না, ঘুমোও। তরমুজের স্ববং রয়েছে আমার ঘরে। ঘুম হয়ে গেলে থেয়ে এসো।

তারপর নন্দর দিকে চেয়ে মতিলাল রেগে উঠলেন।

এখনো হাঁ করে দাঁড়িয়ে আছে ? থালি-পায়ে এইটুকু গোলে ফোস্কা পড়ে বৃঝি ! দিন দিন কি নবাবই হয়ে উঠছ !

জ্যৈষ্ঠ মাদের তুপুর, ধূলো আগুন হয়ে উঠেছে, পারে সত্যিই ফোস্ক। পড়ে। কিন্তু পায়ের অদৃষ্টে যা-ই থাক, বাবার সামনে এ রকম আর ইাড়িয়ে থাকা চলে না।

মণিমালা নিবিকার ঘুমুতে লাগল। নিখাস ফেলে নল সদরবাডি চলল।



তারাশঙ্কব চক্রবর্তীব চোথের অস্থা। উপসর্গ অতি উৎকট। রাত্রে আলোর দিকে চাইলে চারিদিকে গোলাকার আংটির মতো দেখেন, আবাব আলো নেভালে অন্ধকারে কিছুই দেখেন না। লক্ষণ শুনে গোপীকাস্ত উদ্বিগ্ন হযে উঠলেন। বলেন, না—না ভাই, চক্ষ্বত্ব মহাধন। অবহেলা করাটা কিছু নয়। নিরুকে লিখে দিচ্ছি, তিন দিনের মধ্যে এসে পড়বে।

বন্ধুর আগ্রহে তারাশঙ্কর মনে মনে খুশি। মুখে তবু প্রতিবাদ জানিয়ে বলেন, ভারি তো ইয়ে…এমনই সেরে যাবে। বাবাজির নতুন প্রাক্টিশ, মোকাম ছেড়ে এ সময়ে আসা ঠিক নয়।

গোপীকান্ত আরও জেদ ধরেন।

হোক প্রাকটিশ। আপনার লোকের অস্থর্থ-বিস্থর্থে না-ই যদি কাজে লাগবে, বামুনের ছেলে হয়ে তবে এ মড়াকাটা বিছো শেখা কেন? তোমার পরে ভক্তি কত! চিঠি পেলে একেবারে পাগল হয়ে ছুটে আসবে।

এ বাড়ি গোপীকান্ত এলে জলথাবারের পালা সঙ্গে সঙ্গে চলে আসে।
বি-চাকর অভ্যন্ত হয়ে গেছে। চেয়ারে উবু হয়ে বসে গোপীকান্ত
নিঃশব্দে পালাটা শেষ করলেন। এক ঢোক জল থেয়ে তারপর দরাজ
গলায় হেসে উঠলেন। বললেন, প্রাকিটিশ আর মোকাম—ছাই আর
ভন্ম। তোমাকে জানি আজকের থেকে নয়। অমন দয়মায়য়র শরীর
কলিয়্গে হয় না। শুভকর্মের পর তুমি কি জামাইকে অত দ্রে নোনা
রাজ্যে পাকতে দেবে, না আমার মা-লক্ষ্মীট তাই হতে দেবেন ? সেই
আসতে হবে, তু-দিন আগে এসে একটু কাজে লাগুক না—

চোথের জন্ম তারাশঙ্করও সম্প্রতি বড ব্যস্ত হয়ে পডেছেন।
কথাবাতা অনেকদিন ধরে চলছে, গোপীকান্ত ধৈর্য্য ধরে আছেন, কিন্তু .
আর দেবি করা চলে না। বুডার বড ইচ্ছা, কোন একটা মন্ত্রবলে
ছ-দশ দিনে চোথ একেবারে নির্দোধ হয়ে দেরে যায়! তাহা হলে আব
বাধা থাকে না—ছ-চোথ ভরে তিনি তাঁব মা-হাবা মেযের আনন্দের
ছবি দেখতে পারেন।

ছেলেকে গোপীকাস্ত কি লিখে দিলেন, কে জ্বানে—দিন তিন-চারেব মধ্যে নিরঞ্জন এসে হাজির। এবং শুধু সে নয়, সঙ্গে তিনখানা গরুর গাড়ি—তাতে আলমারি, চেয়ার ও প্যাকিং-বল্লে বোঝাই ভাঙা শিশি বোতল। অর্থাৎ ডাক্তারের সঙ্গে সঙ্গে সমগ্র ডিসপেনসাবিও নোনা রাজ্য আঁধার করে চলে এসেছে। গোপীকান্ত বললেন, কোথায় তুলবে এ সব? একেবারে তারাদাদার বৈঠকথানায়? ত্-দিন পরে ওখানেই যথন বসতে হবে।

নিরঞ্জনের কিন্তু মহা আপন্তি। বলঙ্গ, ক-দিনের জন্ত আর কেন বাবা? লোকে নানা কথা বলাবলি করবে। উনিই বা কি মনে করবেন?

খানিক তর্ক করে গোপীকান্ত অবশেষে ক্লান্ত হলেন। মূটেরা দাঁড়িয়ে আছে দেখে হকার দিয়ে উঠলেন, ওরে হাবা বেটারা, গলির ঐ শেষ বাড়িতে। সামাল হয়ে নামাস।

তারপর আপন মনে বকতে লাগলেন, আবার আর এক দফা
মুটে-ভাড়া লাগবে—গণ্ডা আষ্টেক পয়লা ইচ্ছে করে গচ্চা দেওয়া।
গলির মধ্যে তো আর ডিসপেনসারি চলবে না। আর দরকারটাই বা
কি—সদরের উপর ধখন অমন তোফা বৈঠকখানা রয়েছে। একবারে
হলে আর হাঙ্গামা পোয়াতে হত না।

ঘণ্টাখানেক পরে নিরঞ্জন তারাশহ্বের বাড়ি দর্শন দিল। মাধুরী তথন স্নান করে এসেছে, নিচের তলায় মাঝের ঘরে ভিজা চুল এলিয়ে ধন-থদ করে কাকে চিঠি লিখছে। উঁকি দিয়ে দেখে নিরঞ্জন ভিতরে এল। বলল, অস্থুখ শুনে ব্যস্ত হয়ে চলে এলাম।

মৃথ তুলে মাধুরী নমস্কার করল। নিরঞ্জন চেয়ার টেনে বসতে যাচ্ছে দেথে বলল, আমার অস্থ নয়, বাবার। তিনি ঐ ঘরে। মৃত হেসে আপন মনে সে আবার লিখতে লাগল।

পরদিন তুপুরবেকা মাধুরী বাপকে ধবরের কাগজ পড়ে শোনাচ্ছে, ভারাশহর চোধ বুঁজে আছেন। মাঝে মাঝে মাধুরী সাড়া নেয়—ও বাবা, শুনছ? তারাশহর বলেন—ছ। শেষে তাকিয়ে তাকিয়ে মাধুরী হাসিমুখে চুপ করে রইল। ধানিক পরে তারাশহর পাশ ফিরে অভ্যাস মতো জিজ্ঞাসা করলেন, তারপর?

মাধুরী বলল, তারপরে নেই—

নেই কি বলিদ! অতবড় কাগজ—এর মধ্যে ফুরিয়ে যাবে? চোথ মেলে মেয়ের দিকে চেয়ে বলতে লাগলেন, ঘুমুই নি আমি, সভ্যি ঘুমুই নি—এই দেখ্। ত্পুরবেলা রোদের সময়টা বাবাজি চোঝ বুঁজে থাকতে বলেছেন—নইলে চোথে ধাতনা হয়—

মাধুরী জিজ্ঞাসা করল, আর নাক ডাকাতেও বলেছেন নাকি?

নাক ডাকে সাধে? আমার যে আজ ডাক ছেড়ে কাঁদতে ইচ্ছে করছে।

মাধুরী নিরীহভাবে বলল, চোগ কর-কর করছে বুঝি!

তাবাশঙ্কর রাগ করে উঠলেন, কি বোকা মেয়ে তুই, তোর মাথায় এক ছটাক বৃদ্ধি নেই। লোকে বৃদ্ধি কেবল চোথের ব্যথায় কাঁদে— মনের আনন্দে কাঁদে না!

হঠাং স্থর মধুর মোলায়েম করে বললেন, আচ্ছা, তোর মারের কথা মনে পড়ে?

এক ক্ষান্ত-বর্ষণ ভাদ্রের সন্ধা। মা চোথ বুজলেন। ত্-পায়ে আলতা, সিঁথিভর। সিঁত্র, পরণে টকটকে লাল শাড়ি, গায়ের রং সোনার মতো ঝক-ঝক করছে, ফুলে ফুলে শাস্ত ম্থথানা আর দেথবার জোনেই। সে কথা মনে পড়লেই মাধুরীর চোথ জলে ভরে আসে। মাধুরী ঘাড় নাড়ল।

তিনি থাকলে আন্ধ কি করতেন, বল তো।

মান হেদে মাধুরী বলল, তোমার চোথে হাত বুলিয়ে দিতেন, বাতাস করতেন, চন্দন লাগিয়ে দিতেন, কত যত্ন করতেন! তোমার এত কট হত নাবাবা।

ছাই করতেন। তারাশব্বেরও মৃথ করণ হয়ে উঠেছে, সে ভাব কাটিয়ে তিনি প্রবল বেগে হাসতে আরম্ভ করলেন। বললেন, তিনি থাকলে এতক্ষণ পিড়ি-চিত্তির করতে বসে ষেতেন। বড় ভাল আলপনা দিতে পারতেন কিনা—পদ্ম আঁকতেন, ফুল লতাপাতা আঁকতেন, জামাই এসে তার উপর বসবে।

বাইরে থেকে নিরশ্বন বলল, আসতে পারি ?

নিশ্চয়, নিশ্চয়, এসো বাবা। ওরে মাধুরী, বসতে দে বাবাজিকে। জাগ্রহে তারাশঙ্কর বিছানায় উঠে বসলেন। বললেন—তোমাদের কথাই হচ্চিল বাবাজি, মাধুরীর ত মা নেই জানো—

কি জ্ঞানি কি বলে বসেন, বাবাকে বিশ্বাস নেই, মাধুরী কথার মাঝখানে তাড়াতাড়ি বলে উঠল—মা নেই, ওঁর তাই কত কষ্ট হয়, চোখের যন্ত্রণা—

ভারাশঙ্করও হেদে মেয়ের সঙ্গে যোগ দিলেন—বুড়ো মানুষ, আজ চোথেব অস্থা, কাল কানের, পরশু বুকের—সব সময়ে একটা না একটা ব্যাধি লেগেই আছে। শই ভাবছি, জাক্তারটিকে হাতভাজ়া করা হবে না, একেবারে বাবা বলে বাজিতে কার্মেম করে বদাই। ভিজিট লাগবে না, স্বরকমে স্থবিধে। কি বলিস রে মাধু-মা?

বলে মেয়ের দিকে চেয়ে তারাশঙ্কর নিজের রসিকতায় হো-হো করে হেসে উঠলেন। মাধুরীর মুথ লাল হয়ে উঠেছে। সে তর্জনের ভলিতে বলল— কোন কথা নয়, তুমি এবারে চোথ বুঁজে ঠাণ্ডা হয়ে শোও।

বৃড়ো অসহিষ্ণু হয়ে প্রতিবাদ করে উঠলেন—না, কেন চোথ বৃদ্ধব? তোর শাসনের জালায় আমি যাই কোথায়! বাবা করে মরে গেছেন, মনে পড়ে না। আমার নতুন বাবাকে একট্ তাকিয়ে দেখব, তা তুঁই অমন করিস কেন?

—বেশ, ধা ইচ্ছে কর—আমি যাই।

মেয়ে স্তিটে উঠতে যায় দেখে তারাশঙ্কর শক্ষিত হলেন। বিনা ভর্কে টিপ করে শাস্ত ছেলের মতো শুয়ে পড়লেন, আর নড়াচড়া নেই।

এতক্ষণে ডাক্তারেরও সমর্থন এল।—ইাা, এই ঠিক। পরিপূর্ণ বিশ্রাম নিন। বাইরে কি রকম রোদের হন্ধা বয়ে যাচ্ছে!…মাধুরী দেবী, আহ্ন আমরা ও-বরে যাই—

মাধুরী ঘাড় নাড়ল।—জামি যাব কি করে? জামি যে বাবাকে খবরের কাগন্ধ পড়ে শোনাজিছ।

— ওঁর বিশ্রামের দরকার। উনি ঘুমোন।

নাধুরী বলন—চোথের অস্থ ডাক্তারবাব্, কানের ত নয়। কানে শুনলে ক্লিক্ষতি হবে ?

তারাশঙ্কর রাগ করে বললেন—ডাক্তারের উপর ড।ক্তারি করিসনে। আমি কাগন্ধ গুনব না, তুই যা।

—বেশ, তাই ···আর কক্ষনো যদি—অভিমানে মাধুরীর স্বর ভারি হয়ে এল। বলল—আজকাল তুমি আমাকে তাড়াতে পারলে বেঁচে মাও, বাবা—সর্বন্ধণ সেই চেষ্টায় রয়েছ। তা বেশ— আর, বিশাম। তারাশম্বর তাড়াতাড়ি উঠে মেয়ের চোথ মুছে
দিলেন। বললেন—শুনছি গো শুনছি। নিরঞ্জনের দিকে তাকিয়ে



—জামি যে বাবাকে থববের কাগজ পড়ে শোৰাচ্ছি।

বলতে লাগলেন—ওর মা বেদিন স্বর্গে গেলেন, সেইদিন থেকে ও আমার থবরদারি করছে। এমন কড়া গার্জেন তুমি দেথ নি বাবাজি। বিনা ভ্রুমে আমাকে পাশ ফিরতে দেবে না। রোজ তুপুরে থবরেব কাগজ পড়ে শোনায় কিনা, সে কিছুতে রদ হবার জো নেই। নিরশ্বন, তুমি বাবা বিকালবেলা এসো, এখানে এসে চা খাবে।

নির্থান চলে গেল, তারাশহরও যথারীতি চোধ বুজেছেন, কিন্তু কাগজ পড়া আর এগোয় না। পড়তে গিয়ে মাধুরীর গলা আটকে আদে। তারাশহরের চমক লাগল, তীক্ষ দৃষ্টিতে চেয়ে চেবে শ্যার উপর উঠে বৃসলেন। বললেন—কি হয়েছে?

- কিছু না।

তারাশক্ষর দৃঢ়ভাবে ঘাড় নেডে বললেন—হযেছে, একশবার হয়েছে। চোথের অস্থ হলে কি হয়, সমস্ত দেথতে পাই। হাঁা মা, তোর চোথ লাল কেন রে?

- —লাগ না হাতী। তুমি শোও। বলতে বলতে বাপের মেহম্বরে মাধুরীর চোখ ভরে জল এল, জলের ধাবা টপ-টপ করে ঝরতে লাগল।
- ওরে বাস রে, একটু অবাধ্য হতে গিয়েছি, এখনো রাগ মিটছে না। মা কি এইরকম হয় রে, এ যে একেবারে ত্র্বাসা ঠাকফণ!

মাধুরী বলল-রাগ নয় বাবা, চোখে এমনি জল এল।

— শুধু শুধু? সে ত আরও থারাপ কথা। তারাশন্বর বাাকুল হয়ে উঠলেন। বললেন—চোথের অস্থ বড্ড ছোঁয়াচে। তোর আবার একটা কিছু হল না ত? চোথ লাল, কথায কথায় জল পড়ে… ডাজারকে বলতে হবে।

মাধুরী বলল—আমার কিছু হয়নি বাবা, তোমারই জল্ঞে—

- —আমার ? আমারই বা এমন কি হয়েছে ?
- —তুমি যে দেখতে পাও না!

—কে বল্পে? কে তোকে মিথ্যে কথা বলে কাঁদাছে? মেয়ের মন থেকে ফুর্ভাবনা নিঃশেষে মৃছে দেবাব জন্ম তাবাশঙ্কর খুব হাসতে লাগলেন। বললেন—দেখতে পাই নে আবাব। এতবভ সংসাব সমস্ত নথদর্পণে বয়েছে, বল্ দিকি কোনটা দেখছি না। তা আব বলতে হয় না।

— তোমাব শবীর থাবাপ হয়ে যাচ্ছে, চোথ কর-কব কবেণ ঘাড নেড়ে তাবাশঙ্কর বললেন—করে না।

মাধুরী তাড়া দিয়ে উঠল—কবে, তুমি বৃশ্বতে পাব না। এ ডাজ্ঞাবে চলবে না, আমি বলে দিলাম।

তাবাশঙ্কব অতংপব আর প্রতিবাদের ভরসা পেলেন না। মৃত্ কঠে বললেন—কি জানি, কবে হয় ত। কিন্তু ও ত একটা দিন মোট দেখেছে। আবও কয়েকটা দিন না দেখলে—

মাধুরী দৃঢকঠে বলল—একদিনও নয়। আমি অন্ত ডাব্রুর নিয়ে আসছি।

—কাকে ? জ্ঞান বাবু—চৌরাস্তায় যাঁব বাডি **? সে ডাক্তা**র কি ভাল হবে ?

মাধুরী বলল—না বাবা, কলকাতায় থবব দিয়েছি। নিথিল বাবু আবহুনে। বাবা, নিথিল-দাদাব কথা তোমার মনে নেই ?

তাবাশঙ্কৰ একটু ভেবে বললেন—হিবণেৰ ছেলে?

মাধুরী হেদে বলল—এখন তিনি মস্ত বড ডাক্তার। বিলেত থেকে ডাক্তার হয়ে এসেছেন। ক-দিন মোটে এসেছেন—কাগজে কত কি লিখেছে, তা যদি শোন তুমি বাবা।

--- তুই এত কথা পড়ে শোনাস, তার কথা ত কই এক বর্ণ

পড়িস নি। তোর যদি একেবারে কোন বৃদ্ধি-বিবেচনা থাকে! বলতে বলতে হঠাৎ তারাশহর হেসে উঠলেন। বললেন—খবরের কাগজে অনেক কথা লিখেছে বৃঝি? ও ঠিক ঘুস খাইয়েছে। নিধিল আবার ডাজ্ঞার হবে! এমন ছটফটে ছেলে আমি বারবার বলে এসেছি, তোর কিছু হবে না। একদিন ধরে বেঁধে পাকা চূল তুলতে বসালাম ও কাঁচার পাকার তিন মিনিটে তিন গোছা নিম্ল করে পিঠটান। এক একটা পাশ করত, বৃদ্ধি পেত, খবর দিয়ে পায়ের ধ্লো নিয়ে চট করে পালাত—আশীর্বাদ নেবার সব্র সইত না। আমি বলতাম, এত চঞ্চল তুই—পাশ করলে কি হয়, তোর কিছু হবে না।

অনেক কাল আগেকার অনেক শ্বৃতি বৃডার মনে এল, চোণে-মুথে স্বেহ উছলে পড়তে লাগল। বলতে লাগলেন—দেশে ফিরেছে, একবার এল না, একটা থবরও দিল না। ভেবেছে, জ্বেঠা-বুড়ো এতদিনে মরেছে, আপদ গেছে।

মাধুরী বলল —ফিরেছেন ত দিন কুড়িক মোটে।

—কুজি দিন? তা হলে এদিনে বিশ-কুড়িটা রোগি সাবাড করে
ফেলেছে। যা চটপটে! ও আবার মাথা ঠাণ্ডা করে ওযুধ দেবে!
তারপর আগ্রহের স্থরে মেয়েকে আবার প্রশ্ন করলেন—আসতে
লিখেছিস ত ঠিক ? বুড়ো বয়সে চোথ ছটো যদি যায়, আপনার লোকের
হাতেই যাক। বাজে লোকের হাতে গেলে ক্ষোভের পার থাকবে না।

এক মৃহুর্ত চুপ করে থেকে তারাশঙ্কর আবার বলে উঠলেন— লিখেছিস ভরে? সন্দেহ থাকে ত না হয় আর একবার লিখে দে। চোথের অদৃষ্টে যা-ই থাক, বেটা সাভ সমৃদ্দুর পার থেকে এল, চোখ থাকতে থাকতে একটা বার দেখে নিই— মাধুরী বললে—চিঠি লিখি নি বাবা, টেলিগ্রাম করে দিইছি। হয়ত সন্ধ্যে নাগাত উদয় হবেন। বিলাতের ডাব্ডার, চিকিৎসা করবেন ভাল—কিন্তু ঝগড়ার চোটে বাড়িতে মামুষ টিকতে পারবে না, এই ভু:খ।

হলও তাই। সন্ধ্যার পর উঠানে তুম্ল কলরব! তারীশকর চমকে উঠলেন।

—দেখ ত দেখ ত রে, ঠাকুরের সঙ্গে বৃড়ি ঝির আবার বৃঝি লড়াই বাধল!

মাধুরী কিন্তু ঠিক ব্রেছে। ঝগড়া করতে পারে বৃড়ি ঝি, কিন্তু এমন আকাশভেদী গলা কোথায় পাবে? নিঝিলচন্দ্র বাড়ি পৌছে প্রথম মোহড়ায় নিচের লোকজনের সঙ্গে সাদর-সন্তামণাদি শুরু করেছে। ধূপ-ধাপ শব্দে সিড়ি কাঁপিয়ে সে এসে তারাশঙ্করকে প্রণাম করল।

তারাশন্বর হাঁ হাঁ করে উঠলেন—করিস কি, করিস কি! বিলেভেও কুন্তি লড়তিস নাকি? পায়ের এক পদা ছিড়ে গেল যে!

জিভ কেটে নিখিল তাঁর পারের কাছে চৌকির উপর বলে পড়ল।
মাধুরী প্রণাম করছে দেখে বলল—ঈস রে, মাধুরীটা পর্যন্ত সভ্য হয়ে
গেছে, আমিই কেবল পারলাম না। হাা রে মাধুরী, গোঁফের কদ্ব ?

—এসে ধূলো পায়ে অমনি লাগলে? এ কি রকম স্বভাব তোমার, একটা মিনিট অস্তত জিরিয়ে নাও। দারুণ রাগে মাধুরী হেসে ফেলল।

গৌফের গরটা বড় লজ্জার। মাধুরী এখন আর ছোটটি নয়, আর কেউ হলে ও-প্রসঙ্গ তুলতেই লজ্জা পেত। কিন্তু বিলাত ঘুরে এলে কি ছয়, নিখিলের কিছু কাশুজ্ঞান হয়েছে নাকি। তথন মাধুয়ী একেবারে ছেলেমায়য়, একবার তারাশঙ্করের পাকা গোঁফের কথায় বলেছিল, বড় হলে আমাদেরও সালা গোঁফ উঠবে, তোমার উঠবে, আমার উঠবে, না নিখিল-দা? এইটুকু মাজ, কিছু নিখিলের উভ্তমে বিশ্ব-য়ড় কারোই বোধহয় এ কাহিনী জানতে বাকি নেই। তার উপরে মাঝে মাঝে আবার ভয় দেখানো আছে—চা নিয়ে আয়, য়য় ত পাড়ায় গিয়ে এক্দ্নি গরাটা বলে আসব—মোটে রাগ করতে পাবে না, রাগ য়দি কখনো করেছ ত হাটে গিয়ে ঢাক পিটে বলতে বসব—সন্দেশ-টুকু বেয়ে ফেল, নইলে গরাটা খবরের কাগজে নিশ্চয় ছাপিয়ে দেব…

মাধুরী বলতে লাগল – খবর দিয়ে দিয়ে আনলাম, নিজে ত এসো নি। কোখায় স্থির হয়ে বসবে, যুক্তি-পরামর্শ করবে—তা নয়, এসেই ঝগড়া। তুমি এমন ঝগড়া করতে পার নিখিল-দা!

নিধিল তারাশঙ্করের কাছে নালিশ করল—দেখুন ত জেঠাবার্, একটা মাত্র গুণ আছে, একটু-আঘটু ঝগড়া করতে পারি। তা-ও সইতে পারে না। যথন-তথন থোঁটা দেয়—

—তা বল্লে কি গুনি! তারাশঙ্কর স্নেহতরা দৃষ্টিতে চেয়ে ঘাড় নাড়লেন—তুমি বাবা গুণের জাহাজ হয়ে ফিরে এসেছ, সমস্ত গুনেছি।

নিখিল বলে উঠন—শোনা কথা বিশাস করবেন না জেঠাবার্। জানেন ত, তুমুখের শক্ত পদে পদে। আমার কোন্ শক্ত আপনার কান ভারি করে রেখেছে। বলে সে শক্তটির দিকে তাকাল।

ভারাশঙ্কর বললেন—শোনা কথা কি রকম! শোনা কথা আমি
বিশাস করি! ধবরের কাগজে বেরিয়েছে। মন্ত বড় ডাক্তার হয়েছ,
বিলেতজোড়া নাম। এইবার বুড়োর চোথ ভাল করে দাও দিকি,

দেখি কেমন। মাধু-মার বিষে আটকে আছে ঐ জ্বন্তে। লক্ষী-নারায়ণের যুগলক্ষণ দেখতে হবে, চোখ না সারলে দেখব কি করে?

নিথিল বিশ্বিত হয়ে বলল—ক্ষামি চোথ ভাল করতে পারি, থবরের কাগজে লিথেছে না কি?

তারাশন্বর উৎফ্লমুথে বলতে লাগলেন—লিখেছে বই কি?
শারও কত কথা লিখেছে, মাধুরী সমস্ত পড়ে গুনিয়েছে।

নিথিল বলল—তা হলে ওরই চোথের চিকিৎসা আগে দরকার ক্ষেঠাবাবু! ওর চোথ ভাল নেই।

তারাশঙ্করেরও ঠিক সেই সন্দেহ। কিন্তু সে-সব কথা উঠবার
আগেই মাধুরী ঝন্ধার দিয়ে উঠল—নিখিল-দা, গারে-মুখে-চুলে কয়লার
আঁড়ো আর ধ্লোর রাশ জড়িয়ে নিয়ে এসেছ, সকলের আগে
সেইগুলোধুয়ে ফেলার দরকার। তারপর ঠাগু হয়ে বসে যত খুশি
কুছে। করো, আমি আপত্তি করব না। নিচেয় চল।

দৃষ্টির তাডনাম্ন উদ্বাস্ত করে মাধুরী তাকে নিচে পাঠাল।

পুকুর-ঘাট থেকে ফিরে নিথিল ভদ্রলোক হয়ে বদেছে। মাধুরী দেখেই বেরিয়ে যাচ্ছিল, নিথিল বলল—কোথায় যাও?

—কোন সকালে রওনা হয়েছ। বোসো, চা-টা নিয়ে আসি।
নিথিল বলল—আর ধবরের কাগজটাও—

মুখ টিপে হেসে মাধুরী বলল—বিপদে পড়ে ডেকে এনেছি; বসে বসে ধবরের কাগজ পড়বার জন্ম নয়।

নিখিল বলল—আগাগোড়া পড়ব না, শুধু ঘেখানটায় আমার ভাক্তারির গুণপনা রয়েছে। এত বড় ভাগ্য হবে, বিশ্বাস হতে চায় না। বেকার আছি, ধবরের কাগজের কল্যাণে তবু যদি তু-দশটা রোগি জ্বোটে। তাদের শেষ করতে করতেই ছ-মাস একবছর স্বচ্ছন্দে কেটে যাবে।

মাধুরী প্রশ্ন করল—ভাজ্ঞার হয়েছ, সে কি মিছে কথা ?

—ভূয়ো ডাক্টার। সাহিত্যের ডাক্টার, কালিদাসের কাব্যের উপর থিসিস লিখে পাওয়া। একটা ফোড়া কাটার বিজেও শিথে আসি নি। কেউ আট আনার পয়সা দিয়েও ডাকবে না মাধুরী।

ঠাকুর থাবারের থালা নিয়ে এল, মাধুরী জারগা মুছে সমস্ত সথত্বে সাজিয়ে দিল। নতমুথে থানিকক্ষণ সে চুপ করে রইল। হঠাৎ একটু হেসে মুথ তুলে বলল—টেলিগ্রাম করে এত হালামা করে নিয়ে এসেছি, জোমাকে সহজে ছাড়ব না নিথিল-দা। কত ভাবনা হয়েছে, জান? চোথের ব্যবস্থা একটা কিছু করতেই হবে।

নিখিল বলল—ভাল করতে পারব না। চৌথ কাণা করে দিতে বল ত, চেষ্টা করে দেখতে পারি।

মাধুরী থিল-থিল করে হেসে উঠল। বলল— তা হলেও চলবে। বাবাকে নয় কিছা! কাণা করবার অন্ত সব আসামি রয়েছে।

নিখিল বলল—আমিও ঠিক সেই অমুমান করেছিলাম। চটপট সেই পাষওগুলোর ফিরিন্তি করে দাও দিকি, কাজ সেরে ফিরে যাই। বলি, কাজ শেষ হলেই ত ছুটি, অন্ত কোন হালামা নেই ত?

মাধুরী গান্তীর্ধের ভাগ করে বলল—তাই কি কিছু বলা যায়? কত কি ঘটতে পারে! পুলিস, আদালত, জেল, দ্বীপান্তর—

. নিখিল হাসিমুখে বলতে লাগল— দেশ-দেশান্তর ঘুরে এলাম, দ্বীপা-স্তরের ভয় করি নে, মৃশকিল বাধে অন্তর-লোকের গোলমালে পড়লে। সে রকম কোন হালামায় পড়তে হবে না, এই ভরসা দিতে পার মাধুরী ? মাধুরী বলন—সেটাও ভেবে চিল্তে যুক্তি পরামর্শ করে দেখতে হবে। সে ত এখানে হবে না, লোকজন চাকর-বাকর…বুডি ঝিটা কি রকম ভাবে তাকাছে দেখ না!

- —উপরে—
- —সেথানে বাবা রয়েছেন।
- —জাকে আর তাকাতে দিচ্ছি না, চোধে এক্সনি ঠুসি লাগাব। ঠুসি লাগিয়ে শুইয়ে রাথব। নইলে চোধ ভাল হয় কথনো? থাওয়া শেষ করে নিথিল হাসতে হাসতে পাড়ার দিকে বেরুল।

গোপীকান্ত বিচক্ষণ লোক, ব্যাপারটা তাঁব কাছে স্থ্রিধাজনক ঠেকল না। জ্রকৃঞ্চিত কবে নিবঞ্জনকে জিজ্ঞাদা করলেন—ছোকরাটা কে হে?

- —ডাক্তার।
- —কি এমন শক্ত রোগটা বাপু, যে দেশ-বিদেশের ডাক্তার এনে
 ক্সমায়েত কবছ?

নিবঞ্জন বলঙ্গ—আমি আনি নি, ওঁরাই টেলিগ্রাম কবে এনেছেন। বিলেত-ফেরত বড ডাক্তার, বত্রিশ টাকা ভিজিট।

—তা হলে তুমি বাবা ফেল হয়ে গেছ ত?

নিরঞ্জন মনে মনে আহত হয়ে বলল—স্থযোগ পেলাম কই ? চিবিশ ঘণ্টা না কাটতেই যে ববখান্ত করে দিল।

ছ — বলে কাঁধে চাদবটা ফেলে গোপীকাস্ত বেরুলেন। তারাশব্দরকে একলাই পাওয়া গেল। বললেন—ডাক্তারকে উপরের ঘরে থাকতে দেওয়া কি ঠিক হয়েছে ভায়া ?

তারাশঙ্কর বিবক্ত হয়ে বললেন—ভাক্তার কাকে বলছ? নিথিল

আমার ছেলে। হিরণের ছেলেকে আমি কি নিচের ঐ সব আভাবলে থাকতে দেব ?

গোপীকাস্ত কথাটা তাড়াতাডি ঘ্রিয়ে নিলেন।—সে কথা নম্ব ভাষা, মানে শ্বধনই আসি যেন কুরুক্তেন্তার লেগে আছে। রোগির ঘরের কাছে এ রকম হলা হওয়া কি ভাল ?

এবারে ভারাশন্বর হাসতে লাগলেন। আসহায়ের মতো বললেন— ভাই দেখ না গোপী, ওদের কি সে কাগুজ্ঞান আছে? ছ'টিতে রাতদিন থিটিমিটি তেঠিকানো যায় না।

গোপীকান্ত প্রস্তাব করলেন—আচ্চা, না হয় আমি একবার বলে দেখি—

তারাশঙ্কর সভয়ে বলে উঠলেন—ওরে বাদ রে, তা হলে রক্ষা আছে! আমি বলেছি গুনলে আমায় আর টিকতে দেবে? একজনে প্রমূথো মৃথ ফিরিয়ে থাকরে, আর একজনে পশ্চিমম্থো। আমি তথন দম ফেটে মরে যাব। এ রকম অভিমানি ছেলে-মেয়ে তুমি মোটে দেখ নি, গোপীকাস্ত।

পরদিন গোপীকান্তর বাড়ি নিথিলের নিমন্ত্রণ। আপ্যায়নের অবধি
নেই। গোপী নিজে দামনে বদে থাওয়ালেন। তারপর বললেন—
আবার একদিন শিগগিরই ডেকে পাঠাব। ষত কাজকর্মই থাক,
আসতে হবে, বাবা। 'না' বললে শুনব না। আমায় এক্ষ্নি কথা দিয়ে
যেতে হবে।

বুঝতে না পেরে নিখিল মুখ তুলে তাকাল। গোপীকান্ত প্রসদ আরম্ভ করলেন—তারা-দাদার চোথের অবস্থা কেমন? সত্যি কথাটা বল বাবা, উত্তলা হয়ে আছি— নিখিল বলল -ভাল।

গোপী বললেন—ঠিক ত ? ঐ চোথের অস্থথের জক্ত সব আটকে রয়েছে। তারা-দাদাও ব্যস্ত হয়ে উঠেছেন। তুমি বাবা তারা-দাদার বন্ধুর ছেলে, আমারও ছেলের সামিল।

নিথিল ভালমন্দ কিছু বলল না, তার মন চিস্তায় আচ্চন্ন হয়ে গেছে।

গোপীকাস্ত জ্ঞিজ্ঞাসা করলেন—বিলেত থেকে কতদিন ফিরলে ?

—বারোই আধিন, একমাস হব নি এখনো।

—তবে খুলেই বলি। বলে অকারণে এদিক-ওদিক চেয়ে গোপীকান্ত
একটু কাষ্ঠহাসি হাসলেন। বললেন—দেশরা ভাববে, বড়োগুলো
কি রকম বেয়াদপ। আমরা সেকেলে মান্তর, আমাদের রকম-সকম
একটু আলাদা বই কি বাবা। তুমি বিলেত থেকে এসেছ, সে
হল স্বাধীন-জেনানার দেশ—তোমাদের নজরে লাগে না। আর,
এটা শহর হলেও মফংস্থল শহর। নানা জনে নানা কথা বলতে
পারে—

নিখিল শক্ষিত হয়ে জিজ্ঞাসা করল —কিসের কথা ?

হা-হা করে গোপাকান্ত আবার এক চোট হেসে নিলেন। বলকেন

— যা-হোক কিছু বললেই হল। লোকের কথার কোন মাথামূণ্ড্
থাকে নাকি? আমার ছেলেব কথা ছেডে দাও, সে লেখাপড়া শিকেছ,
সে কিছু গ্রাহ্ম কবে না। বলে, বিখাস করতে না-ই পারব ত স্ত্রী বলে
গ্রহণ করছি কেন? তার কথা নয়…গোলমাল বাধছে তারাশক্ষরদাদাকে নিয়ে। তিনি সেকেলে মাক্রয়— প্রতি পারেন না, অথ্যত
মুথ ফুটে বলতেও পারেন না।

নিখিলের মৃথ ছাইয়ের মতো সাদা হয়ে গেছে। বলল—জেঠাবাবু
কিছু বলেছেন আপনার সঙ্গে ?

—वरलरहन देव कि। इमानीः त्राख्य वरनन। स्माप्त वश्या इरायह, वाग् पछा—जाल स्माप्त वावा इछ, ज्यान व्याद, वनाठ इव कि ना इश। राजामान्त रम हालनवश्य छ नाई—लाक अक क्या वनाल जामात माथा रहें इरव, जाता-मानात्रछ। जात्रभत हर्गाः खाणां क्रालन—अक काज कत ना राजन वावा, जामात अथान अरान यात्र थांक। चरत्र हालात मराज थांकरव—थामा थांचरां चत्र, मिक्का रथांना, मराजादाना राजमन थित-थित करत हांछ्या जारम।

নিধিল বলল—আমি আজই চলে যাব। গোপীকান্ত বান্ত হয়ে উঠলেন—জা-হলে তারা-দাদার চোথ ?

—কলকাতা থেকে ডাক্তার পাঠিয়ে দেব।

নিখিল বরে গিয়ে স্থাটকেস গোছাতে লেগেছে। গোছাবে কি—
কাপড়-জামা কোন-কিছুর ঠিক-ঠিকানা নেই। যা সামনে পেল,
জড়িয়ে তাল পাকিয়ে পুরে ফেলেছে। কোথায় ছিল মাধুরী, ছুটে এসে
টানাটানি করে আবার সমস্ত ছড়িয়ে ফেলল।

—ওকি ? আঁয়া ? এই বিজে হরেছে—দিন-ছপুরে চুরি ? কাপড়ের আণ্ডিল থেকে বেফল মাধুরীর কালপেড়ে শাড়ি একখানা। নিথিল একটু অপ্রতিভ ভাবে বলল—চিনতে পারি নি।

—শাড়ি-ধুতি চিনতে পার না, অবস্থা সন্ধিন বলতে হবে।
তোমাকেও চোথের ব্যারামে ধরল নিথিল-দা?

কিছ তার দিকে চেয়ে মাধুবীর চপল হাসি এক মৃহুর্তে গুরু হরে

গেল। আছত চোধ-ছটি নিখিলের মূথে একাপ্স স্থাপিত করে মাধুরী বলল—কি হয়েছে নিখিল-দা?

- —हरन शिष्ट् ।
- —কেন **?**
- याव ना ? व्यामात्र काज-कर्म निर्दे वृति !
- মাধুরী কাতরকঠে বলল—বাবার যে অস্থপ।
- —অম্বংগর ব্যবস্থা যা করছি, তুমিও জ্বান—আমিও জ্বানি। স্বার লোক ঠকাব না।
- —ঈস, বড্ড যে সাধু মহাত্মা হয়ে গেছ। তবু যদি কাপড় চুরি না ধরে ফেলতাম।

মাধুরী কিছুই ব্রুতে পারেনি, ভবু লঘু হাস্তে ব্যাপারটা কেবলই উড়িয়ে দেবার চেটা করে।

নিখিল গভীর স্বরে বলল—দে ত ফিরিয়ে দিয়ে গেলাম মাধুরী।
পরের জিনিসে লোভ করতে নেই। তোমার শাড়ি এই রইল। প্রার্থনা
করি, তুমি স্বর্থে-শান্তিতে থাক। চারটের গাড়িতে আমি চলে
যাচ্ছি।

মাধুরী একেবারে ভেঙে পড়ল—রাগ করে ষাচ্ছ? আমায় ভাসিয়ে দিয়ে? আমি যে কিছু বলতে পারি নি—কত কথা রয়েছে, বুক কেটে মরে যাচ্ছি—

निथिन धरा भनाग वनन-वन नि व्हेन ?

— তুমি রাতদিন ঝগড়া কর, বলব কোন সময় ? গন্তীর কথা বলতে ভয় করে, পাছে তুমি হেসে ফেল। ... নিখিল-দা, সত্যি তুমি আবর আগবে না?

নিখিল কাল্লার মতো ককণ হাসি হেসে বলন—আসৰ বৈকি, নেমস্কর থেতে আসব। অবস্ত বিয়ের খবরটা বদি গিরে পৌচয়।

মাধুরী রাগ করে উঠে দাঁডাল।—তোমরা সব ঐ রকম...জানি, জানি, সবাই তোমরা স্বার্থপর। ওঠ তার বার ছই কেঁপে উঠল, ছ-চোপে ভলের ধারা নামল। বলল—বিয়েব নয়, মরার থবর পাবে— ঠিক পাবে। তথন তুমি নিশ্চিন্ত হয়ো—আর কেউ কোনদিন জেকে পাঠাবে না, কাজ-কমে ব্যাঘাত হবে না-

कै। मर्क के। मरक ख्रुल अप म राज्य विद्या या चिल्ला, जा मराज्य मिरक रहरत স্তস্তিত হয়ে দাঁড়াল। নিথিলও চেয়ে দেখল। সর্বনাশ—তারাশঙ্কর উঠে এদেছেন, চোথেব ঢাকা খুলে ফেলেছেন।

নিশাস ফেলে যথাসম্ভব সহজ স্থবে নিখিল বলল—আজ চলে যাচ্ছি क्लिंगवाव् । माध्वी वतन, यथना, वावांत्र कात्थ्र छा-श्राम कि श्रा १

মাধুরী বলল—বাবা, তুমি চোথ থুলে ফেলেছ—অত্থৰ আবার বেডে ষাবে কিন্তু। আমবা ভাবছি, তুমি ঘূমিয়ে আছ।

তারাশহরের মূথে চিস্তার ছায়া। হাসতে গেলেন, কিন্তু হাসি ফুটন না। বললেন—যা তোরা ঝগড়া লাগিয়েছিস, ঘুমোবাব জো আছে?

--- আচ্ছা, ঝগড়া করব না। তুমি ঘুমোও গে, নইলে চোথে ষদ্ধণা रुद्व ।

—না রে। চোধ এবার সেবে গেছে বলেই ঠেকছে।

চাকর খবর আনল, গোপীকান্ত এসেছেন, নিচে আছেন, জরুরি দরকার।

তারাশঙ্কর বললেন—বোস তোমরা। আমি এক্নি আসছি। কথা আছে, বোস।

গোপীকান্ত ক-দিন আগেকার খবরের কাগজ থেকে একটা চিচ্ছিত অংশ বের করে ধবলেন। বললেন—ভয়ানক জোচ্চুবি ব্যাপার ভাই, দেখ একবার কাণ্ডটা। আমি গোড়া থেকেই সন্দেহ করেছিলাম। *



—ৰা রে, চোথ এবারে সেরে গেছে বলেই ঠেকছে।

তারাশঙ্কর চেয়েও দেখলেন না। জিজ্ঞাসা করলেন—কি হয়েছে ?
—নিধিলচন্দ্রের কীতি দেখ। বারোই আন্দিন ফিবেছে, তেরোই

ভারিখের কাগজে সব বেরিয়েছে। চোখের জাক্তার না কচু। বিলেড থেকে শুধু একটা খেতাব নিয়ে এসেছে, আর কিছু নয়। এখন কলেকে মাস্টারি করে খেতে হবে। মিছে তোমায় ভূগিয়ে মেরেছে।

—তা হোক, তা হোক, চোখ কিন্তু আমার ঠিক সেরে দিয়েছে।
তারাশঙ্কর মূর্ট্ মূর হাসতে লাগলেন। বললেন—কাছের জিনিসটাও
দেখতে পেতাম না গোপী, এখন সমস্ত স্পষ্ট দেখছি।

জুন্ধার খুলে কয়েকথানা নোট তিনি গোপীকাস্তের হাতে ওঁজে
দিলেন। বললেন—নিরঞ্জন ঢের করেছে, থবর পেয়ে অদ্বুর থেকে
ছুটে এসেছে। ভিজিট বলে দিছি না, আনন্দের দিনে সন্দেশ থেতে
দিলাম। তাকে বলে দিও, আর তাব দরকার হবে না—সে মোকামে
চলে যাক।

— মোকামে যাবে ? গোপীকাস্ত কেমন আচ্ছন্তের মতো হয়ে গেছেন। বললেন—কিন্তু এখানে থাকতে থাকতে পাকা-দেখাটা হয়ে গেলে হত না ?

তারাশঙ্কর বললেন—দেখা আমার পাকাই হয়েছে। তাব নড-চড হবে না। গুভ-কমের সময় নিরঞ্জন বাবাজি যেন আসেন। তাকে বলে দিও। আর তোমাকেও দেখে গুনে সমস্ত সমাধা করে দিতে হবে। তুমি আমার পুরাণো বন্ধু।

আর ধৈর্যের বাঁধ থাকন না। আগুন হয়ে গোপীকান্ত বললেন— বর তা হলে ঐ জোচ্চোরটা?

হাসিমূথে তারাশস্কর বলতে লাগলেন—তা হোক, তা হোক, জোদ্যোর হলেও চোথের চিকিৎসা কিন্তু ঠিকই করেছে—



ছোট শহর, তু'টি মাত্র পাকা রাস্তা; রাস্তায় কেরোসিনের আলো সব সাকুল্যে গোটা কুডির বেশী নয়। কিন্তু মিউনিসিপ্যাল ইলেকশনের উল্ডোগ-আয়োজন দেখে হুৎকম্প উপস্থিত হয়।

মিস্তি-মজুর তো অনেকেই। তারা অত শত বোঝে না, জিজাসা করে—হাঁ৷ মশাই, চাকরিটায় মাইনে কত?

বিমানবিহারী জবাব দেয়—এক প্রসাও নয় ভাই। এ শুধু ঘরের থেয়ে বনের মোষ তাড়িয়ে বেড়ানো।

তারা মুপ চাওয়া-চাওয়ি করে, কথাটা বিশাস হতে চায় না। বিমান
ভামিদারের ছেলে, কলকাতায় থেকে লেথাপড়া করত। এই কিছুদিন
হল, বাড়ি এসে জমিদারি দেখতে আরম্ভ করেছে। জমিদারির কতদ্র
কি বোঝে, সে বলতে পারবেন বুড়া থাজাঞ্চি গোপাল ঘোষ। আরও
অনেকে হয় ত পারবে, কিছু সে যাই হোক, তার মোটরের হর্ন শুনলে
কাছারির আমলা-গোমস্তা মায় ম্যানেজারকে অবধি তটক্ছ হতে হয়।
বুড়ো কতা শীনাথ রায় অবধি ছেলের সামনে কথা বলতে ভরসা পান

না। যে হুটো পাকা রাস্তা আছে, তার উপর দিনরাত চিকাল ঘণ্টা ধূলোর ঝড় উড়িয়ে বিমান মোটর হাঁকিয়ে বেড়াত। সেই লোক ইদানীং থদ্দর পরে গান্ধি-টুপি মাথায় দিয়ে পায়ে হেঁটে জ্ঞানে জনের কাছে ধরনা দিয়ে বেড়াছে, বিনা-লাভে মহিষ তাড়াবার এমন উৎসাহ কলিকালের দিনে আর দেখা যায় না। চোথ টিপে একজন মন্তব্য করল—আছে, আছে গো…মাইনে না থাক, ছ্-চার প্রদা এদিক-ওদিক আছে বই কি!

আত্তে বললেও কথাটা বিমানের কানে গিয়েছে। ঘাড় নেড়ে তৎক্ষণাৎ সে স্বীকার করে নিল—আছেই তো, ঠিক বলেছ ভাই। সেই লোভেই সামলা-ছেঁড়া ছোকরা উকিলের দল উঠে পড়ে লেগেছে। আর বেখানে এক টাকা দিলে হয়, তোমরা সেখানে চার টাকা টাাক্স দিয়ে মরছ।

জোকরা উকিলই বটে, কিন্তু দলফ্দ্ধ নয়—একটি মাত্র লোক। সে
কিশোরীলাল। বিমান ব্যল, কিশোরীলাল সম্বন্ধে বিষোদগাব কেউই
কানে নিচ্ছে না। কিন্তু এই সব বলতেই তো আসা! বলতে লাগল—
সে রকম আর হবে না ভাই সকল। তোমাদের বাপ-মায়ের আশীর্বাদে,
জান ত সবাই—পেটের ভাবনা ভাবতে হয় না। উপরি আয়ের কি
দরকার আমার ? নতুন বাজেটের সময় টাাক্ম এবার অধেক কমিয়ে
দেব।

বিমান উঠে যেতে খ্ব হাসাহাসি আরম্ভ হল। একজন বলল—চার সবাই। কিশোরীবাবৃও ষে সাধু, তা বিশাস করি নে—যে যাই
বল। তবে তার হল ছেঁড়া জামা আর পাঁচসিকের জুতো। ওই জামাছুতোর দামটাই না হয় সে উশুল করবে। তুমি বাবা জমিদারের

ছেলে, ইে হে, তুমি গেলে মোটরের তেল জোগাতে আমাদের হাড়
ক-থানা গুকিয়ে কাঠ হয়ে যাবে।

এই মহাযুদ্ধে জনৈক উল্থড়ের বিষম বিপদ হয়েছে, তিনি ঐ
গোপাল থাজাঞি। পঁচিশ বংসর চাকরির মধ্যে এমন অষ্টন আর কথনও
ঘটেনি। অপরাবের মধ্যে কিশোবীলালের খুড়া তিনে। কেবল খুড়া
বললেই হবে না, বাপের চেয়ে বেশি। গোপাল জ্বমা-ওয়াশিল-বাকি
করেই জাবনটা কাটিয়ে দিলেন, বিয়ে করবার ফুরসং হল না। গানবাজ্বনা করতে জানেন না, কিল্ক ঐ বিষদ্ধে অফুরাগ খুব। আমুষ্য কিক
আর একটা শথ আছে, বটতলাব বাছা বাছা গানের বই ও নাটক
পড়া। এরই উপর এদেছে কিশোরালাল ও বনমালা,—ভাই-বোন
ছ'টিন বছর দশেক আগে ভারা মা-বাপ হারিয়েছে, এই দশ বছর ধরে
গোপাল ঐ মনিব ছ'টের কাছে বড় ভয়ে ভয়ে থাকেন। অত ভয় তিনি
শ্রীনাথ রায়কেও করেন না।

ছপুরে ঘুম খেকে উঠে হাত-মুধ ধুমে গোপাল পড়গড়ার নলাট কেবল মুখে ধবেছেন, বনমালা অগ্নিস্ভিতে এসে দাড়াল।

- —ভনেছেন কাকাবাৰু ?
- —নন্স মুখ থেকে পড়ে গেল।
- —বিমানবাব নাকি বলে বেড়াচ্ছেন, 'পি'পড়ার পাধা ওঠে মরিবার ভবে—

কবিতা শুনে গোপাল মহা খুণি হয়ে উঠলেন।—বলেছে নাকি?
তা হলে পড়াশুনো করেছে কিছু কিছু। আমি ভাবতাম, কল্কাতায়
বঙ্গে বদে থালি খাদ কাটত।

निष्कत्र वित्रक्छात्र शोशांग निष्क्रहे ८२८म छेठरमनः बनरमन --

বছত থাসা পদ্ম রে, অমন আর হয় না। ওর পরের ছতা বলতে পারিস মালা?

তাঁর উল্লাসে কিছুমাত্র যোগ না দিয়ে বন্যালা বলতে লাগল— আর বলেছেন, তুমি নাকি তাঁদের এস্টেটের টাকা ভেকে দাদার ইলেকশনের জন্ম ধরচ করছ।

—বলেছে নাকি? গোপালের ম্থের হাসি নিভে গেল, বললেন —এটা মিথো কথা। কিশোরী ত একটা পম্বসাও আমার কাছ থেকে নেম্ব না।

বনমালা বলল- আছো কাকাবার, এই ব্ডোবয়দে ভোমার চাক্রির দরকারটা কি?

গোপাল ঘাড় নেড়ে বললেন - किছू না, किছू ना।

কিশোরী কোর্টে যায় নি, কোন্ দিক দিয়ে এসে অতি সংক্ষেপে সে রায় দিল—ওই চাকরি ছেড়ে দিতে হবে।

--वाका।

চাদরটা কাঁধে কেলে গোপাল তাড়াভাড়ি নেমে গেলেন। গলি পেরিয়ে সদর রাস্তায় এসে তবে হাঁপ ছাড়লেন। জমিদার-বাড়ি এসে চুপি চুপি মহেশ দারোয়ানের কাছে শুনলেন, সংবাদ বড় শুভ—বিমান বাড়িতে নেই, ছুপুরে ছুটো নাকে-মুখে গুঁজে দলবল নিয়ে বেরিয়ে গেছে। শ্রীনাথ উপরে আছেন, তিনিও নামেন নি।

তিন-চার জনে প্রকাণ্ড এক সামিয়ানা কাঁধে ভিতরে চুকল।

—ব্যাপার কি ?

মहেन वनन-एनारन नि शंकाकिवात ? प्रकनवाद वाळा हरत।

গোপাল উৎসাহিত হয়ে উঠলেন—বলিস কি! কার দল? কি
পালা হবে, শুনেছিস কিছু?

মহেশ বিরক্তম্থে বলতে লাগল—জালাতন আর কি! মঞ্চলবারে সমস্ত রাত জেগে আবার বুধবারে ওই হাজামা। আমাদের ফেন মাস্তবের শরীর নয়। বড়বাবুর বিচার-বিবেচনা নেই।

তথন মনে পডল, ইলেকশন ত ব্ধবারে। তার অবশু পাঁচ দিন বাকি। গোপাল চিন্তিত ভাবে বললেন—গোলমালের মধ্যে ধাত্রা কি জমবে ? কর্ডামশায়ের খেয়াল হয়েছে বোধ হয়। নইলে আর এমন বৃদ্ধি কার?



- (मधि (मधि, हिस्मवर्धे) किस्मत्र ।

মত্থে বলল—বৃদ্ধি বড়বাবুর। যাত্রা না ঘোডার ভিম। হারা ভোট দেবে, যাত্রার নাম করে তাদের রাত্রি থেকেই আটকে রাখবার ক্ষিকির। স্কালবেলা গাড়িতে পুরে পুরে চালান করবে। মিষ্টি-মণ্ডা থেয়ে ভোট দিয়ে তারপর ছুটি। একটু চুপ করে থেকে বলল—বুদ্ধিটা অবুব ভাগ। কিন্তু আমাদের যে জানে কুলোয় না।

কাছারি-ঘরে চুকে গোপাল হাতবাক্সর সামনে বসলেন। বাঁ দিকে রাশীক্ষত কান-কোড়া খাতা। সেই সব খাতার নিচে আছে অভিমন্তা বব গীতাভিনম i হাতবাক্সে কফুই ভর দিয়ে পা ছড়িয়ে গোপাল বই খুলে বসলেন। তারপর কর্তা নামলেন, নেমে বৈঠকখানার দিকে গেলেন। গোপাল চোখ না তুলেই সমস্ত টের পাচ্ছেন। চোখ তোলবার জ্বো নেই; খাসা জমেছে বইখানা, বড় চমৎকার বই।

একটু পরেই ডাক এল – গোপাল!

-- चाटक, यारे।

খারও পাতা হই এগিয়েছে। কর্তা খাবার ডাকলেন-কই গো, কি করছ তুমি?

রুসভক্ষে বিরক্ত হয়ে গোপাল জবাব দিলেন—একটা জরুবি হিসেব দেখছি, দেরি হবে।

মিনিটখানেক পরে প্রবল হাসির সঙ্গে সচকিত হয়ে মুখ তুলে দেখেন প্রীনাথ স্বয়ং এসে দাড়িয়েছেন। হাসতে হাসতে বললেন—জাহা-হা ঢাকছ কেন? দেখি দেখি, হিসেবটা কিসের! পরশু থেকে বইটা উড়ে গেছে; তথনই জানি, গোপালচন্দোর ঐ নিয়ে হিসেব ধরছেন। বলি, এমন অভিনিবেশ ইস্কুলে পড়বার সময় ছিল কোথায়? তা হলে যে চাই কি একটা হাকিম হয়ে বসতে পারতে!

বুড়োর ছ-হাতে ছ'টা রেকাব। একটা হাতবাক্সর উপর রেখে বললেন—লুচি ফাকড়া হয়ে যাচ্ছে, ও নড়বড়ে দাঁতে ছিঁড়বে না কিছু।

হিসেবটা না হয় ছ-মিনিট বন্ধ পাকুক। ওরে হীক, জল দিয়ে যা ছ-মাস।

মহানদ্দে আহার চলেছে, এমন সময়ে স্থতীর আলোয় সমস্ত উঠান উদ্ধাসিত করে বিমানবিহারীর মোটর এদে দাঁড়াল। জুতোর আওয়াজে মার্বেলের মেডে কাঁপিয়ে সোজা সে এসে দাঁডাল কাছারি-ঘরের মধ্যে।

ইতিমধ্যে জাত্মত্রে যেন সেখানকার অবস্থা বদলে গেছে। গ্রীনাধের হাতের রেকাবি চুকেছে তক্তাপোষের তলায়, আর গোপালেরটা গেছে ঝাতাপত্রের অঞ্চালে। হাতেব কাছে এক আদালতের সমন পেয়ে গোপাল তারই উপর শশবান্তে যোগ দিয়ে চলেছেন।

তীক্ষ্ণৃষ্টিতে চেয়ে বিমান বলল-অথানে কি বাবা ?

শ্রীনাথ বললেন—জলকরের হিসাব নিচ্ছি। ত্বান যাও বাবা, কাপড-চোপড় ছেড়ে ঠাণ্ডা হও গে।

বিমান বলল—ঠাতা হব কি, মাধায় আমার আন্তন জলছে। সমস্ত অঞ্চল ঘুরে দেখে এলাম, কোন আশা নেই।

শ্রীনাথ অভিমাতার বাত হয়ে উঠলেন। একবার ছেলের দিকে আর একবার গোপালের দিকে চেম্বে বলে উঠলেন—তা হলে কি হবে?

—এমন কিছু হবে না। কিশোরী জিতবে, আমি বিষ ধাব। বলে গোপালের দিকে কঠোর একটা দৃষ্টি নিজেপ করে বিমান গট-মট করে উপরে উঠে গেল।

গোপাল নিশাস ফেলে নড়ে চচে বসলেন। শ্রীনাথ বলতে লাগলেন—পাগল, পাগল। আনাদের সময় এসব ছিল না, আমরা বেশ

ছিলাম। আমরা খেতাম, ঘুমোডাম, পাশা থেলতাম, কোন হালাম ছিল না। কি বল হে গোপাল?

গোপাল ততক্ষণে পুনশ্চ গীতাভিনয় থলে বসেছেন। শ্রীনাথের কথা তার কানেই গেল না। বললেন—কর্তা মশাস, যাত্রায় কি পালা হবে ঠিক করলেন? অভিমন্ত্য-বধ হোক না, থাসা জমবে।

—বেশ, বেশ। তোমরাই ঠিক কর। তারপর গোপালের হাত ধরে একটা ঝাঁকি দিয়ে বললেন—ওঠ হে, সন্ধ্যে হয়ে গেল, আর কত কাজ করবে? চল, একহাত পাশায় বসি গে।

হাতবাক্স ও লোহার সিন্দুকে চাবি এঁটে সমস্ত গুছিয়ে-গাছিয়ে
নিতে, এর মধ্যে বিমান আবার নেমে এল। এ সময়ে তার নাম্বার
কথা নয়, আজ তার চোবে মুখে যেন আগুন ফুটে বেরুছে। এসে
গঞ্জীরভাবে চেয়ার টেনে বসল। গোপালের দিকে চেয়ে প্রশ্ন করল—
বাজাঞ্চি মশায়, কিশোরীকে বলেছিলেন সে কথা?

গোপাল ঘাড় নাড়লেন—আজে হা।।

শ্ৰীনাথ বললেন—কি কথা বাবা ?

বিমান বলতে লাগল—আমার চিরণক্র কিশোরী। কলেজে পাশাপাশি বসতাম, ও ক্লাসে বসে ঝিমোড, ক্লাসের বাইরে হৈ-হৈ করে
বেড়াড, আর আমি সমস্ত রাত জেগে পড়তাম। তবু সে কোন বার
আমায় ফার্স্ট হতে দেয় নি। এবার ইলেকশন হচ্ছে, তাতেও সে আমার
পথ আটকে দাঁড়াল। নতুন উকিল হয়ে এসেচে, যাতে প্র্যাকটিশ
জমে সেই ত তার দেশ উচিত। আমি বরং তু-দশ জনকে বলে দেব।
এই আমাদের এস্টেটেই কত কাজকর্ম রয়েছে। এসব হাজামে দরকারটা
কি? সব কথা ভাল করে ব্রিয়ে বলেছিলেন থাজাকি মশায় ?

—আজে হা।।

—সরে দাঁড়াতে রান্ধি হয়েছে?
গোপাল মৃত্ত্বরে বললেন—আজে।

উৎসাহের প্রাবল্যে বিমান চেমার ছেড়ে উঠে দাঁড়াল।—বেশ বেশ, ভবে আর কি! তা হলে লিখে দিক একটা-কিছু, আমি কালই ছাপিয়ে বিলি করে দেব। হঠাৎ গোপালের মূপের দিকে চেয়ে সন্দৈহ হল। বলল—আপনি বলেন নি বোধ হয় ধাজাঞ্চি মশাম ?

গোপাল সভয়ে জবাব দিলেন—আজে, বলব।

মৃহতে বিমানের দৃষ্টি ক্লক, স্থর কঠোর হয়ে উঠল।—বলবেন বইকি! কিশোরী কেলা-ফতে করুক, এই সব বলে বলে হাসি-ঠাট্টা করবেন।
তারপর চারিদিকে তাকিয়ে বলে উঠল—ভ:, জলকরের নিকেশ নেওয়া
হয়ে গেছে এর মধ্যে? খাতাগুলো আব একবার দয়া করে বের করতে
হবে। আমি একবার দেখতে চাই।

সকলে নির্বাক। ঠোঁটে ঠোঁট চেপে মাটির দিকে তাবিয়ে বিমান মুহুত কাল দাঁতিয়ে রইল; তারপর মূপ ফিরিয়ে ক্রতবেগে উঠান পেরিয়ে নিজের ঘরে চলে গেল। খাতা বের করবার অপেক্ষায় রইল না।

এরই দিন ছই পরে এক কাণ্ড হয়ে গেল। গোপাল সম্প্রতি
নদীর ধারে নৃতন বাড়ি করেছেন। বিমান শুনেছে কথাটা, কিন্তু
তেমন কানে নেয় নি। তারা এক একটা রান্তা ধরে ঘুরছিল। তথন
আসন্ত সন্ধ্যা, নদীর জল ডুবস্ত স্থ্যের আলোয় ঝিকমিক করছে। বিমান
আর জন ছই-তিনকে নিয়ে ঢুকে পড়ল গোপালের বাড়ি। বিনচের তলায়
কেন্ট নেই, ঘর-নোর হাঁ-হাঁ করছে।

অক্ষয় সন্দেহ প্রকাশ করল—এই বাড়ি ভাড়া নিয়েছে ভূপাল

শা ? কখনো নয়। আড়তদার মাছ্য, এ রক্ষ পছন্দ পাবে কোখেকে ?

ফিরে যাবে মনে করছে, এমন সময় আলো হাতে সিঁড়ি দিয়ে নেমে এল বনমালা। বিমান চেনে না, কিছু বনমালা তাকে চিনতে পারল। ছোটবেলায় কতবার সে গোপালের সঙ্গে জমিলার-বাড়ি গিয়েছে, বিমান ছুটিতে বাড়ি আসত, সেই সময় তাকে দেখেছে। বনমালা বলল—আহ্ন! আলো রেখে সকলকে চেয়ার দেখিয়ে দিল।
—কি দরকার বল্ন ত?

এমন সপ্রতিভ মেয়ে বিমান খুব কম দেখেছে। এ রকম জায়গায় ও
আশাই করা যায় না। ছাপানো নানা রকম নিবেদনপত্র তারা
ছড়াতে ছড়াতে যাছিল; একজনে তার একখানা বনমালার হাতে
দিল।

বনমালা হেদে বলল—ভোট চাইতে এদেছেন ?

বিমান বলল—ব্ঝছেন ত হুৰ্ভোগ! বাডিয় কর্তারা কোথায় ?

বনমালা বলল—এখন কেউ নেই। থাকুন স্বার না থাকুন, এ বাড়ির ভোট স্বাপনি ত পাবেন না।

এ রকম স্পষ্টভাষায় কেউ 'না' বলে না। স্বীকার করে, এমন কি দিবিয় করে বলতেও অনেকে গররাজি নয়। যদিও বিমান জানে, সেই দিব্যি-ওয়ালাদের শতকরা নব্বই জন ভিন্ন দলের। বিমান চমকে গেল। বলল—ভোট পাব না, কারণটা শুনতে পাই ?

বনমালা বলল—কারণ একটা নয় ত। প্রথমত আপনি বডলোক, অতএব ভিন্ন জাত—

বিমানবিহারী অধীরভাবে তর্ক আরম্ভ করল-কেন, বড়লোক

হওয়া কি অপরাধ ? বড়লোক হলে মাত্রুষ হতে নেই ? এসব ধারণা কেন আপনাদেব হয় ? কে বলে বেডায় এসব ?

বনমালা বলল—আচ্চা, এ বিচার না হয় আর একদিন হবে। আজ আপনাব অনেক কাজ। বরঞ্চ অন্ত কোথাও গিয়ে ভোটের চেষ্টা কবলে মিছামিছি সময় নষ্ট হবে না।

বিমান আবও চেপে বসল।—থাকুক কাজ। চাই না অস্তের ভোট। থান-তৃই মোটিব আছে বলেই আপনাদেব ভোট পাবার অন্যিকাবী নই, এইটে প্রমাণ কবে তবে আজ এখান থেকে উঠব।

বনমালা থিল থিল কবে হেসে উঠল। বলে—প্রমাণ করলেও ভোট পাবেন না। যেহেতৃ এটা গোপাল ঘোষেব বাডি। কিশোবী লাল ঘোষ আমার দাদা।

বাছিতে কেউ নেই, এটা বন্মালা মিখা বলেছিল। গোপাল ছিলেন, তিনি এসব টের পান নি। তিনি উপবে ছিলেন। বন্মালা বলল—শোন কাকাবাব, আজ মজা হয়েছে। বিমানবাব্ এসে হাজির। বলেন, ভোট দাও। তারপর হেসে বলল—আমার ভোটটা আমি ওঁকে দেব ভাবছি।

গোপাল সায় দিয়ে বললেন—দেওয়া ত উচিত। কিশোরী যদি এই পেয়ালটা ছাডত, আমার ভোটও ওকে দিতাম। বজ্ঞ ভাল ছেলে।

বনমালা ঠোঁট বেঁকিয়ে বলল—ভাল না ছাই। কি বলছিল, জান ?
গোপাল বীতিমত চটে উঠলেন।—বলেছে তা গায়ে ফোলা
উঠেছে নাকি? অমন ঢের ঢের বলে থাকে। আমাদের সময় কি
হত ? তথন ভোটের কুফজেজাের ছিল না, বেধে ফেড তবলার বোল,

কি পাশার দান নিম্নে। তোদের আমলে থালি ম্থের কথা—আমাদের বেলায় হাতাহাতি হয়ে যেত।

পরদিন বাপের সঙ্গে দেখা হতেই বিমান বলল —থাজাঞ্চি মশায়ের ৰাজিখানা দেখেত ?

শ্রীনাথ উৎসাহ ভরে বলতে লাগলেন—খাসা বাড়ি। আমার নিয়ে
গিয়েছিল একদিন। বাই বল বাবা, আমাদের বাড়ি বড় বটে—কিছ
গোপালের বাড়ি ছোট হলেও ছবির মতো। আমার ত ইচ্ছে করে,
ওই রকম একটা জারগা পেলে রাতদিন গিয়ে থাকি।

বিমানের মৃথের দিকে চেয়ে বুডোর কথা বন্ধ হল। জুকুঞ্চিত করে বিমান বলল—বাড়ি ভাল, তা জানি। কিন্তু উনি মাইনে পান কত?

শ্রীনাথ ইতন্তত করে বললেন—তিরিশ বোধ হয়।

বিমান বলল—তিরিশ নয়, আটাশ টাকা। তাও আট মাস বাকি
পড়ে রয়েছে, নিয়ে যাবার ফুরসং হয় না! পাঁচ বছরের কাগজ উন্টে
দেখলাম, বরাবর পূজার সময় একসঙ্গে বারো মাসের মাইনে নিয়ে
যান। বাকি এগার মাস কি করে চলে তা হলে?

সে কৈফিয়ৎ যেন শ্রীনাথের দেবার কথা। বলতে লাগলেন—জমা-জমি জাছে কিছু-কিছু। কিশোরীও রোজগার করছে।

—আর বাড়ি?

—করেছে একরকম করে! বাড়ি-ভাড়া লাগে না, তাই চলে যায়।

কঠোর কঠে বিমান বলল—কিনে চলে, তা বোঝবার বৃদ্ধি আমার আছে। কিন্তু বড্ড সেয়ানা, কাগজপত্তে ধরা-ছোঁওয়া পাছি না। যাই হোক বাবা, নতুন থাজাঞ্চি রাথতে হবে; এস্টেট ফাঁক করে দিচ্ছেন। কাঁচা পয়দা নইলে কিশোরী অমন করে দু-হাতে ছড়াতে পারে? কোট থেকে নিজে যা আয় করে, দে তো আমার অজানা নেই!

একটু পরেই হেলতে তুলতে পান চিবাতে চিবাতে গোপাল এসে উঠলেন। বাপে ছেলেয় তখনও কথাবার্তা হচ্ছে। প্রথমটা গোপাল বিমানকে দেখেন নি, তারপর দেখতে পেয়ে পাশ কাটাবাব উচ্চোপে ছিলেন। বিমান ডাকল, শুসুন খাজাঞ্চি মশায়—

গোপাল তটস্থ হয়ে এসে দাঁডালেন।

আপনি ইংরেজি জানেন না। তাতে এষ্টেটের কাজকর্মের অস্থবিধা হচ্ছে। আমবা একজন ইংরেজি-জানা ক্যাশিয়ার রাধব।

গোপাল জবাব দিলেন, আজে।

আজই আপনি ম্যানেজারেব কাছে চার্জ ব্ঝে দেবেন। থেসারত হিসাবে আপনাকে তিন মাসের মাইনে দিয়ে দেওয়া হবে।

মাথা নিচু কবে গোপাল বললেন, যে আজে।

তাভাতাভি কাছারি-ঘবে চুকে পড়তে পাবলে গোপাল বাঁচেন।
পিছন হঙে বিমান বলল, বেলা হয়ে গেছে, এখন আব কাজ নেই—
বিকেলেই সমস্ত বুঝিয়ে দেবেন তা হলে।

শ্রীনাথ চুপচাপই ছিলেন, কিন্তু বড কটু হয়ে উঠছে দেখে আব কথা না বলে পাবলেন না। বললেন, অর্থাৎ তুমিই বলছিলে না গোপাল, চাকবি আর ভাল লাগে না। সেই কথা হচ্ছিল আর কি! তা তোমার যদি ইংরেজি-জানা তেমন কেউ থাকে, ববং — .

বিজ্ঞপের হাাস হেসে বিমান বলল, তা কিশোবী যদি আসে, চাকরিটা তাকে দিতে পারি। কোটে যা পায়, তার চেয়ে মন্দ

সময় নষ্ট কববার লোক গোপাল নন, ঘবে ঢুকেই যথারীতি অভিমন্ত্য-বধ খুলে বসেছেন। হরিচরণ মুহরি অনেক দিনেব লোক, গোপালকে বড ভালবাসে। এগিয়ে এসে ফিস-ফিস করে বলল, থাজাঞ্চি মশায়, বিমানবাবুকে ব্ঝিয়ে-স্থঝিয়ে বলুন একবার।

মুথ না তৃলে গোপাল বললেন, কি বলব আবার ?
হরিচরণ বলতে লাগল, বাইবেটাই ওঁব ওই বকম। আসলে বডবাহ
লোক থাবাপ নন। ইলেকশন নিয়ে মেজাজ বিগতে আছে কিনা।
থাকুক গে। বলে গোপাল গীতাভিনয়ের পাতা উন্টালেন।

বিমান কিছ্ক ভূলে যায় নি। প্রদিন আবাব গোপালকে ধরে বসল, থাজাঞ্চি মশায়, ম্যানেজাব বলছিল—আপনি ছিসেবপত্র বৃত্তিয়ে দেন নি।

গোপাল বললেন, आंख्य ना।

वाक्टे प्तरवन।

ঘাড নেডে গোপাল ঘবে গিয়ে উঠলেন।

মঙ্গলবার সকালবেলা দল এসে পডল। অধিকারির গলায় বাই - পানা মেডেল। গোপাল সেদিন তপুরে ঘুম্লেন না, থেয়ে উঠেই অমনি দির কাঁধে ফেললেন। বনমালা বামাঘরের দিকে ছিল, যেন হাত গুণে টের পায়, সে ঝগড়া কবতে এসে দাঁড়াল।

वक्षि हनता (म!

গোপাল সভয়ে বললেন, জানিস নে তো কত কাজ !

কাজ, কাজ! জিজ্ঞাসা করতে পারি, এত কাজের দরকাবটা

গোপাল হেসে ব্যাপারটা উড়িয়ে দিয়ে বললেন, দরকার কি, শোন কথা! বলি টাকাটা তো খোলাম-কুচি নয়—না ধাটলে টাকা দেবে কেন?

ফলে উন্টা উৎপত্তি হল। মেয়ের অভিমান উচ্ছুসিত হয়ে উঠল।
বলে, কাকাবাব, আমরা অনেক খাই, বুড়ো বয়সে তাই তোমায় অমন
করে খেটে মরতে হয়। বেশ, এখন থেকে একবেলা করে খাব। আহ্নক
দাদা—

থেটে মরি আমি? গোপাল এবার হো-হো করে হেসে উঠলেন।
গোপালচন্দোর থেটে চাকরি করে, এ তো শ্রীনাথ রায়ও বলতে পারবে
না। সকাল সকাল যাচ্ছি, সে না খাটবার ফিকির রে—সবাই রাজ
জেগে মরবে, আমি ন'টা না বাজতেই চলে আসব, দেখিস।

যাত্রা বিকালবেলা থেকে হবার কথা, কিন্তু আরম্ভ হতেই সাডে আটটা। গোপাল নিশ্বাস ফেলে ভাবলেন, তাই তো, গান শোনা হবে আর কথন, আসর-বন্দনাতেই আধ-ঘন্টা কাটবে। রোয়াকের উপর একখানা চেয়ারে উবু হয়ে বসে শুনছিলেন। তারপর উত্তরা এসে গলা কাঁপিয়ে গান ধরল। ঐ ছোকরাই গোপালের কাছে একটা বিড়ি চেয়েছিল বটে, গোপাল হাঁকিয়ে দিয়েছিলেন। সে যে এমন খাসা গান গায়! গোপাল আর ওরকম ভাবে থাকতে পারলেন না, উঠানে আসরের মধ্যে এসে চেপে বসলেন। ঘড়িতে ন'টা-দশটা বেজেই চলল, গোপালের পেয়াল নেই।

মহেশ দরোয়ান এদে বলল, বড়বাবু ডাকছেন।
গোপাল অক্সমনস্ক ভাবে জ্ববাব দিলেন, যাচ্ছি।

জাবার থানিক পরে মহেশ এসে ডাকল, কই গো থাজাঞ্চি মশায়, বড়বাবু দাঁড়িয়ে আছেন, বড়চ দরকার, শিগগির আহন।

গোপাল ঝাঁঝের সঙ্গে বললেন, একশ বার এক কথা। বললাম তো যাচ্ছি। ভালুক লাটে উঠেছে নাকি?

মহেশ বলন, বথাটা কানে নেন নি, বড়বাবু ডাকছেন, কর্তামশাই ন্ন।

কিন্তু পাণ্ডবদের তথন সন্ধটাপন্ন অবস্থা, অভিমন্থ্য ব্যুহতেদের উল্পোগে আছেন। গোপাল মহেশের কথায় কিছুমাত্র বিচলিত হলেন না। বললেন, হোকগে বড়বাব্। বড়বাব্ তা ফাঁসি দেবেন না তে।? বল গে থেয়ে, এখন হবে না, চার্জ সকালবেলা ব্রিয়ে দেব।

মহেশ হঠাৎ ব্রন্তভাবে পাশ কাটিয়ে দাঁড়াল। গোপাল ঘাড দিরিয়ে দেখেন, বিমানবিহারী স্বয়ং এদে দাঁড়িয়েছে। আসরেব মধ্যে সে এদে দাড়াবে, এটা একেবারে অভাবিত। আরও আশ্র্য—কপ্তস্বর তার মোলারেম। বলল, একটুখানি না উঠলে তো হবে না খাজাঞ্চি মধ্যায়—

আজে। গোপাল তৎক্ষণাৎ উঠে বিমানের পিছু-পিছু চললেন।
আভিমন্তঃ তথন ব্যুহের সামনে খুব লক্ষ্প-ঝক্ষ্প সহকারে আ্যাক্টো করে
বেড়াচ্ছে। রোয়াকে উঠে গোপাল একবার পিছন ফিরে সেদিকে
তাকিয়ে নিশ্বাস ফেললেন।…বিমান এ কোথায় নিয়ে যায় ? এ ষে
উপরে চলল! সেথানে বারান্দার উপরে একথানা সোফা বিমান
আঙ্জল দিয়ে দেখিয়ে দিল।

भवमान । वनमाना अस्म वस्म आहि।

গোপালের রাগ হল। বললেন, ভোট দিবি, দিস। তা এখানে আসবার দরকার কি ?

বিমানের মৃথ হাসিতে ভরে গেল। আপনি ভোট দেবেন আমাকে ?

বন্যালা জবাব না দিতে মুখের কথা কেড়ে নিয়ে গোপাল বলতে লাগলেন, দেবে বই কি! আমার বাড়িতে পায়ের ধ্লো দিয়েছেন, সোজা কথা! ও বলেছে, ওর ভোটটা আপনাকেই দেবে। আবার তাই নিয়ে আমার সঙ্গে কত ঝগড়া!

বনমালার মৃথ লজ্জায় রাঙা হয়ে গেল। তাড়াতাড়ি সে কথা ঘুরিয়ে নিল। বলল, ঝগড়া হয় সাধে! ঝগড়া না করে উপায় আছে তোমার সঙ্গে? রাত্রি ক-টা বাজল কাকাবাব্?

গোপাল বললেন, বলেছি ভো ফিরতে ন'টা হবে। তাই বুঝি ছুটে আসা হয়েছে ?

বনমালা বিমানেব দিকে জুদ্ধ দৃষ্টি হেনে বলতে লাগল, আসব না তো বুডোবমদে রাত জাগিয়ে তোমায় মেরে ফেলবে, বসে বসে তাই দেখতে হবে নাকি? বাডি চল কাকাবাব, গাড়ি দাঁড়িয়ে আছে, কানাই গাড়িতে বসে—

বিমানের অপরাধ নেই, সে তো গোপালকে থাকতে বলে নি। কিস্ত সে রাগ করল না। বলল, বাড়ি যাবেন কি রকম? ভোট নেবেন যথন বলেছেন, এইখানে থাকতে হবে।

বনমালা হাসিম্থে বলল, আটকে রাথবেন নাকি ?

নিশ্চয়। যত ভোটার কেউ যেতে পারবে না। সবাইকে যাত্রা শুনতে হবে। কাল ভোট দিয়ে তারপর ছুটি। তারপর হেসে উঠে বলন, মা, জেঠাইমা, ওঁদের সঙ্গে বদে যাত্রা ওহনগে, যান।

গোপাল মহানন্দে সায় দিয়ে উঠলেন। সেই ভাল, পালাটা জমেছে।

কিন্তু ভবী ভূলবার নয়। সে উঠে দাঁড়াল। বিমানের নির্দেশ মতো যাত্রা শুনতে না বসে গোপালের হাত ধরে বলল, বাড়ি চল।

এই রকম ক্ষেত্রে গোপাল কাউকে ভয় করেন না। হেঁকে উঠলেন, বলছি তো, রাভির হবে—ন'টার আগে ফিরব না।

ন'টা বেজে গেছে দেড় ঘণ্টা আগে। বনমালা দেয়াল-ঘডিটা আঙল দিয়ে দেখাল।

ছঁ, বাজলেই হল! অভিমন্থ্য এখনও ব্যুহের বাইরে রয়েছে, ঐ ব্যুহ ভেদ হবে, তারপর অভিমন্থ্য-বধ, তারপর জরাসন্ধ-বধ। ঘডি যদি লাফিয়ে লাফিয়ে চলে, আমি তার করব কি?

বিমান নিঃশবে দাঁড়িয়ে আছে। সমর্থনের আশায় তাব দিকে তাকিয়ে গোপাল বললেন, বাঁদের চাকবি কবি, কাল তাঁদেব মহামারী কাগু। তাতে আধ্বণ্টা যদি দেরিই হয়, কি হবে ?

চাকরিতে ইন্তৃফা দিতে হবে। পঁচিশ বছর শরীরপাত কবেছ, আর করতে দেব না।

গোপাল বুললেন, দেব তাই। যাত্রা ভেঙে যাক, কাল সকালে দেব।
কোনদিক থেকে শ্রীনাথ সেই সময়টা এসে পড়লেন। তিনি বলে
উঠলেন, সেই ভাল। আমিও ইস্তফা দেব। তারপব ব্রলে গোপাল,
ছ-জনে কাশী গিয়ে সেখানে পাশার ছক পেতে নেব। বলতে বলতে
জিনি হো-হো করে হেসে উঠলেন।

বিমান বলল, দে কি করে হবে ? ভেবে দেখলাম, ওঁকে ছাড়লে মৃশকিল হবে। আমরা আগে কাজকর্ম শিখে নিই ভাল করে। তারপর গোপালের দিকে চেদ্রে বলল, বুঝলেন থাজাঞ্চি মশায়, চাকরি আপনি ছাড়তে পারবেন না।

ষে আজে-বলে গোপাল সমন্ত্রমে ঘাড় নাড়লেন।

বিমান বলতে লাগল, আর ভেবে দেখলাম, মিউনিশিপ্যালিটিতে যাওয়া আমার পোধাবে না। কিশোরী যাক। ঘরের থেয়ে কে অত থাটবে ? যত ভোটার এসেছে, যাত্রা থামিয়ে এখনই সকলকে বলে দিচ্ছি।

এবার গোপালের বিশেষ আপত্তি দেখা গেল। বললেন, আজে, ব্যহভেদটা আগে হয়ে য়াক।

বিমান আপত্তি করল না, থুব হাসতে লাগল। ততক্ষণে গোপাল শ্রীনাথের সঙ্গে শশব্যতে নিচে নামতে লেগেছেন। চেঁচিয়ে বললেন, ওরে মালা, তুই তবে গিল্লিমাদের সঙ্গে বসে শোনগে যা। ব্যুহভেদ হয়ে গেলেই মায়ে-পোয়ে বেরিয়ে পড়ব।

বিমান মৃত্কণ্ঠে বলল, বাহভেদ হয়ে গেছে বলে ভরসা হচ্ছে, কি বলেন? যান। বলে বনমাল। রাগ করে মেয়েদের ওদিকে চলে গেল।

বিমানের মা বলছিলেন, মেয়েটি বড় ধাসা। যেমন পটের মতো চেহারা, তেমনই মিষ্টি কথাবাতা।

বিমান বলল, বড্ড ঝগড়া করে মা, তোমাদের সামনেই ভিজে বেরালটি। মা হেসে বললেন, তোর সঙ্গে করেছে নাকি? তা হলে দেখেছিস
তুই ? ভোর যা স্বভাব, ঝগডাটে না হলে তোকে আঁটিবে কে? কেমন
লক্ষীব মতো আমাব পায়ের গোডায় বসেছিল। ইচ্ছে হচ্ছিল, লক্ষীকে
ঘরে বেঁধে বাধি।

বিমানের এত পশাব-প্রতিপত্তি, মায়ের কাছে কিছুই খাটে না। সে চুপ করে রইল।

তাবপর একটুথানি ভেবে মা বলতে লাগলেন, তবে আমাদেব গোপাল থাজাঞ্জিব ভাইঝি—এই একটা কথা। কর্তাব সঙ্গে যতই থাক, তবু ঘোষ-মশান্ন এথানে চাকবি কবেন। তাঁরই ভাইঝি কিনা —

এবাব বিমানের কথা ফুটল।

তা যদি বল মা, তবে আমি কিছুতে শুনব না। হাত-মুথ নেডে সে মহাতর্ক শুরু কবল।—বডলোক, গবিব লোক, চাকর, মনিব— ওসব ভগবান করেন নি, মান্তবে করেছে সমস্ত উঠে যাছে। বাশ্যা বলে দেশ আছে শুনেছ? সেগানে সব সমান—



মেয়ের বাডি তত্ত্ব যাবে। গিল্লি কমল-করে ফর্দট্রেক দিয়েছেন,
কলকাতায় বাজার করতে যাচ্ছি।

টেন ষ্টেশনে দাঁভাতে তিনকভি ভূদেব প্রভৃতি ম্থ বাভিয়ে একসঙ্গে চেঁচাতে শুক করল, এই যে পূর্ধ-দ', আহ্নন—আমরা এই গাড়িতে।

অর্থাং আমার আব কোন উদ্দেশ্য নেই—পকেটের ভিতর ঐ তিন পাতার ফর্দথানাও অলীক—প্লাটফর্মের উপর ল্যাম্প-পোষ্ট ঠেশ দিয়ে আমি থেন কেবল এদেণ্ট প্রতীক্ষায় ছিলাম।

যাই হোক—তাকিরে দেখি, কামবায় ভিড় নেই। তিনকডি তাডাতাডি কোঁচা দিয়ে বেঞের ধুলা ঝেডে দিল। তারপব ধাঁ করে সেই কোঁচারই পানিকটা সামনাসামনি ছই বেঞে পেতে তারককে বলল, ধর্ টেনে। একটা মিনিটও অকারণে বায় করবাব লোক এরা নয়। তাবক ও-দিকে পা চেপে কাপডে টান রেখেছে, ভূদেব চক্ষেব পলকে পকেট থেকে তাস বেব কবে বার কতক ভেঁজে আমাকে দিল, কাটুন।

আমি বললাম, না।

তারক ফ্যাল-ফ্যাল করে চাইল। তিনকড়ি রাগি মাছ্য, কোঁচার কাপড় কোমরে গুঁজে ফেলল। ভূদেব তাস ভাঁজতে ভাঁজতে জতিশয় কাতর কঠে বলল, 'না' কেন দাদা? নইলে আবার একটা লোক পাই কোথা?

শবীর খারাপ। বলে পকেটের ফর্দ বের করলাম, এবং বা হাতে মাথার রগ চিপে খানিকটা সরে গিয়ে বসলাম। মাথার অপরাধ নেই। পুরো তিনধানা পাতার মধ্যে এক ইঞ্চি জায়গা রেহাই পায় নি। কমল-কর এমন নিদারুণ রকম চালনা করলে মাথা ঘোরে না, এমন শক্তিশালী মাথা পৃথিবীতে ক-টা আছে ?

কিছ্ক তিনকড়ির করুণা নেই। সে রুথে উঠল।

থাক, থাক—তোর ঐ তাসজোড়। রেখে, দে দিকি। লোকের কি
অভাব ? এই ভো বারাসত ষ্টেশন এসে গেল, কত লোক উঠবে—

অতংপর আর কি করা যায়, একদম বাইরে তাকিয়ে শ্বভাবের শোভা দেখতে লাগলাম। চোথের সামনে কিন্তু বডবাজার-রায়াবাজারের সারবন্দি দোকানগুলো ভেসে উঠছে। ভাবতে গায়ের রক্ত হিম হয়ে যায়। রাত্রি দশটা-একুশের টেনে ছাডা বাডি কেরা য়বেনা। তথনও যে নোটঘাটগুলো ফেলে একটু নিশ্বাস নেব, সে ভরসানেই। গিলিকে আজ কুড়ি বছর দেখে আসছি। ফর্দে ভুল বেকবে, পুনশ্চ কলকাতায় ছুটতে হবে, কতবার য়ে ছুটোছুটি করতে হবে তার সীমা-সংখ্যা নেই। বাজার করে আসি—বলে ক-দিন আগে সরকায় মশাই গা-ঢাকা দিয়েছেন। এরকম সত্যভাষণ তাঁর পক্ষে নৃতন নয়, গোড়ায় আশ্চর্য হই নি—কিন্তু পরে য়খন হাতঘড়িটাও খুঁজে পেলাম না, তথন উল্লেগ হল। কিন্তু সে যাই হোক, ভদ্রলোক এই দায়টা

কাটিয়ে দিয়ে যদি যেতেন, ঘড়ির শোক আমার মনে লাগত না। লোকের অভাব নেই—সেই থেকে অস্তত ডজনথানেক লোক চাকরিটার জন্ম হাঁটাহাঁটি করছে। কিন্তু আমি প্রতিপ্রা করে বসেছি, না বলে পালায় না, বাজে কথা বলে না—খাঁটি লোক এমন কাউকে পাই তো রাথব, তা সে তৃ-পয়সা বেশি মাইনে নেয়, নিক—কিন্তু অমন করে আরু ঠকব না, কন্ধনো না।

কোথায় গো, সে কদ্র ?

অনেক, অনে-ক দূর—

তাকিয়ে দেখি অব্ধবয়সি ছটি মেয়ে-পুরুষ। এদেরও রাধাবাজার অবধি সওদা আছে নাকি? পুরুষ লোকটির গায়ে ছেঁড়া জিনের কোট, তার উপব ধবধবে কোঁচানো চাদর। আর বউটির ডাগর-ডাগর চোধ ছটি। পায়ে স্থন্দর করে আলতা পরেছে; আলতা-পা ছটি বেঞ্চের উপর এলিয়ে হাতে ভর দিয়ে বসে বসে সে বরের কথা শুনছে।

হাত-মৃথ ঘ্রিয়ে লোকটি বলছে, সে বুঝি এখানে! তোমার দৌড বারাসত অবধি তো? বারাসতের পর বিরিটি তারপর অনেক — অনেক পরে কলকাতা। কলকাতা ছাড়িয়ে কদ্ব গিয়ে তবে হলগে ঢাকা, দিল্লি, রাণীগঞ্জ বর্ফ পড়ে সমস্ত এক কার তালেই যে ষ্টেশনে বর্ফ কিনে দিলাম, বৃঝলে না?

বউ ঘাড় নাডে, সমস্ত সে ব্ঝেছে। বরফের দেশের গল গুনে আমিও ভটস্থ হয়ে উঠলাম। বউ বলল, এই যত বরফ ষ্টেশনে ষ্টেশনে বিক্রি হচ্ছে, সব ব্ঝি সেধান থেকে নিয়ে এসেছে! হি-হি-হি—আচ্ছা দেশ ভো! বরফ কিনে থেতে হয় না।

স্বামী বলল, কিনবে কি তৃঃখে! এখানে বৃষ্টির সঙ্গে শিল পড়ে. সেথানে বর্ফ। হুড়-মুড করে দশ-মনি বিশ-মনি সব বরফ পড়ছে।

বউ সভয়ে বলল, সর্বনাশ, যদি কারো ঘাড়ে পড়ে !

সে হবার জে। নেই। মেঘ দেখলে সবাই ছয়োরে খিল দেয়। খোডো-বাডি নেই, সব দালান-কোঠা, কিছু ক্ষতি হয় না। বৃষ্টি থামলে সেই সব ববফ শেষকালে চালান হয়ে আসে।

প্রলুব্ধ ভাবে বউ বলল, বড্ড ভাল দেশ গো! আমি হলে একেবারে ঘটিখানেক খেয়ে ফেলতাম। পয়সা তো লাগত না—

ভীষণ গরম, গা দিয়ে ঘামের স্রোত বয়ে যাছে। আমারও মনে হল, বরক্ষের দেশ রাণীগঞ্জে এই সময়টা যেতে পারলে মন্দ হত না। বউটি জানলা দিয়ে বাইরে চেয়ে আছে। গাড়ি তীরবেগে ছুটেছে।

এই ফাঁকে পুরুষ-পুঙ্গবাটির পরিচয় নিতে লোভ হল। জিজ্ঞাস। করলাম, কোথায় যাবেন আপনি ?

আপাতত কলকাতা। তারপর কোথায় পাঠাবে, হেঁ-হেঁ, নেইটে বলা মৃশ্কিল। যেখানে কাজ আটকাবে, শর্মা দেখানে। তবে এবারে সাফ বলে রেথেছি, আর ঘোরাঘুরি নয়—রাণীগঞ্জ হেডআফিসের হেড-গোমন্তা হয়ে যাব।

আরও হত—কিন্তু এমনি সময়ে আঁচলে চোথ রগড়াতে রগড়াতে বউটি মুখ কেরাল। চোথ রাঙা হয়ে জল পডছে, কিন্তু কি যেন মজার ব্যাপার— সে থিলখিল করে হাসে। স্বামী চোথের ভেতরটা দেখবার চেষ্টা করতে বউ তাকে ঠেলে দিল। বলে, ও কিছু না। কয়লার গুঁড়ো পড়েছিল, সে উত্তে গেছে কথন—কিচ্ছু নেই।

বড় বড় চোথ-তৃটি মেলে হাসিম্থে বলে—আচ্ছা, ষ্টেশনে ঐ যে কয়লার গাদা দেখে এলাম। কাঠ পুড়িয়ে কয়লা করেছে—এত কাঠ পায় কোথা?

তার বোকামিতে বিজ্ঞ স্বামী হেদেই খুন। আ আমার কপাল! কাঠ পুড়িয়ে হয় বুঝি? তবে?

মন্ত মন্ত কয়লার পাহাড় আছে।

বউ বলল, আমি তা জ্ঞানব, কি করে বল। তোমার মতো কাঁহা-কাঁহা মুলুক করে বেড়াই নি তো!

স্বামী করুণা-পরবর্শ হয়ে তথন বোঝাতে লাগল, এই মস্ত মস্ত পাহাড়, তাতে থালি কয়লা। হাজার হাজার মানুষ কোদাল দিয়ে পাহাড় কেটে কয়লা আনছে।

বউ জিজ্ঞাসা করল, কয়লার পাহাড়ে বেড়ানো যায় ?

স্বামী ঘাড় নাড়ল, থুব, থুব। কাপড় বড্ড ময়লা হয়ে ধায়—এই ধা।
বউ টিপি-টিপি হাসছিল, একটু দিধা করল, তারপর বলল, দেখ, এই
ইয়ে আমাকে নিয়ে যেতে হবে কিন্তু। একবার একটু দেখে আসব।
ফিক করে হেসে বলল, কিন্তু কয়লার পাহাড়ে যাব না, বলে রাখছি। ও
পোড়ার দেশে গিয়ে অত কাপড় কেচে মরবে কে? রাণীগঞ্জে নিয়ে যেও।

একটু থেমে আবার বলে, যাবার মুখে কয়লার দেশটাও না হয় একবার দেখে যাব—কি বল ?

স্বামী তৎক্ষণাৎ সায় দেয়। নিশ্চয়—নিশ্চয়। আমরা হলাম সাত ঘাটের জলথাওয়া মান্ত্য···হিল্লি-দিল্লি সমস্ত পায়ের তলায়। আব আমার স্ত্রী হয়ে···নিশ্চয় নিয়ে যাব। এই ক-টা মাস থাক গিয়ে বাপের বাড়ি—তারপর রাণীগঞ্জে বাসা করব। পাহাডের উপর বাডি, গোরু-বাছুর, আম-কাঁঠাল, নারকেল-স্থপারি—কোন কিছুর অভাব নেই।

বারাসাত ষ্টেশনে বউটির বাপের বাড়ির লোক গোরুর গাডির নিয়ে ছিল। স্থদ্র রাণীগঞ্জের পাহাড় এবং দশ-মনি বিশ-মনি বরফের কথা ভাবতে ভাবতে সে নেমে গেল। ইঞ্জিন জ্বল নিচ্ছে। চাকার ধূলো উড়িয়ে গোরুর গাডি চলল।

এবার বিস্তারিত পবিচয়ের অবসর হল। জিজ্ঞাসা করলাম, কি করাহয় আপনার?

কি করা হয় ? হেঁ-হেঁ, তা তে৷ বটেই ! তারপব লোক**ি**মুক্ষবিয়ানার ভঙ্গিতে চেয়ে বলল, চা-বাগানের থৌজ-থবব রাথেন
কি মশাই ?

ঘাড নাডলাম। লোকটি বলে, তবে আর চাই কি জানবেন? একবার রমানাথ দত্তের নাম করে দেখুন গে। এক ডাকে সাড়া পড়ে থাবে। বিশ-পটিশটা বাগানের গোমস্তাগিরি করা হয়ে গেছে, এক-শ দেড়-শ সাহেব এই মুঠোর মধ্যে। আমি কাউকে কেয়ার করি না কি। দিন শাই—ও কি সিগারেট নাকি? দিন ও-ই একটা—

ধ্মপান করে গোমন্তা মশায়ের উৎসাহ ভয়ানক বরুম বেডে উঠল, চাকরির নানা কাহিনী সবিস্তারে বলতে লাগল। একবার বিনামেরে বরুষ পড়ে রাণীগঞ্জে এক-শ লোকের জীবন্ত কবর হয়েছিল, সেই সব অতি-ভয়য়র গরা! বউ ভয় পেয়ে যাবে, তা হলে অতদ্র তাকে যেতে দেবে না—তাই বউয়ের সামনে এসব গরা করে না, আমাকে নিয়ে ভয় করেছে। বিষম মৃশকিল। তিনকড়িরা ইতিমধ্যে লোক পেয়ে গেছে, য়ারা ধেলছে তার অস্তুত চতুগুণ দর্শক। সেধানে পিয়ে

মাথা চুকাব, সে জো নেই। এরই মধ্যে কখন যে একটু তন্ত্রার ভাব এসেছে, চেঁচামেচিতে চোখ মেলে দেখি, শিয়ালদহ ষ্টেশন।

একটা গাড়ি ভেকে উঠতে যাছি, 'পিছন থেকে কাতর কঠেব ভাক এল, শুকুন মশাই—



আন্তনাথ চক্রবর্তীর বাসাটা জানেন ?

চেয়ে দেখি, একডাকে সাড়া-পড়ানো সেই রমানাথ দৰ। বলন, এই ইয়ে অভানাথ চক্রবতীর বাসাটা জ্ঞানেন ? বড়-গ্লার কাছাকাছি কোন্থানে—

বললাম, এত বড় শহরে কোথাকার আগ্যনাথ—কে তাঁকে চেনে?
কোনু রাস্তা ? নম্বর কত ?

জবাব দেবে কি, দত্ত মশায়ের চক্ষ্তখন কপালে উঠে গেছে। ইা করে চারিদিকের দালান-ইমারত দেখেছ। জিজ্ঞাসা করলাম, আর কখনো কলকাতায় এসো নি?

কাঁদো-কাঁদো হয়ে সে বলল, আজে, না। চক্রবর্তী মশায় দেশে গোলে চাকরির কথা বলেছিলাম। তিনি বললেন, যেও—দেখা যাবে। কে জানে এখানে এত রাস্তা, আর এত নম্বর। তিনি কিছু বললেন না, আমিও জিজ্ঞানা করি নি।

সামনের সিট দেখিয়ে দিলাম। উঠে এসো এখানে। বললাম, এই ষে বলছিলে, চা-বাগানে গোমন্তাগিরি কর।

রমানাথ বলল, আজে গোমন্তাই ছিলাম। চা-বাগানের নয়—ও একটুথানি ভূল কথা বলা হয়েছে—এক গাঁতিদারের গোমন্তা, ঐ বিরিটি ষ্টেশনের কাছে। সঙ্গে এক পাঠশালাও ছিল। সোনার চাকরি মশাই, পাচ-ছ টাকা মানে পোষাত, কিন্তু কপালে সইল না।

দারুণ তুঃথে লোকটি চুপ কবল। জিজ্ঞাসা করলাম, চাকবি গেলকেন?

সে আর কেন বলেন! গেল-বছব বিষে হল, তারপর এটা-সেটায় ব্রতেই পারছেন—ফিরতে দেরি হয়ে গেল। বাবু বললেন, নেহি মাংতা—যাও।

বলতে বলতে হঠাৎ সে জিজাসা করে, মশায় কি বিবাহিত? নিশ্চয়।

তবে আর বলব কি, বুঝতে পারছেন। চাকরি নেই, নডুন

বউকে তা বলি নি। বললে কি আর পশার থাকে? বলুন না। আর হয়তো স্বাই মিলে ওকেই ছ্যবে, ওর কপালে চাকরি গেছে। আমার শুশুরের অবস্থাও আবার তেমন স্থবিধের নয়—

একটা বার ভাল করে ভেবে নিলাম। ঝোঁকের মাধায় কিছু করে বসা ঠিক নয়। আজও গিল্লির সঙ্গে বচদা করে জোর গলায় বলে এসেছি, থাঁটি লোক যদি পাই, তবে রাশব; বাজে প্লাক রেখে বারম্বার লোকদান দিয়ে মরব না। অথচ ধর্মপুত্র যুধিষ্টির কবে বে আমার বাজার-সরকারি করতে আসছেন, জানি নে। রমানাথের আপাদ-মন্তক একবার দেখে নিলাম। বউ কাছে নেই, অতএব পশার রাধারও প্রয়োজন নেই—এখন তার মুখ ভকিয়ে এতটুকু। বললাম, চল আপাতত রাধাবাজার, সেখান থেকে হাওড়ার হাট। রাজে বাড়ি ফিরব। বাজার-সরকারি করতে পারবে তো? দশ টাকা মাইনে।

নিম্পন্দ পুতুলের মতো বসেছিল, তড়িৎ-ম্পৃটের মতো মুহুতে নড়ে উঠল। আমার হাত তু-খানাও যেন জড়িয়ে ধরবার জোগাড করেছিল। কিন্তু ঐ মুহূত মাত্র। পরক্ষণে হি-হি করে হেসে বলল, আজে হাা, দেখবেন। পারি কি না পারি, কাজ দিয়ে দেখুন একবার। আমরা বলে সাত-ঘাটের জল-খাওয়া লোক— ঐ রাধাবাজার কেইবাজার— কেন্ট্রন্থ শর্মার পায়ের তলায়—

সমূরের ক্রমেলয়েৎ

ইলেকশন হরে গেছে। খবরের কাগজে আর মজা নেই—ফরাসের একপাশে পড়ে থাকে। স্থরথের নজর পড়ল বিজ্ঞাপনের পাতার উপর।



আরও চার-পাঁচ জন ঝুঁকে পড়েছে।

কাগন্ধটা হাতে নিয়ে একবার পড়ল। তারপর সেই জায়গাটা ছিঁড়ে নিল।

মাধবেরও দৃষ্টি পড়েছে। তিনি একাদিক্রমে সাড়ে-চার বংসর চাকরির দরখান্ত পাঠাছেন। ইদানীং বিরক্ত হয়ে বেয়ারিং-পোস্টে পাঠিরে থাকেন। উৎস্ক হয়ে প্রশ্ন করলেন, কর্মখালি ? উ'হ্ন—বলে স্বর্থ সশব্দে হাসতে শুরু করল। এত স্ফুর্তি কিসের হে? দেখি, দেখি। আরও চার-পাঁচ জন ঝুঁকে পড়েছে।

স্থর্থ বিজ্ঞাপনটা দেখাল-

বঞ্-বিত্ৰন্থ অন্তি চমৎকার। ভাজা ও টাটকা। নিশ্চম পছন্দ হইবে। পরীক্ষা প্রার্থনীয়।

কামাধ্যা ভটচায স্থরথের চশমাটা নিয়ে চোথে লাগালেন। অভিনিবেশের সঙ্গে বার ছই পড়ে বললেন, ও, বানান গোলমাল করে ফেলেছে বলে হাসছ? হাসির কি আছে স্থরথ-বাবাজি? আমাদের আমলে আট বছরের গৌরীরা আসতেন, বিশ বছর বউটি থেকে শেষে হতেন গিয়ি। এখনকার ধিন্ধিরা বাসরঘরেই বরের চালচুলোর নিকেশ নিতে বসে যান। বধ্রাই হ্রম্ব হয়ে গিয়েছেন, তা হ্রম্ব উ-কার কেন হবে না বাপু?

হরবিলাস ছোকরা-উকিল, আগাগোড়াই ঘাড় নাড়ছিল। গন্তীর হয়ে বলল, গুধু বানান নয়, আইনেরও গোলমাল রয়েছে। মাফুষ বিক্রি কি করে হতে পারে? দে তো বেআইনি।

পান্নালালের দল দাবায় মশগুল ছিল, তার মধ্যেও কথাটা কানে গেল। শৈশবে ইতিহাদ পড়েছিল, পুরাণো স্বপ্নের মতো ভাসা-ভাসা তার একটু মনে এল। সে বলে উঠল, দাস-বিক্রি আইনে মানা। আমেরিকায় কত হৈ-চৈ হল। মাস্থ-বিক্রি বেআইনি, এ কথা তো কই কোনদিন পড়িনি—

छिंठांच वलालन, छा इरम् अ अक्ट कथा। नाम ना इल, वर्ष नामी

ছাড়া আর কি! জান না, কনকাঞ্জলির সময় বলতে হয়, মা, তোমার দাসী আনতে যাচ্ছি —

इत्रविनाम भरवर्ग माथा नांएन।

ও সব আগে হত ভটচাষ মশাই, এখন হয় না। এখন বললে মানহানির পাচে পড়ে যাবেন। পান্নালাল বলেছে ঠিক, আমেরিকার ছলপুল হয়েছিল বটে! কিন্তু গোলমালটা হচ্ছে, আমেরিকার আইন এখানে খাটবে কিনা।

স্থরথ উঠে গাঁড়িয়ে বলন, আমি নিজে যাচ্ছি সব গোলমালের আস্কারা করতে।

ভটচাষ পিছন থেকে চেঁচিয়ে বললেন, কি হয় থবর দিও। আমরা চিস্কিত রইলাম।

ঠিকানা ছিল—৮৭-সি শ্রামলাল লেন। আনেক থুঁজে পেতে স্থরথ গিমে দরজার কড়া নাড়ল। এক বুড়ো ভদ্রলোক দোর খুলে জিজ্ঞাস্থ চোথে চাইলেন।

স্থব্বথ বলন, 'বন্দেমাতরমে' বিজ্ঞাপন দিয়েছেন—

হাা হাা, আমারই নাম হরিহর রায়।

বুড়া আর কিছু বলতে দিলেন না, চেঁচাতে শুরু করলেন, অমলা, ওরে অমলা—

ষোল-সতের বছরের একটি তথী মেয়ে চঞ্চল পায়ে ছুটে এল।
অপরিচিত যুবাকে দেখে সে থমকে দাঁড়াল। হরিহর বলতে লাগলেন,
অমলা, এই ইনি এসেছেন। তুই যে বলছিলি, বিজ্ঞাপনে কিছু হবে না
—জোকে বলি নি, বিজ্ঞাপন আমি দিয়ে দিয়েছিলাম। এই দেখ
বেক্সতে না থেকতে খদের আসতে আরম্ভ হয়েছে।

নিতাস্ত সরল আপন-ভোলা মাত্রয—সাদা দাড়ি-গোঁকে সমাচ্ছম সৌম্য মুখধানা দেখলে বোঝা ধায়, এ লোকের কাছে আপন-পর নেই। অমলা বাপের কথাবার্তায় অস্বস্তি বোধ করতে লাগল। তার-পরে তুই-এক পা করে সরে পড়ল।



जूरे त्य राजिक्षिन ,विखाशन किছू राव ना...

হরিহর ততক্ষণে স্থরথের সামনে বেঞ্চিথানায় চেপে বদেছেন। বললেন, চাকরি করতাম। তারপর মাথা ধারাপ হয়ে গেল। এথন সেরে পেছে অবিশ্রি—কিন্তু চাকরি আর হল না। বড় টানাটানির মধ্যে চলেছে—ভাই বাপু, বিজ্ঞাপন ছাপিয়েছি।

স্থরখের ইচ্ছে হল, বলে, আছে না, এখনও সারে নি। কিন্তু সতিয় সতিয় তো বলা যায় না। বুড়া মাস্থাটির দিকে চেয়ে তার হৃঃখ হল। এতক্ষণে বোঝা গেল, গোলমাল আইনের নয়, বানানেরও নয়—এই লোকটির মাধার।

হরিহরু বলতে লাগলেন, তা কিচ্ছু বাড়িয়ে লিখি নি বাবা। মাল একদম তাজা—যে দেখবে, তারই পছন্দ হবে। দেখাচ্ছি তোমাকে।

আবার চিংকার শুরু হল, অমলা, অমলা!

ও-ঘর থেকে মিষ্টি গলার আওয়াজ এল, বার বার উঠতে পারি নে বাবা, আমি কুটনো কুটছি।

হরিছর ব্যস্ত হয়ে উঠলেন, তা বললে হবে কেন মা? ভদ্রলোক এলেন এন্দুর—

অমলা বলল, তাঁকে পাঠিয়ে দাও এখানে।

স্থরথ রীতিমত ঘাবড়ে গেল। মাথার গোলমাল মেয়েটারও নাকি?
জানা নেই, শোনা নেই—বলে, পাঠিয়ে দাও।

দাঁড়িয়ে সে ইডন্ডত করছে, হরিহর বললেন, যাও বাবা, সমন্ত দেখিয়ে দেবে—

ভিতরে গিয়ে দেখে, অমলা কুটনো কুটছে না, কিছু না, সমস্ত মিছে কথা—খাটের উপর পা ছড়িয়ে চুপচাপ বদে আছে। স্থরথকে দেখে ভাড়াভাড়ি নেমে এদে গড় হয়ে প্রণাম করল।

সর্বনাশ, মাথা এরও নিশ্চয় খারাপ !…কিছ হঠাৎ মনে হল, একে তো

সে চেনে। রাঙা-ধৃকি এখন কত বড় হয়েছে—এখন হয়ে গেছে জমলা। চেনাই দায়!

স্থ্রথ বলল, বিনয় আজকাল-

মেয়েটির হাসিমূথ হঠাৎ আঁধার হয়ে গেল, উপরের দিকে হাত তুলে বলল, স্বর্গে।

একটুখানি চুপচাপ।

তারপর মান হেসে অমলা বলতে লাগল, বাপরে বাপ, এই পাঁচ বচ্ছরে ঘেন পাঁচ যুগ চলে গেছে। মা গেলেন, দাদা গেলেন, বাবার মাধা ধারাপ হল, চাকরি গেল। অনেক চিকিৎসা-পত্তোর হল, শেষে ডাক্তারের কথামতো আমরা সকলে পুরী গিয়ে রইলাম।

সূর্থ একটু লচ্ছিত হল। বিনয় তার সহপাঠী, তার সঙ্গে ত্-চার বার এদের বাড়ি এসেছে। অমলাকেও দেখেছে, তথন এই মেয়েটার কে-ই বা থোজ রাখত, কে জানত সে বড় হবে, এমন স্থলর হবে! অবশ্র এমন বিশেষ কিছু ঘনিষ্ঠতা ছিল না যে অহরহ এদের খোঁজ রাখতে হবে, তবু সে কেমন অপ্রতিভ হয়ে উঠল। কৈফিয়তের স্থরে বলল, আমিও মাঝে একটা চাকরি নিয়ে লক্ষ্ণো যাই কিনা…সেই মির্জাপুরের বাড়িটা তো বেশ ছিল। এটা বড্ড অক্ষকার।

অমলা বলল, সেটায় ভাড়াটে আছে। আমরা ফ্লিরেছি মোটে মাদথানেক। কি কন্ম যায়—এথানে এসে উঠতে হল।

তারপর অমলা অন্ত কথা আরম্ভ করল।

আপনাকে কিন্তু আমি দেখেই চিনতে পেরেছি। মীমাংসা ছেড়ে আজকাল মধুর কারবার ধরেছেন নাকি?

স্থরপের লজ্জা হতে লাগল। বাস্তবিক বিজ্ঞাপন পড়ে এই রক্ষ ছুটে জাসা তার ঠিক হয় নি। আর ব্যাপারটা কিনা একেবারে বিনয়দের বাড়িতেই। সেই রাঙা-ধৃকিটা এখন বড় হয়ে—জমলা হয়ে ঠাট্টা করতে লেগেছে। স্থর্থ সংস্কৃতের এম. এ. পাশ করে মীমাংসার উপর থিসিস লিখছিল। এরা সে খবর রাখে, ইন্দিতটা তারই।

কিন্তু ঠকবার ছেলে স্থরথ নয়। বলল, শাস্ত্রেই রয়েছে, মধুরেণ সমাপয়েং। মধুর রসেই সকল মীমাংসা হওয়া উচিত। যাকগে—আমি এবার উঠব, অনেক কাঞ্চ আছে।

অমলা বলন, আপনাকে ভাঁড়ারে যেতে হবে। এখানে তো আনা যাবে না—

क्न ?

স্থরথ পালাবার মতলবে ছিল, অমলার কথায় কৌতৃহল আবার চাড়া দিয়ে উঠল।

বারে! সেকত বড় টিন। আমি বয়ে আনতে পারি?
টিন ?

অমলা বলল, হাা, বড় বড় মধুর টিন। স্থানরবনের চক থেকে মধু
আনো বাবা বললেন, বিক্রি করে দিলে হয় মন দশেক।

স্থরথ বিজ্ঞাপনের টুকরা পকেট থেকে বের করল। তার নিজের চোথের গোলমাল হয় নি তো? অমলা সেটা নিয়ে পড়ে দেখে হাততালি দিয়ে থিল-থিল করে হেসে উঠল।

কি সর্বনাশ ! ছাপার ভূলে 'মধু'কে 'বধু' করে ফেলেছে। আপনি তাহলে বুঝি বধ্র ধোঁজে এসেছেন !

স্থ্যপ হাসল না, কি-একটা ভেবে নিয়ে ভয়ানক গন্তীর হয়ে পড়ল। বলল, হাা।

দেখাদেখি অমলাও হাসি থামাল। বলল, তাই তো, মিছামিছি হয়রান হলেন। স্থরথ বলে, তাই কি বলা যায় ? ঠকে যাওয়া আমার স্বভাব নয় : শুধু তুমি সহায় থেকো অমলা। দেখা যাক কি হয়।

ব্যন্তবাগীশ হরিহর এ ঘরে চলে এসেছের্ন। বললেন, চমৎকার জিনিস
—নয় ? বল। আমি কি মিছে কথা লিখেছি ?

অমলা বলল, বাবা!

হরিতর বললেন, ভাল করে দেখিয়েছিস তো? দেখে পছন্দ করে নাও বাবা। তুমি আমার ছেলের বয়সি—শেষে বলবে বুড়ো ঠকিয়ে দিয়েছে।

স্থর্থ বলল, আজে, বিজ্ঞাপনে ভূল রয়েছে।

ভূল? আমি যে নিজের হাতে লিখে পাঠিয়েছি। বুড়া স্থরথের হাত থেকে কাগজের টুকরোটি নিয়ে মনোযোগ করে পড়লেন। বললেন ঐ রে, ভূলই হয়ে গেছে। এক মনের কম বিক্রি হবে না, তা তো লেখা হয় নি। তুমি বাবা, ছ-এক সেরের থদের বৃঝি? তা হোক গে — ওরে অমলা, আমাদের খাবার মধু থেকে দে না সের দেড়েক। ওর আর দাম দিতে হবে না। তুমি আমার ছেলের বয়সি, তোমায় দেখে বড় মমতা হচছে।

স্থ্যথ ভূলটা তথন আঙুল দিয়ে দেখিয়ে দিল। বুড়া হতোৎসাহ হয়ে পড়লেন।

ওং, তা হলে মধু চাও না নোটে? ভারপর একটু চুপ করে থেকে বললেন, ওরে অমলা, সেই যে মধুর পায়েস করেছিলি, আছে না? তুমি বাবা আমার ছেলের মতো :: কেমন যেন লাগছে।

হরিহরের কোটর-গত চোথ হুটো অঞ্চতে চক-চক করে উঠল। স্থুরুথ উঠে তাঁর পায়ের ধূলা নিয়ে বলন, আপনার ছেলেই হতে চাই। হেলেবরুসে বাবা মারা গেছেন। বিনয়ের সঙ্গে কতবার এসেছি, অমলাও জানে। এখন ইয়ে অপনি যদি অস্তমতি করেন, প্রায়ই আসতে পারব আমার বাড়িও দূরে নয়—

মাস দেড়েক পরে স্থরথ আবার আড্ডায় এল। সকলে এক সংক হৈ-হৈ করে উঠল।

প্রশাস্ত বলল, কি হে, কোথায় ছিলে এদ্দিন ? সেই যে বিজ্ঞাপনটা ছি ড়ে নিয়ে বেরিয়ে গেলে—বলি, আস্কারা হয়েছে কিছু? কিলের গোলমাল—আইনের না বাাকরণের ?

সকলে উৎস্থক হয়ে তাকিয়ে আছে। স্থর্থ বলল, গোলমাল আগাগোড়াই। 'বধু'র জায়গায় 'কনে' হবে, 'বিক্রেমের' জায়গায় 'বিয়ে'।

ভটচাষ মাথা নেড়ে অনুমোদন করলেন, ঠিক ঠিক। বিয়ে হয়ে যাবার পর তো বধূ—ভার আগে কনে। আর টাকা দেয় তো ক্যাপক্ষ, তারা বিক্রেয় লেখে কোন হিসাবে ? পাত্রপক্ষ বরঞ্চ লিখলেও লিখতে পারে। তারপর সমাধানটা কি রক্ম হল, স্বর্থ বাবাজি ?

স্থরথ ততক্ষণে পকেট থেকে এক গাদা নিমন্ত্রণ-পত্র বের করে বিলি করতে আরম্ভ করেছে।

এই লেখকের-

জল-জঙ্গল 'একথানি উপন্তাস। তুর্গম বাদা অঞ্চলের বিচিত্র প্রাকৃতিক পরিবেশ ও অপূর্ব জীবন-যাপন পদ্ধতিকে **জাশু**য় করিয়া উপস্থাদের গ**র**াংশ গডিয়া উঠিয়াছে এবং বাদাবনের অধিবাসি-স্কলন্ত প্রেম ও প্রতিহিংসা, দয়া ও দৌরাত্মা, উপকার ও উপদ্রব প্রবণ বিপরীতম্থী ঘটনাসম্হের ঘাতপ্রতিঘাতে কাহিনী এমন জমিয়া উঠিয়াছে যে, বিষয় ও ব্যাকুলভার আবেগে রুদ্ধ নিঃশ্বাদে শেষ অবধি পড়িয়া যাইতে হয়, সমাপ্তিতে পৌছাইবার পূর্বে মধ্যপথে কোথাও থামিয়া দাঁড়াইবার ছেদ খুঁজিয়া পাওয়া ষায় না। সভ্য জগৎ হইতে দ্রে অবস্থিত এই জনময় ও জঙ্গলাকীর্ণ অঞ্চলে প্রাক্কৃতিক সৌন্দর্ঘের যে বিচিত্র লীলা দিবারাত্র অভিনীত হইতেছে, ছন্নছাডা যে অপূর্ব জীবন-চাঞ্চল্য ম্পন্দিত হইতেছে, তাহার আলোড়ন আমাদের গৃহপালিত পোষ-মানা নগর-জীবনের গাত্তে আসিয়া আহত হয় এবং মৃহুর্তে সচেতন করিয়া তোলে বিচিত্র পটভূমিকায় হিল্লোলিত এমন এক উদ্দাম জীবন-প্রবাহ সম্বন্ধে—যাহার পরিচয় লেখকের নথদর্পণে, যাহার প্রতিচ্ছবি গ্রন্থটির পত্রে পত্তে ও ছত্তে ছত্তে। স্কটল্যাণ্ডের জ্বলাভূমি-অঞ্চলের বিচিত্র জীবন-কাহিনী অবলম্বনে লিখিত যে কোন প্রথম শ্রেণীর বিলাতী নভেলের ইহা সমপর্যায়ে স্থাপিত হইবার যোগ্য। অচেনা ও অজানা রহস্ত-রাজ্যের প্রথম পথপ্রদর্শকরূপে আলোচ্য উপত্যাস্থানি পাঠকসমাজে সমাদৃত ও সম্বধিত হইবে'—আনন্দৰাজার। চার টাক।।

সৈনিক ৬৪ সং। 'বলির্চ আশাবাদ, নবষ্ণের দৃষ্টিভঙ্গি, দেশ ও দেশের মান্থবের প্রতি অক্বলিম গভীর অমুরাগ 'সৈনিক' উপস্থাস্থানিকে আমাদের জাতীয় সাহিত্যে অন্যুমহিমায় প্রতিষ্ঠিত করিবে'— মুগাস্তর। 'এই বইথানি একাধারে ইতিহাস, সাহিত্য ও দর্শন'—দেশা। সাড়ে তিন টাকা।

বালের কেলা ২য় সং। 'জাতীয় প্রতিরোধ-আন্দোলনের গোরবময় পটভূমিকায় আলোচা উপস্থাসথানি রচিত হইয়াছে। থাতিমান সাহিত্যিকের মধুক্ষরা লেখনীর মূথে নীলবিদ্রোহ, সশস্ত্র অভিযান, লবণ-সভ্যাগ্রহ ও আগস্ট-বিপ্লবের অশুসিক্ত অধ্যায়ণ্ডলি জীবন্ত হইয়া ফুটিয়া উঠিয়াছে। মর্মাচেরা আত্মদানের বিশ্বত-প্রায় বিচিত্র কাহিনী, সংগ্রাম ও সংগঠনের ভূলে-মাওয়া ইতিহাস চলচ্চিত্রের মতোই একে একে ছায়া ফেলিয়া যায় মনে। ইতিহাসের সেই ঝরাপাতা কুডাইয়া সাহিত্যের রসে ভিজাইয়া লেখক জাতির জীবন-প্রবাহকে সকলের সমক্ষে তৃলিয়া ধরিয়াছেন'—য়ুগান্তর। তৃই টাকা চার আনা

ভূলি নাই ২২শ সং। আধুনিক কালের সর্বাধিক বিক্রীত উপতাস।

ত্ব টাকা।

ওবৈশা বধূ স্থান বিষ্ণ নির্দ্ধ প্রেমের উপক্যাসু।
আনাগোড়া ছই রঙে ছাপা। বিচিত্র
প্রক্রমণটা। উপহারের শ্রেষ্ঠ ক্ষচিসন্মত বই। ছই টাকা বারো আনা।

শতিপ্রিমর (মেরে জীবনচিত্র। ধর্মেনত বসতিবিরল চরের উপর হুর্ধ মামুষের জীবনচিত্র। 'Sj. Monoj Bose has a striking manner of reproducing atmosphere—of bringing to the readers' mind the vast alluvial stretches, the mighty rivers in spate, fearless spirits in the passion for fight and the ways of human heart that beat the same through different ages and times'—

অমুভবাজার। সাড়ে তিন টাকা।

আগষ্ঠ, ১৯৪২ বাংলা সাহিত্যের অক্সভম শ্বরণীয় অবৃহৎ উপতাস। 'If the call given by the Congress in Bombay in August 1942 had electrified the nation, the movement or the peoples rebellion in which the reaction took shape had find the imagination of the artists. This is one of those things of beauty which inspired imagination and has since created for the entertainment and upliftment of men. Monoj Bose has cought the spirit of the August rebellion and have also added to it something of his own'—

যুগাতির ব্দরাদ্ধ অপরণ পরিবেশ। ছেলে-মেয়েদের ছাতে তুলে দেবার সর্বাংশে উপযোগী। তুই টাকা।

মানোজ বসুর ব্যাসং। বাছাই-করা গল্পের সংকলন। একথানি বইয়ের ভিতর দিয়েই মনোজ বস্থব স্কৃতির সমগ্র কথা, ছবি এবং অধ্যাপক জগদীশ ভট্টাচার্ফের রসসমৃদ্ধ ভূমিকা বইটিকে অন্যুসাধারণ মর্যাদা দিয়েছে। পাঁচ টাকা।

ব্যু সং। 'ছোট গল্প বলিতে যাহা বোঝান্ত, এগুলি ঠিক তাহাই। ছোট এবং গল্প ছুইই। প্লটের চমৎকার বিশ্বয়, রস চরম ঘনীভূত। দীপ্তে হীরকের—খাতোতের মিটিমিটি নহে। ছোট গল্পের ক্ষেত্রে এত ছোট করিয়া গল্প জ্বমাইবার এই বিশ্বয়কর কুশলতার প্রতিঘন্দী-সংখ্যা বাংলাদেশে সীমাবদ্ধ। গল্পকেথক মনোজ বস্থকে ব্ঝিতে হুইলে এ বইধানি শ্বশ্রপাঠ্য'—মুগাস্তর। ছুই টাকা।

ত্ব নিশার শেবে বর্ম । 'বর্তমান গল্পংগ্রছে মনোজ বস্তুর আধুনিক দৃষ্টির চরম বিকাশ পরিলক্ষিত হইল'—শনিবারের চিঠি। 'Will be gratefully remembered as herbinger of a new intellectual order'—অমৃত্বাজার। হই টাকা।

ইয় সং। 'যে কয়েকটি গল্প আছে তাহার অধিকাংশই মর্মান্তিক বিশ্ব ক্ষােজিক। মান্ত্রের জীবনের বৃহত্তর ট্রাজেডি যাহা সদরে ঘটিয়া থাকে তাহা আমাদের মনে বেদনা জাগায়, কিন্তু ছোটথাটো ট্রাজেডি যাহা একটি অখ্যাত মান্ত্র্যকে বা তাহার পরিবারকে কেন্দ্র করিয়া লোক-চক্ষুর অন্তরালে ঘটে, তাহার রূপ আমাদিগকে অভিভূত করে। উলু এই রকম অভিভূত-করা ট্রাজেডি গল্প। মনোজবাব্র গল্পের সঙ্গে বাহাদের পরিচয় আছে, তাঁহাদের কাছে বইখানি অবশ্যই অভ্যর্থনা পাইবে'—
যুগান্তর। তুই টাকা চারি আনা।

পড়তে পড়তে মনে হয় কে যেন সামনে বসে অনর্গ শুকীয় বৈশিষ্ট্য পড়তে পড়তে মনে হয় কে যেন সামনে বসে অনর্গল কথা বলে যাছে, বড় মিষ্টি। ওন্তাদ বাজিয়ে অনেকে হতে পারেন, কিন্তু 'হাত মিষ্টি' স্বার ভাগ্যে হয় না। লিখতে অনেকে পারেন, কিন্তু মনোজবাব্র মত এমন সহজে মনকে ছোঁবার ক্ষমতা কম লেখকের আছে'—দেশ। তুই টাকা।

দেবী কিলোরী ২য় সং বেরিয়েছে। নানা গোলঘোগে এই বিখ্যাত গ্রহগ্রহ দশ বৎসরাধিক কাল ছাপা

মনেজ বস্থ—তাঁহার 'মাণ্র' নামক বড় গলটিতে এই বাল্য-প্রথারের যে চিত্র অন্ধিত করিয়াছেন, তাহা যেমন বাস্তব অন্থায়ী তেমনই কাব্য-রসে সম্জ্ঞল। বিষমচন্দ্রের রোমান্টিক ট্র্যান্তেডী এখানে বাস্তব জীবনেই সেই বৈষ্ণব ভাব-সন্মেলনের অপরাপ কমেডিতে পরিণত হইয়াছে। সে যেমন মধুর, তেমনই নির্মাণ। কোন ভয় নাইই অকল্যাণের অভিশাপ নাই। তেমলই বিলিয়া রাখিতে চাই যে এ গ্রন্থের ও তুইটি গল্প যিনি লিখিয়াছেন, তিনি আর যাহাই লিখুন কেবল ও তুইটির জন্ম (আরেকটির নাম 'নরবাধ') বাংলার শ্রেষ্ঠ কথাশিল্পীদের চন্ধরে স্থায়ী আসন লাভ করিবেন তাহাতে সন্দেহ নাই। সে আসন অভি অন্ধ করেক জন দাবী করিতে পারেন'—মোহিতলালে মজুমদোর, বস্তদেশন্ন। তুই টাকা।

পৃথিবী কাদের ওষ সং। নবযুগের বলিষ্ঠতম গল। 'It is of the Province'—অমৃতবাজার। দেড় টাকা।

বনমর্ম রর্থ সং। 'যে retrospect, চিন্তার গভীরতা এবং মনের বনমর্ম রেদনা বোধ থাকিলে লেখা চিরস্তনের পর্যায়ে গিয়া পৌছার, তাহা মনোজ বস্তুর আছে,— পরিচয়। 'পাড়াগায়ের নদী-মাঠ-বনের ছবি প্রবাসী বাঙালীকে homesick করে তুলবে'—প্রবাসী। 'সরল অকৃত্রিম অনাড়ম্বর জীবনের অভি-সাধারণ জীবন-ধাত্রার অভি তৃচ্ছ ঘটনাবলী ও অভি সামান্ত অমুভূতিগুলি অনির্বচনীয় সৌন্দর্যে রূপাস্তরিত হয়ে উঠেছে—বিচিত্রা। আড়াই টাকা।

প্রাবিন ৪র্থ সং। নাট্যভারতীতে অভিনীত। 'নাটকের সংবেদনশীলতা ও নিপি-চাতুর্ঘ রসপিপাস্থদের মনে গভীর রেথাপাত করিয়াছে' —শুপাশুরা। দেড় টাকা।

বাথিবরান 'নৃতন প্রভাত'-শ্রষ্টার অগ্নি-ক্ষরা নবীন নাট্যকৃষ্টি। বিদেশী শাসকের স্বৈরশাসনের বিরুদ্ধে ত্র্বার জাতীর প্রতিরোধের কণ্ঠকৃদ্ধ করিবার জন্ম দেশীয় তাঁবেদারদের গহায়ভায় শাসক-গোষ্টির বর্বর অত্যাচার এবং জাতির সস্কানদের নিঃশব্দ তুঃথবরণ ও মম তৈরা আত্মানরের কাহিনীকেই মৃণত উপজীব্য করিয়া এই নাটকখানি গড়িয়া উঠিয়াছে। আন্দোলনের গতিপথে উদয়াচলে নব স্থাোদয়ের যুগান্তকারী ঘটনাকেও এই নাটকে স্থকোশলে সন্নিবেশিত করা হইয়াছে। পরিবতিত অবস্থায় প্রাক্তন পদলেহীদের ভোল-পরিবতনের উপভোগ্য চিত্রটির অপরূপ বিভাস নাটকখানিকে আরম্ভ আকর্ষণীয় করিয়া তুলিয়াছে। সময়ের ব্যবধানে তুইথানি নাটককে একই নাটকে গ্রথিত করিবার যোগ্যতা অনন্ধীকার্য। কুমৃদ, স্থশীল, আজিজ, উমা, প্রিয়নাথ, ভবদেব, যজেশ্বর, টমসন প্রমৃথ চেনা-মৃথগুলি তাজা ফুলের হাসির মতই চোথের উপর ভাসিতে থাকে।'—স্থুপাক্তরা। দেও টাকা।

বিপর্যম রঙমহলে অভিনীত। 'কোন নাটকের প্রথম পর্যায়ে উন্নীত হইবার জন্ত যে গুণ থাকা দরকার, আলোচ্য নাটকে তাহাব সব কিছুই আছে। নানা ঘাতপ্রতিঘাতে নাটকের গতি হইয়াছে ক্রভতর। ডায়ালোগ জোরালো ও স্বচ্ছন্দ-গতি। বিষয়বিন্তাসে বৈচিত্র্য আছে'—
আননন্দবাজার'। তুই টাকা।

ন্তন প্রভাত ৪র্থ সং। 'এই প্রকার সমস্তা লইয়া ও এই ভাবের সন্তাদিদৃক্ষা ও সাহসের সঙ্গে লেখা নাটক বাংলায় পড়ি নাই'—স্থানীতি চড়োপাখ্যায়। 'মনোল্প বারু বে নৃহনত্ত করেছেন, তা গতাহগতিক নাটকীয় প্রথা নয়'—অহীক্রে চেনিধুরী। 'এই ধরণের নাটকেরই আমরা কতকাল ধরে প্রত্যাশা করছি' নেরেন্স মিত্র। 'আপনাকে ধল্পবাদ না দিয়া পারি না—সমগ্র দেশবাসার পক্ষ হইতে'—নির্মানেন্দু লাহিড়ী। দেড় টাড়া।